



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-86 ■ 1 January, 2025 ■ আগরতলা ১ জানুয়ারি, ২০২৫ ইং ■ ১৬ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা





# বিদায় ২০২৪, স্বাগত ২০২৫



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** নুতন ইংরেজি বছর ২০২৫ "কে স্বাগত জানাতে প্রস্তুত গোটা রাজ্য। একই সাথে বছরের শেষ দিনটি ছুটির আমেজের মধ্য দিয়ে উদযাপন শুরু হয়েছে রাজ্যের বিভিন্ন প্রান্তে। আজ সকাল থেকেই রাজ্যের প্রধান পর্যটন কেন্দ্রগুলিতে বর্ষ বিদায় ও নতুন বছরকে স্বাগত জানানোর নানা আয়োজন সবচে বেশি লক্ষ্য করা গেছে। শীতের পরশ গায়ে মেখে সিপাহীজলা জেলার পর্যটন কেন্দ্র গুলিতে পিকনিকের আনন্দ উপভোগ করেছেন বহু মানুষ।

আজ ২০২৪ ইংরেজি বছরের শেষ দিন। বছরভর সমস্ত গ্লানি ,জীবনের জরাজীর্ণতা ,অপূর্ণতা ভুলে পুরাতনকে বিদায় ও নতুন ইংরেজি বছরকে স্বাগত জানানোর উৎসবের আনন্দ, উদযাপনে মেতেছেন বহু মানুষ। স্বাভাবিক ভাবেই প্রতি বছরের মতো আবারো এ উপলক্ষে সিপাহীজলা জেলার মেলাঘরের নীরমহল ,সিপাহীজলা চিড়িয়াখানা ও কসবেশ্বরী কালী মন্দির প্রাঙ্গনে এসেছেন বহু মানুষ।স্থানীয় ও বহিঃরাজ্যের পর্যটকদের সংখ্যাও ছিল প্রচুর। শীতের স্নিগ্ধতা, অতিথি পাখিদের কলতান, প্রকৃতির মনোরম দৃশ্য উপভোগ করতে করতে বহু মানুষ পরিদর্শন করেছেন নীরমহল ও সিপাহীজলা অভয়ারণ্য। তাদের মধ্যে যেমন ছিলেন রাজ্যের পর্যটকরা ,তেমনি বহিঃরাজ্যের পর্যটকদের পদচারণায় উদ্ভাসিত হয়েছে পর্যটন কেন্দ্র গুলি। বেঙ্গালুরু থেকে আসা ওম শান্তি নামে এক পর্যটক জানিয়েছেন প্রথমবারের মতো ত্রিপুরায় এসে তিনি ☛ ৬ এর পাতায় দেখুন

## ইরেজি নববর্ষ

## রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** ইংরেজী নববর্ষ ২০২৫ উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, 'সারা বিশ্বে ১ জানুয়ারিকে নববর্ষ হিসেবে উদযাপন করা হয়। এই দিনটি বিশ্বের সর্বত্র লক্ষ লক্ষ মানুষের জীবনে আনন্দ নিয়ে আসে। কেননা, এই দিনটি মানুষের জীবনে নতুন লক্ষ্য পূরণে অনুপ্রেরণা যোগায়, মানুষকে একে অপরের কাছে নিয়ে আসে ও পরম্পরার প্রতীক হিসেবে উদযাপিত হয়ে থাকে। নব সূচনার ভাবনা মানুষকে উন্নততর ভবিষ্যতের জন্য নতুন উদ্যমে কাজ করতে প্রেরণা যোগায়।' শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল আশা প্রকাশ করেছেন এই দিন রাজ্যবাসীর জীবনে আনন্দ, খুশি, শান্তি, সমৃদ্ধি, সৌভ্রাতত্ব ও বন্ধত্বপূর্ণ পরিবেশ বয়ে আনবে।

এদিকে, ইংরেজী নববর্ষ-২০২৫ উপলক্ষ্যে মুখ্যমী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন ☛ ৬ এর পাতায় দেখুন

# জেলা সম্মেলনে গিয়ে ধর্মনগরে জনরোষের মুখে পড়লেন মানিক সরকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** ধর্মনগরে সিপিআই(এম)-এর চতুর্থ জেলা সম্মেলনে গিয়ে জনরোষের মুখে পড়লেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা পলিটব্যুরো সদস্য মানিক সরকার। এদিন মানিক সরকারকে দেখে তীব্র ক্ষোভ প্রকাশ করলেন জনতারা। তাঁদের দাবি, অতিসত্বর রোজভ্যালির টাকা ফেরত দিতে হবে।

প্রসঙ্গত, আজ পূর্ব নিধারিত সূচি অনুযায়ী ধর্মনগরের বিবেকানন্দ শার্ধ শতবার্ষিকী ভবনে সিপিআইএমের উত্তর জেলার চতুর্থ জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। তার আগে পার্টির দলীয় পতাকা উত্তোলন করেন দলের সদস্য অঘোর দেববর্মা। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা পলিটব্যুরো সদস্য মানিক সরকার, সদস্য অঘোর দেববর্মা, পবিত্র কর সহ অন্যানারা। তখনই ধর্মনগর শহরে সকল মহিলারা এক বিক্ষোভ মিছিল সংঘটিত করে। এটি ধর্মনগর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে বিবেকানন্দ শার্ধ শতবার্ষিকী ভবনের সামনে এসে জড়ো হয়। এদিন "আমরা গরিব! রোজভ্যালির টাকা ফেরত চাই" এই স্লোগানকে সামনে রেখে বিক্ষোভে সামিল হয়েছেন তাঁরা।

উল্লেখ্য, ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম সহ দেশের বিভিন্ন রাজ্যে রোজভ্যালী বিরাট সাম্রাজ্য গড়ে তুলেছিল। বিভিন্ন সময়ে মনমুগ্দকর লোভনীয় প্রকল্প সামনে এনে ত্রিপুরার লক্ষ লক্ষ মানুষের আমানত সংগ্রহ করে রাজ্য থেকে পালিয়ে যায় রোজভ্যালী। জনগণের কষ্টার্জিত আমানত ফেরত পাওয়ার জন্য আমানতকারীরা হন্যে হয়ে ছুটেছেন। প্রশাসনের দুয়ারে গিয়েছে। তৎকালীন বামফ্রন্ট সরকারের এক মহিলা মন্ত্রীকেও সিবিআই তদন্তে জেরার মুখে পড়তে হয়েছিল। সমালোচনায় বিদ্দ হয়েছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার থেকে শুরু করে সিপিএমের অনেক নেতাকেই। সেই ক্ষতির ধাক্কা এখনও রাজ্যের আমানতকারীরা কাটিয়ে উঠতে পারছে না।

আজ এই ঘটনাকে কেন্দ্র করে ধর্মনগরে মানিক সরকার এসেছে শুনে সকল মহিলারা বিবেকানন্দ শার্ধ শতবার্ষিকী ভবনের সামনে বিক্ষোভ দেখিয়েছেন। গেটে পুলিশের ব্যারিগেড থাকায় তারা ভেতরে প্রবেশ করতে পারেনি। তাই বিবেকানন্দ সার্ধ শতবর্ষিকী ভবনের সামনে মহিলারা বিক্ষোভ দেখাতে থাকে। তাঁদের দাবি, রোজভ্যালীর সমস্ত টাকা ফেরত চাই।

# চিকিৎসক বদলির প্রতিবাদে রাস্তা অবরোধ এলাকাবাসীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** অম্পি সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে নেই পর্য্যাপ্ত চিকিৎসক। তার মধ্যে স্বাস্থ্য পরিষেবার মান তল্লানীতে গিয়ে ঠেকেছে। এরই মধ্যে একজন চিকিৎসক অন্যত্র বদলি করা হয়েছে। এরই প্রতিবাদে আজ সাতসকালে পথ অবরোধে সামিল হয়েছেন এলাকাবাসী। অবরোধের জেরে যানচলাচল স্তব্ধ হয়ে পড়ে। তাতে, যাত্রীরা চরম দূর্ভোগের শিকার হয়েছেন। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে বিশাল পুলিশ বাহিনী।

এলাকাবাসীদের অভিযোগ, অম্পি সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা পরিষেবার বেহাল দশা। ওই স্বাস্থ্য কেন্দ্রে একজন চিকিৎসক রয়েছে। তাকেও অন্যত্র স্বাস্থ্য কেন্দ্রে ডেপুটেশনে পাঠানো হয়েছে। এর ফলে এলাকাবাসীরা স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে না। স্থানীয়দের দাবি, স্বাস্থ্যকেন্দ্রটি এমনিতেই বিভিন্ন সমস্যায় জর্জরিত। তার মধ্যে স্বাস্থ্য কেন্দ্রে একজন চিকিৎসককে বদলি করে দেওয়া হচ্ছে অন্যত্র। এর ফলে গ্রামের মানুষ বিপাকে পড়বেন বলে জানিয়েছেন তারা। গ্রামের যেকোনো বাসিন্দা অসুস্থ হলে এই স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসা হয় প্রাথমিক চিকিৎসার জন্য। এখানে ☛ ৬ এর পাতায় দেখুন

## আক্রান্ত ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** সরকারি কাজ দেখভাল করতে গিয়ে জনতার আক্রমণে গুরুতর আহত হয়েছে এক ইঞ্জিনিয়ার। ওই ঘটনায় উত্তর জেলার যুবরাজনগর পঞ্চায়েতের ৪ নং ওয়ার্ড এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

ঘটনার বিবরনে জানা গিয়েছে, দীর্ঘদিন থেকেই যুবরাজনগর পঞ্চায়েত চার নং ওয়ার্ডের একটি সেতু সংস্কারের দাবি ছিল এলাকাবাসীর। এরই মধ্যে গত পরশু দিন স্থানীয় এক যুবক ওই ব্রিজটি পার করার সময় দুর্ঘটনার কবলে পড়ে। এতে স্থানীয়দের ক্ষোভ আরও বেড়ে যায়। তারই মধ্যে আজ যুবরাজনগর ব্লকের বিডিও সহ ইঞ্জিনিয়ার অভি পাল ব্রিজটি পরিদর্শনে গিয়েছিলেন। কিছু সময় পরেই উত্তপ্ত জনতা বিডিও সহ ইঞ্জিনিয়ারকে ঘেরাও ☛ ৬ এর পাতায় দেখুন

# পানীয় জলের সংকট, মন্ত্রী শুনলেন জনতার 'গো ব্যাক' শ্লোগান



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** সুশাসনের আমলেও দীর্ঘদিন ধরে তীব্র পানীয় জলের সংকটে ভুগছেন জম্পুই পাহাড়ের জনগণ। প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে আজ পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করেন তারা। মন্ত্রী সান্তনা চাকমাকে উদ্দেশ্য করে 'গো ব্যাক' স্লোগান দিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন গিরিবাসী।

প্রসঙ্গত, রাজ্যের প্রত্যন্ত অঞ্চলগুলোতে পানীয় জলের তীব্র সংকট দেখা যাচ্ছে। কিন্তু এর পরিপ্রেক্ষিতে সঠিক ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এই কারণেই কিছু দিন পর পর পথ অবরোধ ও বিক্ষোভ প্রদর্শন করে গিরিবাদী। এমনই একটি ঘটনা আজ জম্পুই পাহাড়ে ঘটেছে। দীর্ঘদিন ধরে পানীয় জল নেই, প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে অবশেষে বাধ্য হয়ে পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে জম্পুই পাহাড়ের জনগণ। আজকের এই অবরোধে বিক্ষোভকারীরা মন্ত্রী সান্তনা চাকমার বিরুদ্ধে প্রতিবাদ করেন।

## জখম হাতির মৃত্যু



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** দ্রুতগামী ট্রেনের ধাক্কায় গুরুতর জখম হওয়া পুরুষ হাতির মৃত্যু হয়েছে। গতকাল রাত নয়টা নাগাদ ৩৫ বছর বয়সী ওই বন্যহাতিটির মৃত্যু হয়েছে। খোয়াই জেলার তেলিয়ামুড়া মহকুমার একটি জঙ্গলে তার প্রাথমিক চিকিৎসা চলছিল। চিকিৎসকদের সর্বাত্মক প্রচেষ্টার পরও ওই হাতিটিকে বাঁচানো সম্ভব হয়নি বলে জানান বন্য দপ্তরের এক ☛ ৬ এর পাতায় দেখুন

## তীব্র কর্মী সংকটে ধুকছে জিআরপি থানা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** তীব্র কর্মী সংকটে ধুকছে বিশালগড় জিআরপি থানা। মোট চার জন পুলিশ কর্মী দিয়ে চলছে থানা। এমতাবস্থায় নেশা মুক্ত ত্রিপুরা গড়ার কঠোর পদক্ষেপ গ্রহণ করলেও একাংশ দপ্তর এখনো ফাঁকা, নেই কর্মী।

এবিষয়ে জিআরপি থানার ওসি সুবোধ দেব্বমা বলেন, বিশালগড় রেল স্টেশনের জিআরপি ☛ ৬ এর পাতায় দেখুন

## চিফ ইনফরমেশন কমিশনারের শপথ



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** রাজভবনে আজ এক অনারম্বড় অনুষ্ঠানে বিনয়শঙ্কর মিশ্র ত্রিপুরা ইনফরমেশন কমিশনের চিফ ইনফরমেশন কমিশনার হিসেবে শপথ নিয়েছেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে তাঁকে শপথবাক্য পাঠ করান। শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, সাধারণ প্রশাসন (পিএ) এর বিশেষ সচিব এ কে ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

# পৌষ পার্বণকে সামনে রেখে সেজে উঠছে আলপনা গ্রাম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** সংস্কার ভারতের উদ্যোগে আলপনা গ্রামকে পুনরায় সাজিয়ে তোলা হচ্ছে। পৌষ সংক্রান্তি উপলক্ষে বসবে দুদিনের মেলা। তার আগে চলছে প্রস্তুতি। রাজধানী আগরতলা শহর সংলগ্ন এলাকাতেই অবস্থিত আলপনা গ্রাম। এটি আগরতলা পুর নিগমের অন্তর্ভুক্ত।

আলপনা গ্রামের অন্যতম ঐতিহ্য হলো পিঠাপুলির উৎসব উপলক্ষে ওই গ্রামের মা-বোনেরা আলপনা একে সারা গ্রামকে সাজিয়ে তুলেন। এই ঐতিহ্য ধরে রাখতে এবছরও চেষ্টার কোনো ত্রুটি নেই।



ইতিমধ্যেই শুরু হয়ে গেছে আলপনা গ্রামকে নতুন সাজে সাজিয়ে তোলার কাজ। পৌষ সংক্রান্তি উপলক্ষে এখানে বসবে দু''দিনব্যাপী মেলা।

সরকারি উদ্যোগেই এ মেলার আয়োজন করা হয়ে থাকে। গ্রামীন পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তি উপলক্ষে এই মেলায় আগরতলা শহরসহ রাজ্যের বিভিন্ন স্থান থেকে মানুষজন হাজির হন আলপনা গ্রামে। দুদিনব্যাপী এখানে পিঠাপুলির সমাহার নিয়ে উপস্থিত হন মা-বোনেরা। থাকে অন্যান্য রকমারি খাবারও।




জাগরণ আগরতলা, ১ জানুয়ারি, ২০২৫ ইং
১৬ পৌষ বুধবার ১৪৩১ বঙ্গাব্দ

## নতুন বছর হউক সুখ সম্বৃদ্ধির বার্তাবহ

ইংরেজি নববর্ষ বছরের শুরু একটি নতুন সূচনা। নতুন আশা আর উৎসবের সময়। বিশ্বের অনেক দেশেই এই দিনটি বড় ধুমধাম করিয়া পালন করা হয়। কেন ১ জানুয়ারি? অনেকেরই মনে প্রশ্ন জাগে, কেনই বা ১ জানুয়ারিকে নববর্ষ হিসেবে পালন করা হয়? এর পিছনে রহিয়াছে একটি দীর্ঘ ইতিহাস। প্রাচীন রোমানরা প্রথম ১ জানুয়ারিকে নতুন বছর হিসেবে পালন করিতে শুরু করে। বিশ্বের বিভিন্ন দেশে নববর্ষ উদযাপনের রীতি অনেকটা ভিন্ন

হইলেও, মূলত এটি একটি উৎসবের দিন। অনেকে পুরনো বছরের বিদায় জানাইয়া নতুন বছরকে বরণ করিয়া নেয়। অনেকে আবার এই দিনটি পরিবার-বন্ধুদের সাথে সময় কাটায়। নববর্ষের রাতে অনেক দেশে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফায়ারওয়ার্কস, পার্টি, সঙ্গীতানুষ্ঠান ইত্যাদি এই রাতের সাধারণ দৃশ্য।নতুন বছরের সাথে অনেক প্রতীক জড়াইয়ায়ে আছে। যেমন, ঘড়ির কাঁটা ১২ টা বাজার সাথে নতুন বছরের আগমন, ফায়ারওয়ার্কস দিয়ে আকাশ আলোকিত করা, বেল বাজানো ইত্যাদি। অনেকে নতুন বছরের শুরুতে নতুন কিছু করার সঙ্কল্প নেয়। যেমন, ভালো অভ্যাস গড়িয়া তোলা, কোনো নতুন জিনিস শেখা ইত্যাদি।

নতুন বছর শুধু একটি তারিখ নয়, এটি একটি নতুন সূচনা।

নতুন বছর নিয়া আসে একরাশ নতুনের সম্ভাবনা। পুরাতন আর নতুনের মাঝে এই আমরা থাকি বেশ, সুখ দুঃখ সবটা নিয়া। এই সময়ের শহরটাই অন্য রকম, সোয়েটার, কেক, পিকনিক, চারিদিকে সুন্দর সব আলো, রঙ্গিন সাজ সজ্জা আর পয়লা জানুয়ারির জন্য অধীর অপেক্ষা। বড়দিনের প্রস্তুতি দিয়া শুরু হয় ,আর উৎসব চলিতে থাকে বেশ কিছু দিন।১ জানুয়ারি, এটি শুধুমাত্র একটি দিন নয়, বহু মানুষের কাছে এটি নতুন কিছু স্বপ্ন পূরণের আশা। নতুন বছরে পুরনো সব কষ্ট পিছনে ফেলিয়া আরও একবার বাঁচিবার স্বপ্ন দেখেন বহু মানুষ। বাঙালির নববর্ষ এপ্রিল মাসে হইলেও জানুয়ারি মাসে একটি গোটা বছর শুরু হয় বলিয়া এই নিউ ইয়ার দিনটি সকলের কাছেই ভীষণ স্পেশাল হইয়া যায়। নিউ ইয়ার উপলক্ষে তাই প্রিয় মানুষগুলিকে দিন একগুচ্ছ ভালোবাসা।প্রতিটি বছরই আমাদের জীবনে নতুন সম্ভাবনা, অর্জন এবং চ্যালেঞ্জ নিয়া আসে। ২০২৪ সাল আমাদের জীবনের একটি অধ্যায় হিসেবে স্মরণীয় হইয়া থাকিবে। এই বছরে আমরা অনেক সাফল্য, কিছু ব্যর্থতা এবং অসংখ্য অভিজ্ঞতা অর্জন করিয়াছি। তবে সময়ের নিয়মে একটি বছর শেষ

হইয়া আসে, আর নতুন বছরের শুরু আমাদের সামনে একটি নতুন সুযোগের দ্বার উন্মোচিত করে।

২০২৪ সালের বিদায় আমাদের জন্য কেবল একটি ক্যালেন্ডারের পাতা উল্টানোর বিষয় নয়, বরং এটি অতীতের ভুল থেকে শিক্ষা নেওয়ার এবং ভবিষ্যতের জন্য নতুন লক্ষ্য নির্ধারণ করিবার সময়। এই সময়ে আমরা নিজেদের মধ্যে আত্মসমালোচনা করিতে পারি, কী ভুল করিয়াছি এবং কীভাবে তাহা সংশোধন করা যায়, সেই পরিকল্পনা করিতে পারি।

ইংরেজি নববর্ষ ২০২৫ উদযাপন বিশ্বের প্রতিটি কোণে এক নতুন উদ্দীপনা নিয়া আসে। মানুষ তাহাদের প্রিয়জনদের সাথে সময় কাটায়, ভালো খাবার, নতুন পোশাক এবং আলোকসজ্জায় নতুন বছরকে বরণ করিয়া নেয়। এই সময়ে অনেকে নতুন সংকল্প গ্রহণ করে, যাহা তাহাদের ব্যক্তিগত এবং পেশাগত জীবনে ইতিবাচক পরিবর্তন আনিবার জন্য সহায়ক হইতে পারে।২০২৫ সাল আমাদের জন্য কী বইয়ে আনিবে, তাহা এখনই বলা সম্ভব নয়। তবে আমরা এই আশা করিতে পারি যে, এটি আমাদের জীবনে সুখ, শান্তি এবং সমৃদ্ধি আনিবে। প্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য এবং পরিবেশের ক্ষেত্রে নতুন নতুন অগ্রগতি আমাদের জীবনকে আরও সহজ এবং সুন্দর করিয়া তুলিতে পারে।

২০২৪ সালকে বিদায় জানাইয়া এবং ২০২৫ সালকে স্বাগত জানাইয়া আমরা নতুন স্বপ্ন এবং সম্ভাবনার পথে এগিয়ে যাইব। আমাদের জীবনে প্রতিটি দিন যেন নতুন একটি অধ্যায় হিসাবে শুরু হয় এবং আমাদের প্রতিটি কাজ যেন মানবতার মঙ্গল সাধনে নিয়োজিত থাকে।নতুন বছরের শুরুতে আমাদের সকলেরই প্রতিজ্ঞা করা উচিত যে, আমরা পরস্পরের প্রতি আরও সহানুভূতিশীল হইব এবং পৃথিবীকে একটি ভালো জায়গা হিসাবে গড়িয়া তুলিব।

## সুমিত্রা কর তরুণ লেখক সম্মান পাচ্ছেন সৌরভ চক্রবর্তী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩১ ডিসেম্বর।।** ২০২৫ সালের সুমিত্রা কর তরুণ লেখক সম্মান পাচ্ছেন ঔপন্যাসিক ও গল্পকার সৌরভ চক্রবর্তী। প্রথামাফিক নতুন বছরের প্রথম দিনে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করলো ত্রিপুরার অগ্রণী প্রকাশনা সংস্থা নীহারিকা।

সৌরভ চক্রবর্তী আগরতলার উমাকান্ত একাডেমীর ছাত্র। ২০০২ সালে একাডেমীর দেওয়াল পত্রিকা দিয়ে তার সাহিত্যচর্চার সূচনা। পরবর্তীকালে ঐতিহ্যবাহী একাডেমী ম্যাগাজিনের সহ-সম্পাদক হিসেবে সম্পাদনায় প্রবেশ। গ্রুপ থিয়েটার করেছেন এক সময়। সেই সময়েই বিখ্যাত "ব্ল্যাকবোর্ড" পত্রিকার সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। ত্রিপুরায় টানা সাত বছরের অধিক নানান পত্রপত্রিকায় লেখালেখির পর পশ্চিমবঙ্গে তাঁর প্রথম গল্প প্রকাশিত হয় "কিশোর ভারতী" পত্রিকায়। বিগত দেড় দশকে লিখেছেন বাংলা সাহিত্যের সমস্ত নামজাদা কাগজে। ত্রিপুরার বিখ্যাত সমস্ত সংবাদপত্রে লিখেছেন অজস্র গল্প এবং কলাম। সৌরভ চক্রবর্তীর এ পর্যন্ত প্রকাশিত গ্রন্থগুলো হল ১. গল্পের ছদ্মবেশ, ২. চন্দ্রহাস, ৩. দেবী রাক্ষস, ৪. উদ্ভব লিঙ্গ, ৫. চন্দ্রহাস ২, ৬. পাপ, ৭. মৃতকৈটভ , ৮. কলকাতা কসাইখানা, ৯. মৃতকৈটভ ২০২৫ সালে কলকাতা আন্তর্জাতিক বইমেলায় চন্দ্রহাস ৩ এবং মৃতকৈটভ ৩ উপন্যাস দুটো প্রকাশিত হবে।

উল্লেখ্য, ২০১৯ খ্রিস্টাব্দ থেকে নীহারিকা পাবলিশার্স এবং সুমিত্রা কর তরুণ লেখক সম্মাননা প্রদান পর্ষদ যৌথ উদ্যোগে ত্রিপুরায় জন্ম, অনূর্ধ্ব ৪০ বছর বয়সী একজন সম্ভাবনাময় কবি, লেখক অথবা গবেষককে এই সম্মাননা প্রদান করে আসছে। এর আগে এই সম্মান পেয়েছেন চিরশ্রী দেবনাথ (২০১৯), জ্যোতির্ময় দাস (২০২০), অভিজিৎ চক্রবর্তী (২০২১), পায়েল দেব (২০২২), লিঙ্কন মুড়াসিং (২০২৩) এবং সেবিকা ধর (২০২৪)।

# ফিরে দেখা ২০২৪: হাসিনার পতন থেকে ট্রাম্পের প্রত্যাবর্তন, দুনিয়া কাঁপাল যে ঘটনাগুলো

***বছরভর বিশ্বজুড়ে ঘটনার ঘনঘটা***

***১. জাপানে ভূমিকম্প***- ১ জানুয়ারি, ২০২৪। বিভিন্ন দেশ যখন বর্ষবরণের আনন্দে মেতে ওঠে সেসময়ই প্রকৃতির রুদ্ররোষে পড়ে জাপান। বছরের প্রথম দিনেই ৭.৬ মাত্রার তীব্র ভূমিকম্পে কেঁপে ওঠে উদীয়মান সূর্য্যের দেশ। আঘাত হানে সুনামিও। প্রাকৃতিক বিপর্যয় প্রাণ হারান শতাধিক মানুষ। ক্ষয়ক্ষতির পরিমাণও বিস্তর।

***২. ভারত-মালদ্বীপ সংঘাত***- ৪ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির লাক্ষদ্বীপ সফরের পরেই মালদ্বীপ-ভারত সংঘাত তুঙ্গে ওঠে। মোদিকে নিয়ে নানা বিতর্কিত মন্তব্য করেন দ্বীপরাষ্ট্রটির প্রেসিডেন্ট মহম্মদ মুইজ্জুর দলের একাধিক নেতা। এমনকী ভারতের সমুদ্র সৈকতগুলো নোংরা, দুর্গন্ধযুক্ত বলেও কটাক্ষ করেন সেদেশের কয়েকজন নেতা। তারপরই নিন্দার ঝড় ওঠে। গোটা ভারত জুড়ে শুরু হয় 'বয়কট মালদ্বীপ'।

***৩. ফের বাংলদেশের মসনদে শেখ হাসিনা***- ৭ জানুয়ারি বাংলাদেশে অনুষ্ঠিত হয় দ্বাদশ জাতীয় নির্বাচন। তৎকালীন শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে নির্বাচন ভোট বয়কট করে প্রধান বিরোধী দল বিএনপি। মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তোলে আমেরিকা। কিন্তু সমস্ত কিছু নস্যাৎ করে বিপুল জনসমর্থন পান হাসিনা। নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে ফের সরকার গড়ে তাঁর দল আওয়ামি লিগ। ১০ জানুয়ারি টানা চতুর্থবার বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেন মুজিবকন্যা।

***৪. তাইওয়ানে প্রেসিডেন্ট নির্বাচন***- ১৩ জানুয়ারি তাইওয়ানের নতুন প্রেসিডেন্ট হন লাই চিং তে ওরফে উইলিয়াম লাই। নিঃসন্দেহে এই জয়ে অস্বস্তি বাড়ে চিনের। বরাবরই অভিযোগ ছিল, এই নির্বাচনে কলকাঠি নাড়ছে বেজিং। তাইপেইতে নিজের পছন্দের প্রেসিডেন্ট চাইছিল কমিউনিস্ট দেশটি। আর সেই কারণেই লাইকে 'বিপজ্জনক বিচ্ছিন্নতাবাদী' বলে প্রচার চালিয়েছিল। কিন্তু শেষপর্যন্ত শেষ হাসি হাসেন শাসক ডেমোক্রেটিক প্রগ্রেসিভ পার্টির নেতাই। এর আগে তিনিই ছিলেন তাইওয়ানের ভাইস প্রেসিডেন্ট।

***৫. ব্রিটেনের রাজার মারণ রোগ***- ৬ ফেব্রুয়ারি আচমকাই জানা যায়, মারণ ব্যাধি ক্যানসারে ভুগছেন ব্রিটেনের রাজা তৃতীয় চার্লস। বিবৃতি জারি করে এই খবর জানায় বাকিংহাম প্যালেস। প্রাথমিকভাবে মনে করা হচ্ছিল, প্রস্টেট ক্যানসারে আক্রান্ত চার্লস। কিন্তু ব্রিটিশ রাজপরিবারের তরফে বিবৃতিতে জানানো হয়, রাজার শরীরে ক্যানসারের বাসা বাঁধার ঘটনাটি 'পৃথক সমস্যা'। তবে কোন ধরনের ক্যানসারে আক্রান্ত তৃতীয় চার্লস, সে বিষয়ে কিছু বলা হয়নি বিবৃতিতে।

***৬. পাকিস্তানে নির্বাচন***- লাগাতার নাশকতার মধ্যেই ৮ ফেব্রুয়ারি পাকিস্তানে অনুষ্ঠিত হয় জাতীয় নির্বাচন। জেলে বসেই আমজনতার জন্য বিশেষ বার্তা দেন প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান। ভোটের ফল গণনার পর দেখা যায় দ্বিতীয় স্থানে রয়েছে, শাহবাজ শরিফের দল পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজ (পিএমএল-এন)। সবচেয়ে বেশি আসনে জয় পান ইমরানের দল পিটিআই সমর্থিত নির্দলরা। কিন্তু নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা না থাকার কারণে তারা সরকার গঠন করতে পারেননি। ফলে পাকিস্তানের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেন শাহবাজ শরিফ।

***৭. ইউক্রেন যুদ্ধের দুবছর:*** ফেব্রুয়ারি ২৪, ২০২২। ইউক্রেনে 'বিশেষ সামরিক অভিযান' শুরু করে রাশিয়া। সীমান্ত পেরিয়ে বাঁধভাঙা জলের মতো ঢুকে পড়ে রুশ ফৌজ। দুই প্রাক্তন সোভিয়েত সদস্যভুক্ত দেশের মধ্যে শুরু হয় প্রবল যুদ্ধ। কিন্তু এখনও কিয়েভ দখল করতে পারেননি রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। লড়াইয়ে কয়েক হাজার সেনা ও বিপুল অস্ত্র খুইয়েছে মস্কো। দীর্ঘ সময় ধরে লড়াই করে ভাঁড়ারে টান পড়েছে ইউক্রেনেরও। কিন্তু থামেনি সংঘাত। এভাবেই যুদ্ধের দুবছর পূর্ণ করেছে যুযুধান দুপক্ষ। একের একের বিপুল অঙ্কের সামরিক প্যাকেজ ঘোষণা করে বন্ধু কিয়েভের পাশে রয়েছে আমেরিকা।

***৮. অ্যালেক্সেই নাভালনির মৃত্যু***- ১৬ ফেব্রুয়ারি মৃত্যু হয় রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের পয়লা নম্বর 'শত্রু' অ্যালেক্সেই নাভালনির। রাশিয়ার ফেডারেল জেল বিবৃতি জারি করে জানায়, হাঁটতে বেরিয়েছিলেন নাভালনি। তখনই অসুস্থতা বোধ করেন রাশিয়ার বিরোধী নেতা। খানিকক্ষণের মধ্যেই সংজ্ঞাহীন হয়ে পড়ে যান তিনি। দ্রুত অ্যাম্বুল্যান্স টিম হাজির হয় ঘটনাস্থলে। সেই দলই তাঁকে মৃত বলে ঘোষণা করে। তারপর থেকেই সরগরম হয়ে ওঠে রাশিয়ার রাজনীতি। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের খুনের অভিযোগ তোলে নাভালনির পরিবার।

***৯. হাইতিতে হাহাকার***- চরম অরাজকতা, লুঠতরাজে জেরবার ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের ছোট দেশ হাইতি। মাফিয়াদের তাণ্ডবে বিপন্ন সাধারণ মানুষের জীবন। ১৫ মার্চ রাজধানী পর্তোপ্রাঁসের ৮০ শতাংশ দখল করে নেয় গ্যাংগুলো। ইস্তফা দিয়ে দেশ থেকে পালিয়ে যান প্রধানমন্ত্রী অ্যারিয়াল হেনরি। একাধিক শহরের কারাগার ভেঙে অপরাধীদের বেরও করে দেয় মাফিয়ারা। এমনকী প্রধানমন্ত্রী যাতে আর সুরক্ষিতভাবে দেশে ফিরতে না পারেন তার জন্য হাইতির প্রধান বিমানবন্দরের নিয়ন্ত্রণও নিজেদের হাতে নিয়ে নিয়েছে তারা।

***১০. রাশিয়ায় নির্বাচন***- ১৭ মার্চ প্রেসিডেন্ট নির্বাচন হয় রাশিয়ায়। ফলপ্রকাশের পর দেখা যায় ভ্লাদিমির পুতিনের ঝুলিতে রয়েছে ৮৭.৮ শতাংশ ভোট। ফলে বিপুল জনসমর্থন পেয়ে ফের একবার রাশিয়ার মসনদে বসেন পুতিন। টানা পঞ্চমবার প্রেসিডেন্ট হিসাবে শপথ নেন তিনি। ইউক্রেন যুদ্ধ, বিরোধী নেতা নাভালনির মৃত্যু কোনও কিছুই প্রভাব ফেলেনি নির্বাচনে। ১৯৯৯ সাল থেকে রাশিয়ার মসনদে রয়েছেন পুতিন। এবারেও রেকর্ড ভোটে জিতে ২০৩০ পর্যন্ত ক্ষমতায় রাশ ধরে রাখলেন তিনি। এই মেয়াদ যদি শেষ করতে পারেন তাহলে রাশিয়ার ইতিহাসে সবচেয়ে বেশি সময় ধরে প্রেসিডেন্ট থাকার নজির গড়বেন পুতিন। টপকে যাবেন জোসেফ স্ট্যালিনকেও।

***১১. ব্রিটিশ রাজবধূর ক্যানসার***— ২৩ মার্চ ফের ফের ব্রিটিশ রাজ পরিবারের দুঃসংবাদ মেলে। ক্যানসার আক্রান্ত হওয়ার খবর নিজেই জানান ব্রিটেনের রাজবধূ কেট মিডলটন। গত প্রায় এক বছর ধরে লন্ডনের একটি ক্লিনিকে তাঁর পেটে বেশ কয়েকবার অস্ত্রোপচার হয়। অবশেষে জানা যায়, তিনি ক্যানসারে আক্রান্ত।

***১২. ইরান-ইজরায়েল সংঘাত***- ১ এপ্রিল সিরিয়ার দামাস্কাসে ইরানের দূতাবাসে ক্ষেপণাস্ত্র হামলা হয়। প্রাণ হারান অন্তত ১৩ জন। মৃতদের মধ্যে ছিলেন তিন ইরানি সেনাকর্তাও। এই হামলার পিছনে ইজরায়েলকে দায়ী করে তেহরান। লাগাতার সতর্কবার্তার পর ১৩ এপ্রিল ইজরায়েলে একের পর এক মিসাইল ছুড়তে শুরু করে ইরান। সব মিলিয়ে ৩০০টি ক্ষেপণাস্ত্র হামলা হয়। ১৯ এপ্রিল ইসলামিক দেশটিকে পালটা মার দেয় ইজরায়েলি ডিফেন্স ফোর্সেস (আইডিএফ)। তীব্র বিস্ফোরণে কেঁপে ওঠে ইরানের একাধিক শহর। ছড়িয়ে পড়ে তৃতীয় বিশ্বযুদ্ধের আতঙ্ক।

***১৩. তাইওয়ানে ভূমিকম্প***- ৩ এপ্রিল ভয়াবহ ভূমিকম্পে কেঁপে ওঠে তাইওয়ান। রিখটার স্কেলে তীব্রতা ছিল ৭.৪। মৃত্যু হয় ১০০-র কাছাকাছি মানুষের। ক্ষয়ক্ষতির পরিমাণ ব্যাপক। তাসের ঘরের মতো ভেঙে পড়ে বড় বড় হোটেল। ফাটল ধরে একাধিক রাস্তাতে। গত ২৫ বছরের মধ্যে এটাই তাইওয়ানে হওয়া সবচেয়ে শক্তিশালী ভূমিকম্প।

***১৪. বন্যায় বিধ্বস্ত ব্রাজিল***- ৫ মে ভয়াবহ বন্যার কবলে পড়ে ব্রাজিল। সঙ্গে দোসর প্রবল বর্ষণ। প্রকৃতির রুদ্ররোষে মৃতের সংখ্যা ১০০ ছাড়িয়ে যায়। ঘরছাড়া প্রায় দেড় লক্ষ। প্লাবনে তলিয়ে গিয়েছে গ্রামের পর গ্রাম। বন্যার জেরে ব্রাজিলের দক্ষিণাঞ্চলীয় প্রদেশ রিও গ্র্যান্ডে ডো সুলে জলের তলায় চলে যায়। এই প্রদেশের রাজধানী তথা ব্রাজিলের অন্যতম গুরুত্বপূর্ণ শহর পোর্তো আলেগ্রের অবস্থা ছিল সবচেয়ে খারাপ। সব মিলিয়ে অন্তত ৪৯৭টি শহর ক্ষতিগ্রস্ত হয়। গত ৮০ বছরের মধ্যে এটাই ব্রাজিলের সবচেয়ে ভয়াবহ বন্যা।

***১৫.'অল আইজ অন রাফা'***- ৭ মে প্যালেস্টাইনের জঙ্গি সংগঠন হামসকে খতম করতে দক্ষিণ গাজার রাফায় ঢুকে পড়ে ইজরায়েলের ট্যাঙ্কবাহিনী। শুরু হয় অভিযান। রাফার শরণার্থী শিবিরে হামলায় প্রাণ যায় ৪৫ জনের। তারপর থেকেই সোশাল মিডিয়ায় ট্রেন্ডিং হয় 'অল আইজ অন রাফা'। দক্ষিণ গাজার এই শহরে অভিযান শুরু করা নিয়ে ইজরায়েলের সঙ্গে দূরত্ব বাড়ে আমেরিকার। তেল আভিভে অস্ত্রের সরবরাহে হ্রাস টানে হোয়াইট হাউস। রাষ্ট্রসংঘের তোপের মুখে পড়েন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু।

***১৬. ইরানের প্রেসিডেন্ট রাইসির মৃত্যু***- ১৯ মে কপ্টার দুর্ঘটনায় প্রাণ হারান ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি। জানা যায়, আজারবাইজানের প্রেসিডেন্টের সঙ্গে আরস নদীর উপরে একটি বাঁধ উদ্বোধন করার কথা ছিল রাইসির। সেই কর্মসূচিই ভয়ংকর বিপদ ডেকে আনে। একটি পার্বত্য অঞ্চল পেরিয়ে যাওয়ার সময় কপ্টারটি নিয়ন্ত্রণ হারিয়ে উত্তর-পশ্চিম ইরানের একটি পাহাড়ে আছড়ে পড়ে। এই দুর্ঘটনায় ইজরায়েলের দিকে ষড়যন্ত্রের আঙুল ওঠে। কিন্তু সমস্ত অভিযোগ উড়িয়ে দেয় তেল আভিভ।

***১৭. ঋষি সুনাকের পরাজয়***- ৫ জুলাই ব্রিটেনের নির্বাচনের ফলাফল ঘোষণা হয়। নজির গড়ে বিপুল ভোটে জয়লাভ করেন কিয়ের স্টার্মার। তাঁর দল লেবার পার্টির কাছে ভরাডুবি হয় কনজারভেটিভ পার্টির। প্রধানমন্ত্রীর গদি হারান ঋষি সুনাক। ১৪ বছর পর টোরি শাসনের অবসান ঘটে রাজার দেশে।

***১৮. ইরানে নির্বাচন***- ইব্রাহিম রাইসির আকস্মিক মৃত্যুর পর নির্বাচন হয় ইরানে। ৬ জুলাই নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হন সংস্কারপন্থী নেতা মাসুদ পেজেস্কিয়ান। জোর টক্কর দিয়ে তিনি পরাজিত করেন কট্টরপন্থী নেতা সাইদ জালিলিকে। পেজেস্কিয়ানের শপথগ্রহণে গিয়েই গুপ্তঘাতকের হাতে তেহরানে মৃত্যু হয় হামাসের রাজনৈতিক প্রধান ইসমাইল হানিয়েহর। এই খুনে অভিযোগের আঙুল ওঠে ইজরায়েলের দিকে।

***১৯. গদিচ্যুত শেখ হাসিনা***- নির্বাচন জেতার আট মাসের মধ্যেই গদিচ্যুত হন শেখ হাসিনা। ৫ আগস্ট ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়ে দেশ ছাড়েন মুজিবকন্যা। এরপর ৮ আগস্ট মহম্মদ ইউনুসের নেতৃত্বে গঠিত হয় অন্তর্বর্তী সরকার।

***২০. লেবাননে হামলা ইজরায়েলের***- ১৯ সেপ্টেম্বর পেজার বিস্ফোরণে কেঁপে ওঠে লেবানন। সশস্ত্র সংগঠন হেজবোল্লার সদস্য-সহ প্রাণ যায় অন্তত ৫০০ জনের। আহতের সংখ্যা ৪ হাজার পেরিয়ে যায়। এই ঘটনার পরদিন থেকেই লেবাননে হামলা শুরু করে ইজরায়েল। ২৭ সেপ্টেম্বর ইজরায়েলি সেনার অভিযানে নিহত হন হেজবোল্লা প্রধান হাসান নাসরাল্লা। কয়েকদিনের মধ্যেই তাঁর উত্তরসূরি হাশেম সাফেদ্দিনকেও খতম করে তেল আভিভ। নয়া কমান্ডার হিসাবে নাইম কাসেমের নাম ঘোষণা করে হেজবোল্লা। এই সংঘাতে জড়িয়ে পড়ে ইরানও।

***২১. গাজা যুদ্ধের এক বছর***- ৭ অক্টোবর। ইজরায়েলের বুকে বেনজির হামলা চালায় প্যালেস্তিনীয় সশস্ত্র সংগঠন হামাস। প্রাণ হারান অন্তত দেড় হাজার মানুষ। ২৫০ জনকে অপহরণ করে গাজা ভূখণ্ডে নিয়ে যায় হামাস। তারপরই অপারেশন 'আয়রন সোর্ড' শুরু করে ইজরায়েলি ডিফেন্স ফোর্সেস বা ইজরায়েলের সেনা। বোমার আঘাতে কার্যত মৃত্যুপুরীতে পরিণত হয়েছে গাজা। এখনও পর্যন্ত গাজায় প্রাণ হারিয়েছেন ৪৬ হাজার প্যালেস্তিনীয়। নিহত শতাধিক ইজরায়েলি সেনাও। রাষ্ট্রসংঘ-সহ আন্তর্জাতিক মহলে তুমুল সমালোচনার মুখে পড়লেও সামরিক অভিযান অব্যাহত রেখেছে তেল আভিভ। এক বছর পূর্ণ হলেও মেলেনি রফাসূত্র। এর মধ্যেই ১৭ অক্টোবর ইজরায়েলের হামলায় খতম হয় নয়া হামাস প্রধান ইয়াহিয়া সিনওয়ার।

***২২. ট্রাম্পের প্রত্যাবর্তন***- ৫ নভেম্বর প্রেসিডেন্ট নির্বাচন হয় আমেরিকায়। শুরুতে ৮২ বছরের জো বাইডেনকে প্রার্থী হিসেব বেছে নিয়েছিল ডেমোক্র্যাট। কিন্তু পরে ভোটের লড়াই থেকে সরে যান বাইডেন। প্রেসিডেন্ট হওয়ার দৌড়ে শামিল হন মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। কিন্তু ফলাফল প্রকাশ হতে দেখা যায় কমলাকে অনেকটা পিছনে ফেলে দিয়েছেন বর্ষীয়ান রিপাবলিকান নেতা ডোনাল্ড ট্রাম্প। নির্বাচন জিতে দুরন্ত প্রত্যাবর্তন ঘটান তিনি।

***২৩. বাংলাদেশে হিন্দুদের হাহাকার***- হাসিনাহীন বাংলাদেশে চরমে হিন্দু নির্যাতন। ২৫ নভেম্বর ঢাকা বিমানবন্দর থেকে গ্রেপ্তার হন ইসকনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারী। হিন্দুদের প্রতিবাদে উত্তাল হয়ে ওঠে বাংলাদেশ। দিকে দিকে সংখ্যালঘুদের মারধর, বাড়ি-ঘরে হামলা চালায় মৌলবাদীরা। বাদ যায়নি ইসকনের মন্দিরও। পোড়ে লক্ষ্মীনারায়ণের মূর্তি। হিন্দু নিপীড়ন নিয়ে ভারত-ব্রিটেনের মতো বিভিন্ন দেশ কড়া বার্তা দিলেও দ্বেষের বাংলাদেশে থামছে না হিংসা।

***২৪. আসাদ সাম্রাজ্যের পতন***- ২৭ নভেম্বর সিরিয়ার গৃহযুদ্ধ ভয়ংকর রূপ নেয়। আল কায়দার শাখা সংগঠন হায়াত তাহরির আল-শাম (এইচটিএস) নেতৃত্বে আলেপ্পো দখল করে নেওয়ার ঘোষণা করে বিদ্রোহীরা। তারপর একে দারা, হোমসের মতো গুরুত্বপূর্ণ শহর দখল করার পর ৮ ডিসেম্বর রাজধানী দামাস্কাসে পৌঁছয় বিদ্রোহীরা। প্রেসিডেন্ট বাশার আল আসাদের বাহিনীকে পিছু হঠতে বাধ্য করে তারা। পতন ঘটে আসাদ সাম্রাজ্যের।

# অন্য সব গ্রহে নতুন বছরের হিসাব কেমন

জাহিদ হোসাইন খান

গ্রেগরিয়ান বর্ষপঞ্জির হিসাবে আমরা নতুন বছরে পা রাখছি। পৃথিবীতে নতুন বছর গণনা করতে আমরা ৩৬৫ দিনের হিসাবকে গুরুত্ব দিই। পৃথিবী তার নিজ কক্ষপথে সূর্য্যকে ৩৬৫ দিনে একবার প্রদক্ষিণ করছে, এই হিসাবেই নতুন বছর গণনা করছি আমরা। সৌরজগতের সব গ্রহে কিন্তু বছরের হিসাব এক না। একেক গ্রহ একেক গতিতে সূর্য্যকে প্রদক্ষিণ করছে, তাই বছরের হিসাব একেক জায়গায় একেক রকমের। আমাদের বাড়ি পৃথিবী, এখানে একটি বছরকে ৩৬৫.২৫ দিন হিসাবে গণনা করা হয়। দশমিক অংশটি স্বাভাবিক হিসেবে নেওয়া হয় না, যে কারণে প্রতি চার বছর পর পর একটি নতুন দিন লিপ ইয়ার হিসেবে যোগ হচ্ছে। ৩৬৫.২৫ দিনে আমাদের গ্রহ সূর্য্যের চারপাশে একবার প্রদক্ষিণ সম্পূর্ণ করতে সময় নেয়। সৌরজগতের সবচেয়ে দ্রুততম বছর দেখা যায় বুধ গ্রহে। বুধ সূর্য্যের নিকটতম গ্রহ। সেখানে সৌরজগতের সবচেয়ে ছোট বছর দেখা যায়। পৃথিবীর দিন হিসাবে সেখানে এক বছর ৮৮ দিন স্থায়ী হয়। তবে বুধ গ্রহে দিনের হিসাব কিছুটা আলাদা। বুধ গ্রহের নিজের অক্ষের ওপর একটি সম্পূর্ণ ঘূর্ণন সম্পন্ন করতে অস্বাভাবিকভাবে দীর্ঘ সময় লাগে। প্রায় পৃথিবীর সমান ৫৯ দিন লাগে সেখানে। যার অর্থ, বুধ গ্রহে একটি একক দিন-রাত্রি চক্র তার বছরের প্রায় দুই-তৃতীয়াংশ স্থায়ী হয়। বছরে একবার সূর্যোদয় দেখা যায় সেখানে। সূর্যের চরম কাছে অবস্থানের কারণে সেখানে দিনের তাপমাত্রা ৪৩০ ডিগ্রি সেলসিয়াস। আর রাতের রাতের তাপমাত্রা নেমে আসে মাইনাস ১৮০ ডিগ্রি সেলসিয়াস। অন্যদিকে সৌরজগতের দ্বিতীয় গ্রহ শুক্র। সেখানে এক বছর পৃথিবীর ২২৫ দিনের সমান। শুক্র গ্রহের দিন অস্বাভাবিকভাবে দীর্ঘ। শুক্র গ্রহের এক দিন পৃথিবীর ২৪৩ দিনের সমান। মজার বিষয় হলো, শুক্র উল্টো দিকে ঘোরে, প্রতিমুখী ঘূর্ণনের কারণে সূর্য্য পশ্চিমে উঠে ও পূর্বে অস্ত যায়। এই অদ্ভুত ঘূর্ণনের কারণে এক সৌরদিবস বা ভেনুসিয়ান দিবসে সূর্যোদয় থেকে সূর্যোদয়ের সময় পৃথিবীর হিসেবে প্রায় ১১৭ দিন দীর্ঘ। অঙ্কের হিসেবে শুক্র গ্রহের একটি বছর তার দিনের চেয়ে ছোট। আপনি সেখানে থাকলে একটি পূর্ণ সূর্যোদয়-সূর্যাস্ত চক্র দেখার আগে আপনার ভেনুসিয়ান জন্মদিন উদ্যাপন করতে পারেন। অন্যদিকে লাল গ্রহ মঙ্গল সৌরজগতের চতুর্থ গ্রহ। এই গ্রহের একবার কক্ষপথ আবর্তন করতে পৃথিবীর সমান



৬৮৭ দিন সময় লাগে। একটি মঙ্গলবর্ষ পৃথিবী বছরের তুলনায় প্রায় দ্বিগুণ দীর্ঘ। উপবৃত্তাকার কক্ষপথের কারণে মঙ্গল গ্রহের ঋতু পৃথিবীর তুলনায় ভিন্ন রকমের। মঙ্গলের দক্ষিণ গোলার্ধে গ্রীষ্মকাল সংক্ষিপ্ত কিন্তু উষ্ণ, অন্যদিকে উত্তরের শীতকালের ঠান্ডা কম কিন্তু দীর্ঘ হয়। সৌরজগতের বৃহত্তম গ্রহ বৃহস্পতি। এই গ্রহের একবার কক্ষপথ সম্পূর্ণ করতে পৃথিবীর সমান ১১.৮৬ বছর সময় লাগে। দীর্ঘ সময়ের বছর থাকা সত্ত্বেও, বৃহস্পতির দ্রুত ঘূর্ণন দেখা যায়। সেখানে সৌরগ্রহের মধ্যে সবচেয়ে ছোট দিন দেখা যায়। মাত্র ১০ ঘণ্টায় বৃহস্পতি গ্রহে একদিন। এই দ্রুত ঘূর্ণনের জন্য বৃহস্পতি গ্রহে গ্রেট রেড স্পটের মতো এর স্বতন্ত্র কাঠামো দেখা যায়।

আরেক গ্রহ শনির একবার কক্ষপথ সম্পূর্ণ করতে পৃথিবী সমান ২৯.৫ বছর সময় লাগে। অন্য এক গ্রহ ইউরেনাস অদ্ভুতভাবে ৯৮ ডিগ্রি চরম কোণে কাত হয়ে সূর্য্যকে আবর্তন করছে। ইউরেনাসে একটি বছর পৃথিবীর ৮৪ বছরের সমান। হেলে থাকার কারণে ইউরেনাসের প্রতিটি মেরুতে ৪২ বছর একটানা সূর্যালোক ও ৪২ বছর একটানা অন্ধকার দেখা যায়। ইউরেনাস কাত হয়ে থাকে বলে বিষুবরেখায় মেরুর চেয়ে ঠান্ডা হয়।

সৌরজগতের প্রায় শেষ প্রান্তে অবস্থিত নেপচুন গ্রহে এক বছর পৃথিবীর ১৬৫ বছরের সমান। ১৮৪৬ সালে আবিষ্কারের পর থেকে ২০১১ সালে একটি মাত্র পূর্ণ কক্ষপথ সম্পন্ন করেছে নেপচুন। নেপচুনে একটি ঋতু পৃথিবীর ৪০ বছরের বেশি সময় ধরে চলে।

অন্যদিকে প্লুটোকে একসময় গ্রহের তকমা দেওয়া হতো। এখনকার বামন গ্রহ প্লুটোতে এক বছর পৃথিবীর ২৪৮ বছরের সমান। সৌরজগতে বিভিন্ন গ্রহকে বিভিন্ন চাঁদ প্রদক্ষিণ করে। এসব চাঁদে ভিন্ন সময়ের বছরের হিসাব দেখা যায়। আমাদের পৃথিবীর চাঁদ পৃথিবীকে প্রদক্ষিণ করতে ২৭.৩ পৃথিবীর সমান দিন সময় নেয়। বৃহস্পতি গ্রহের চাঁদ ইউরোপা মাত্র ৩.৫ পৃথিবীর সমান দিনে তার কক্ষপথ সম্পূর্ণ করে। টাইটান চাঁদ তার গ্রহ শনিকে পৃথিবীর সমান ১৬ দিনে প্রদক্ষিন করে। ক্যারন তার গ্রহ প্লুটোকে ৬.৪ পৃথিবীর সমান দিনে প্রদক্ষিণ করে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# ২০২৪ সাল: নতুন উচ্চতায় পৌঁছেছে ম্যানুফেকচারিং শিল্প ক্ষেত্র

২০২৪ সালটি ভারতের ম্যানুফেকচারিং ক্ষেত্রে জন্য একটি যুগান্তকারী বছর, যা বিভিন্ন শিল্পে রেকর্ড ব্রেকিং সাফল্য অর্জন করেছে।ইলেক্ট্রনিক্স এর মত ক্ষেত্রে ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম স্মার্টফোন রফতানিকারক দেশ হিসাবে আত্মপ্রকাশ করেছে। সেখান থেকে শুরু করে কয়লা ও ইস্পাতের ক্ষেত্রে ব্যতিক্রমী উৎপাদন, বিশ্ব মঞ্চ ভারতের উপস্থিতিকে অনুভব করছে।

তবে এই মাইলফলক অর্জন কোনো এক বছরের প্রচেষ্টার ফল নয়। তা বছরের পর বছর ধরে ধারাবাহিক কাজ, কৌশলগত বিনিয়োগ এবং সরকারি উদ্যোগের সমন্বয়েই হয়েছে।

গত এক দশকে ভারত নিরবচ্ছিন্নভাবে বিশ্বের অন্যতম ম্যানুফেকচারিং কেন্দ্র হিসাবে আত্মপ্রকাশ করেছে। ক্রমবর্ধমান দেশীয় এবং বৈশ্বিক চাহিদা মেটাতে রেকর্ড পরিমাণ অপরিশোধিত ইস্পাত উৎপাদন করা থেকে শুরু করে বৈদ্যুতিক যানবাহন এবং ভোক্তা ইলেকট্রনিক্সের অগ্রগতি পর্যন্ত। কুলুঙ্গি হিসাবে বিবেচিত একসময় খেলনার মতো ক্ষেত্রগুলি এখন অভূতপূর্ব সম্প্রসারণের সম্মুখীন হচ্ছে। এক্ষেত্রে রফতানির পরিমাণ ২৩৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং আমদানি ৫২ শতাংশ হ্রাস পেয়েছে। ভারতের ফার্মাসিউটিক্যাল শিল্পে এখন ৭৪৮টি ইউএসএফডিএ-অনুমোদিত সাইট রয়েছে, যা তার বিশ্বমানের উৎপাদন ক্ষমতার একটি প্রমাণ। সৌর প্যানেল এবং বায়ু টারবাইনের উৎপাদন বৃদ্ধি পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রতি ভারতের ক্রমবর্ধমান অঙ্গীকারকে প্রতিফলিত করে।

সরকারি উদ্যোগ এবং বেসরকারি উদ্ভাবনের সহায়তায় এই বহুমাত্রিক প্রবৃদ্ধি অর্থনৈতিক স্থিতিস্থাপকতা এবং বৈশ্বিক প্রতিযোগিতার একটি সম্মিলিত পদক্ষেপকে তুলে ধরেছে।

ভারতের উৎপাদন ক্ষেত্র ২০২৪ সালে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি প্রত্যক্ষ করেছে, যা বিশ্বব্যাপী পাওয়ার হাউসে রূপান্তরকে তুলে ধরে। ২০২৪ সালে মেক ইন ইন্ডিয়ার ১০ বছর পূর্তি হয়েছে, যার অধীনে ভারতকে একটি ম্যানুফেকচারিং হাব হিসেবে তৈরী করার জন্য উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া হয়েছে।

"মেক ইন ইন্ডিয়া"র ছাপ বিভিন্ন সেক্টরে দৃশ্যমান হয়ে উঠেছে। এমনকি এমন সব অঞ্চলেও যেখানে ভারতীয়রা কখনও প্রভাব ফেলার কথা ভাবেনি। গত এক দশকে ভারতের উৎপাদন ক্ষেত্রে এক উল্লেখযোগ্য রূপান্তর ঘটেছে, যার পেছনে রয়েছে "মেক ইন ইন্ডিয়া" উদ্যোগ। মূল উন্নয়নের মধ্যে রয়েছে ১৪টি সেক্টরে প্রোডাকশন লিঙ্কড ইনসেন্টিভ (পিএলআই) স্কিম চালু করা, ১.২৮ লক্ষ কোটি টাকারও বেশি বিনিয়োগ আকর্ষণ করা এবং ৮.৫ লক্ষেরও বেশি কর্মসংস্থান সৃষ্টি করা। এই উদ্যোগগুলি ইলেকট্রনিক্স, ইস্পাত, ফার্মাসিউটিক্যালস এবং প্রতিরক্ষা উৎপাদন বৃদ্ধিকে উৎসাহিত করেছে, খেলনা রফতানিতে ২৩৯ শতাংশ বৃদ্ধি হয়েছে এবং মোবাইল ফোন উৎপাদনে ৬০০ শতাংশের মত বৃদ্ধি হয়েছে।

উৎপাদন দ্বিগুণ হয়ে উঠায় ইস্পাতের ক্ষেত্রে ভারত একটি রফতানিকারক দেশ হয়ে উঠেছে এবং ফার্মাসিউটিক্যালস এবং টেলিকম সরঞ্জামগুলিতে আমদানি নির্ভরতা উল্লেখযোগ্যভাবে হ্রাস হয়েছে। প্রতিরক্ষা রফতানি বেড়েছে, ৮৫ টিরও বেশি দেশে এই প্রতিরক্ষা উৎপাদন পৌঁছেছে, সেমিকন্ডাক্টর উৎপাদন এবং পুনর্নবীকরণযোগ্য শক্তিতেও দেশ অগ্রগতি অর্জন করেছে।

২০২৩-২৪ অর্থবছরে ৮.২ শতাংশ অর্থনৈতিক প্রবৃদ্ধি দেখা গেছে যা ৯.৫ শতাংশ শিল্প বৃদ্ধির হারের মাধ্যমে উৎসাহিত হয়েছিল। উৎপাদন ও নির্মাণ খাতের সম্প্রসারণ দ্বিগুণ অঙ্কের কাছাকাছি ছিল। এই বৃদ্ধি গত দশক ধরে নিরন্তর প্রচেষ্টা এবং কৌশলগত হস্তক্ষেপের পরিণতিকেই প্রতিফলিত করে।

২০২৪ সালে নীতি ও পরিকাঠামো উদ্যোগ:

বেশ কয়েকটি উদ্যোগ ২০২৪ সালে ভারতের উৎপাদন বাস্তুতন্ত্রকে আরও সুসংহত করেছে:

- জন বিশ্বাস ২.০ বিল নিয়ে কাজ করা হচ্ছে, যা সম্মতি আরও সরল করবে এবং ব্যবসায় আরও স্বাচ্ছন্দ্য বাড়াবে।
- ১০০ টি শহরের কাছাকাছি প্লাগ-অ্যান্ড-প্লে শিল্প পার্কগুলির বিকাশ বিনিয়োগকে আকৃষ্ট করেছে।
- ক্রিটিক্যাল মিনারেল মিশনের সূচনা দেশীয় উৎপাদন এবং পুনর্ব্যবহারযোগ্য সহ প্রয়োজনীয় সংস্থানগুলিকে সুরক্ষিত করেছে।
- উপরন্তু, নতুন বায়ো-ম্যানুফ্যাকচারিং এবং বায়ো-ফাউন্ড্রি স্কিম প্রবর্তন ভারতকে বায়োম্যানুফ্যাকচারিংয়ে শীর্ষস্থানীয় করে তুলবে।

মূল শিল্পের শক্তিশালীকরণ:

ভারত ২০২৪ অর্থবছরে সর্বোচ্চ ইস্পাত উৎপাদন এবং ব্যবহারের স্তর অর্জন করেছে, ইস্পাতের নেট রফতানিকারক হয়ে উঠেছে, ২০১৪ সাল থেকে যার উৎপাদন ৫০ু বৃদ্ধি পেয়েছে।

জ্বালানি নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ কয়লা খাত ২০২৪ অর্থবছরে ৯৯৭.২ মিলিয়ন টন উৎপাদন করেছে, যা গত দশকে ৬০ু বৃদ্ধির মাধ্যমে আমদানি নির্ভরতা হ্রাস করেছে।

৫০ বিলিয়ন ডলার মূল্যের ফার্মাসিউটিক্যাল শিল্প আয়তনের দিক থেকে বিশ্বের তৃতীয় বৃহত্তম। পিএলআই প্রকল্পের অধীনে ৩০,০০০ কোটি টাকার বিনিয়োগ বায়োসিমালার, ভ্যাকসিন এবং জেনেরিক ড্রাগের প্রবৃদ্ধিকে অনুঘটক করেছে, যা সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা সমাধানের ক্ষেত্রে বিশ্বে ভারতের নেতৃত্বকে তুলে ধরেছে।

এমএসএমই অবদানের অগ্রগতি:

অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (এমএসএমই) ভারতের উৎপাদন খাতের মেরুদণ্ড হিসাবে রয়ে গেছে, যা মোট উৎপাদনের ৩৫ শতাংশ এবং রফতানির ক্ষেত্রে ৪৫ শতাংশ ভূমিকা রাখছে। ২০২৪ সালের হিসাবে, ৪.৭ কোটি এমএসএমই উদ্যোগ পোর্টালে নিবন্ধিত হয়েছে, যা ৯২ লক্ষ গ্যারান্টির মাধ্যমে ৬.৭৮ লক্ষ কোটি টাকা প্রদান করেছে।

প্রাইম মিনিস্টার এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ৮৯,০০০ এরও বেশি মাইক্রো-ইউনিটকে সহায়তা করেছে, যা ২০২৪ অর্থবছরে ৭.১৩ লক্ষ মানুষের কর্মসংস্থান সৃষ্টি করেছে।

পিএলআই: গেম চেঞ্জার:

ভারতের প্রোডাকশন লিঙ্কড ইনসেন্টিভ (পিএলআই) প্রকল্পগুলি দেশের উৎপাদন খাতকে ত্বরান্বিত করতে রূপান্তরকারী ভূমিকা পালন করেছে। এটি শিল্প উৎপাদনের জন্য বিশ্বব্যাপী কেন্দ্র হিসাবে পরিণত হয়েছে।

প্রোডাকশন লিঙ্কড ইনসেন্টিভ (পিএলআই) স্কিমগুলি ১.২৮ লক্ষ কোটি টাকারও বেশি বিনিয়োগ সক্ষম করেছে, ৮.৫ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করেছে এবং রফতানি বাড়িয়ে ৪ লক্ষ কোটি টাকা করেছে। এর ফলে ১০.৮ লক্ষ কোটি টাকার উৎপাদন ও বিক্রয় হয়েছে, যা এই নীতির উল্লেখযোগ্য প্রভাবকে তুলে ধরেছে।

ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রটিতে তাৎপর্যপূর্ণভাবে বৃদ্ধি পরিলক্ষিত হয়েছে। এক্ষেত্রে দেশীয় উৎপাদন ২০১৪ সালে ১.৯ লক্ষ কোটি থেকে ৪০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০২৩ অর্থবছরে ৮.২২ লক্ষ কোটি হয়েছে।

এর মধ্যে রয়েছে মোবাইল ফোন বিভাগ, যেখানে ২০১৭ থেকে ২০২২ অর্থবছরের মধ্যে প্রত্যক্ষ কর্মী সংখ্যা তিনগুণেরও বেশি বেড়েছে, যা উল্লেখযোগ্যভাবে মহিলা ব্লু-কলার কর্মীদের উপকৃত করেছে।

৩০,০০০ কোটি টাকা বিনিয়োগ করে ফার্মাসিউটিক্যাল সেক্টরও ব্যাপকভাবে উপকৃত হয়েছে। এটি এপিআই, ভ্যাকসিন, বায়োসিমালার এবং বায়োলজিক্স উৎপাদনে ভারতের সক্ষমতাকে জোরদার করেছে, মোট আকারের দিক থেকে বিশ্বের তৃতীয় বৃহত্তম ফার্মাসিউটিক্যাল বাজার হিসাবে তার অবস্থানকে সুসংহত করেছে। একইভাবে, এয়ার কন্ডিশনার এবং এলইডি লাইটের মতো সাদা পণ্যগুলির জন্য পিএলআই সমর্থন আমদানি নির্ভরতা হ্রাস করেছে, দেশীয় উৎপাদন বাড়িয়েছে এবং কর্মসংস্থান তৈরি করেছে।

ইস্পাত ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য রূপান্তর দেখা গেছে। ২০১৪ সাল থেকে উৎপাদন ৭০ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা ভারতকে ইস্পাতের নেট রফতানিকারক দেশে পরিণত করেছে। পিএলআই স্কিমগুলির সাফল্য নতুন ক্ষেত্রগুলিতেও প্রসারিত হয়েছে। ২০২৪ সালে জৈব উৎপাদনের জন্য প্রণোদনা প্রবর্তন এবং ইভি এবং সেমিকন্ডাক্টরের মতো উৎপাদন খাতের জন্য প্রয়োজনীয় সংস্থান সুরক্ষিত করার লক্ষ্যে জটিল খনিজ মিশন চালু করা হয়েছে।

বড় আকারের বিনিয়োগকে উৎসাহিত করে, কর্মসংস্থানের সুযোগ তৈরি করে এবং রফতানি বাড়িয়ে পিএলআই স্কিমগুলি ভারতকে বৈশ্বিক মূল্য শৃঙ্খলে গুরুত্বপূর্ণ করে তুলেছে।

ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিং ক্লাস্টার স্কিমটি ৪০,০০০ কোটি টাকার বিনিয়োগকে আকৃষ্ট করেছে, ৫ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করেছে, যখন ২০১৪ সাল থেকে সৌর ক্ষমতা ২৫ গুণ বৃদ্ধি পেয়েছে, যা ভারতের স্বচ্ছ শক্তির প্রতিশ্রুতিকে তুলে ধরেছে।

গত এক দশকে, বস্ত্র ও পোশাক রফতানি ২০ু বৃদ্ধি পেয়ে ২.৯৭ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে, যা ভারতকে এই খাতে শীর্ষ পাঁচটি বৈশ্বিক রফতানিকারক দেশে পরিণত করেছে।

সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং: একটি গেম-চেঞ্জার:

২০২৪ সালে ভারতের সেমিকন্ডাক্টর শিল্প একটি ঐতিহাসিক মোড় ছুঁয়েছে। ভারত বছরে ২,৫০০ কোটি চিপ উৎপাদনের ক্ষমতা অর্জন করতে চলেছে, যা বৈদ্যুতিক যানবাহন থেকে শুরু করে ভোক্তা ইলেকট্রনিক্স এবং টেলিকম সেবা পর্যন্ত অ্যাপ্লিকেশনগুলির জন্য সেমিকন্ডাক্টর উৎপাদন করছে।

১০০ বিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে ভারতের প্রথম সেমিকন্ডাক্টর ফ্যাব্রিকেশন প্ল্যান্ট স্থাপনের ফলে প্রতি মাসে ৫০,০০০ ওয়েফার উৎপাদন শুরু হবে, যা প্রতিরক্ষা, বৈদ্যুতিক গাড়ি এবং উচ্চ-পারফরম্যান্স কম্পিউটিংয়ের মতো খাতগুলিকে পরিবেশন করবে। উন্নত চিপের বিশ্বব্যাপী চাহিদা বৃদ্ধির জন্য ভারতীয় সংস্থাগুলিও সিলিকন কার্বাইড ডিভাইস উৎপাদন শুরু করেছে।

সমান্তরালভাবে, ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশনের মতো উদ্যোগের মাধ্যমে সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিংয়ের গবেষণা নতুন উচ্চতায় পৌঁছেছে, যা বেসরকারি খাত-চালিত উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য ১ লক্ষ কোটি বরাদ্দ করেছে।

উপরন্তু, আসন্ন ভারত সেমিকন্ডাক্টর রিসার্চ সেন্টার এবং সেমিকন্ডাক্টর জিসিসি এবং আইআইটিগুলির মধ্যে অংশীদারিত্ব ইঞ্জিনিয়ারদের দক্ষতাকে বৃদ্ধি করছে এবং পরবর্তী প্রজন্মের চিপ বিকাশকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

কৌশলগত নীতি, সুদৃঢ় পরিকাঠামো এবং পর্যাপ্ত বিনিয়োগের মাধ্যমে ভারতের উৎপাদন ক্ষেত্র অভূতপূর্ব বিকাশের পথে এগিয়ে চলেছে, যা উদ্ভাবন এবং বিশ্বব্যাপী প্রতিযোগিতার জন্য নতুন মানদণ্ড স্থাপন করেছে।

## আইআরসিটিসির ওয়েবসাইট ও অ্যাপে ফের বিভ্রাট, এক মাসে তৃতীয়বার

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর (হি.স.): আইআরসিটিসির ওয়েবসাইট ও অ্যাপে আবারও বিভ্রাট, এই নিয়ে এক মাসে তৃতীয়বার। মঙ্গলবার সকালে দূরপাল্লার টিকিট বুক করতে গিয়ে অনেকেই সমস্যায় পড়েছেন বলে অভিযোগ করেছেন। ওয়েবসাইটে লগ ইন করা যাচ্ছে না বলে অনেক যাত্রী অভিযোগ তুলেছেন। আবার কেউ কেউ দাবি করেছেন, ওয়েবসাইটে লগ ইন করলেও টিকিট বুক করতে পারছেন না।

উল্লেখ্য, এর আগে গত ২৬ ডিসেম্বর একই সমস্যার মুখে পড়েছিলেন যাত্রীরা। ওই দিনও আইআরসিটিসির ওয়েবসাইটে বিভ্রাট দেখা দেয়। সেই সময়েও সমস্যায় পড়েন যাত্রীরা। ডিসেম্বরেই এই নিয়ে তিন বার আইআরসিটিসির ওয়েবসাইটে বিভ্রাট দেখা দিল।

## আগামী ২৪ ঘণ্টায় জম্মু ও কাশ্মীর এবং হিমাচলে বইবে শৈত্যপ্রবাহ, পূর্বাভাস আইএমডি-র

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর (হি.স.): আগামী ২৪ ঘণ্টায় জম্মু ও কাশ্মীর এবং হিমাচল প্রদেশে বইবে শৈত্যপ্রবাহ, এমনই পূর্বাভাস জারি করেছে ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। আইএমডি-র বিজ্ঞানী ডঃ নরেশ কুমার বলেছেন, 'পাকিস্তান এবং পার্শ্ববর্তী অঞ্চলে একটি পশ্চিমী ঝঞ্ঝা আগামী ২-৩ দিনের মধ্যে পশ্চিম হিমালয় অঞ্চলকে প্রভাবিত করতে পারে, যার ফলে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত এবং তুষারপাত হতে পারে। আমরা ৪ জানুয়ারি থেকে সক্রিয় পশ্চিমী ঝঞ্ঝা আশা করছি, যার ফলে উত্তর-পশ্চিম ভারতে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত, জম্মু ও কাশ্মীরে ভারী তুষারপাত এবং হালকা থেকে মাঝারি তুষারপাত হতে পারে হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডে। আমরা আগামী ২৪ ঘণ্টায় তাপমাত্রায়

## সন্তোষ ট্রফি ২০২৪ ফাইনাল: মঙ্গলবার বাংলা মুখোমুখি হবে কেরালার

হায়দরাবাদ, ৩১ ডিসেম্বর (হি.স.): মঙ্গলবার হায়দরাবাদের জিএমসি বালাযোগী স্টেডিয়ামে সন্তোষ ট্রফি জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপের ফাইনালে বত্রিশ বারের চ্যাম্পিয়ন বাংলা সাতবারের চ্যাম্পিয়ন কেরালার সাথে মুখোমুখি হবে।

এই নিয়ে বাংলা ৪৭তম ফাইনাল খেলবে এবং কেরালা ১৬ তম ফাইনাল খেলবে। আর সন্তোষ ট্রফির চ্যাম্পিয়নশিপের ইতিহাসে এই দুটি দল ৩২ বার একে অপরের মুখোমুখি হয়েছে, তার মধ্যে বাংলা ১৫টি জয় নিয়ে শীর্ষে আছে। কেরালা নয়বার জিতেছে। আর আটটি ম্যাচ ড্র হয়েছে।

বাংলার কোচ সঞ্জয় সেন বলেছেন,'আমরা অতীতে ৩২বার টুর্নামেন্ট জিতেছি, কিন্তু সন্তোষ ট্রফি এখন অনেক বড় টুর্নামেন্ট যা এতে অংশগ্রহণকারী রাজ্যের সংখ্যার দিক থেকে। আমি অতীতের অর্জনগুলিকে ছোট করতে চাই না, তবে আমি মনে করি যে এটি এখন জেতা আরও কঠিন।'

এদিকে কেরালার কোচ বিবি থমাস মুত্তাথ বলেছেন, সন্তোষ ট্রফি তাদের কাছে বিশ্বকাপের মতো। তিনি বলেছেন, 'ফাইনালে পৌঁছে ছেলেরা দুর্দান্ত কিছু করেছেন এবার ছেলেরা তার চেয়েও ভালো কিছু করে দেখাক এই প্রত্যাশাই করি।'

## কুয়োর ভিতরে এখনও আটকে ছোট্ট চেতনা, নবমদিনেও উদ্ধারকাজ জারি

কোটপুতলি, ৩১ ডিসেম্বর (হি.স.): রাজস্থানের কোটপুতলির তিন বছরের শিশু চেতনাকে মঙ্গলবারও উদ্ধার করা সম্ভব হল না, শিশুর শারীরিক অবস্থা ঘিরে তৈরি হচ্ছে সংশয়। প্রশ্ন উঠছে, শিশুটিকে উদ্ধারে আর কত দিন সময় লাগবে? মঙ্গলবার নবম দিনেও জারি রয়েছে উদ্ধারকাজ। কোটপুতলি-বেহরোর ডিসি কল্পনা আগরওয়াল বলেছেন, 'আমরা এখনও আশা হারাইনি। আমাদের টিম আশাবাদী। শিশুটিকে উদ্ধার করার বিষয়ে আমরা ইতিবাচক। বিশেষজ্ঞদের আমরা ডেকেছি।'

কুয়োয় পড়ে যাওয়ার পর ৯-দিন হয়ে গিয়েছে। কিন্তু এখনও উদ্ধার করা যায়নি চেতনাকে। পড়ে যাওয়ার চার দিন পর থেকেই শিশুটির নড়াচড়া বন্ধ হয়ে গিয়েছে। ফলে সংশয়, শঙ্কা এবং উদ্বেগ আরও বাড়ছে।

গত সোমবার রাজস্থানের কোটপুতলির কিরাটপুরা গ্রামে বছর তিনেকের শিশু চেতনা ৭০০ ফুট গভীর কুয়োয় পড়ে যায়। সময় যত গড়াচ্ছে, আশঙ্কা ততই বাড়ছে। যদিও কুয়োর সমান্তরালে ১৭০ ফুট গর্ত খুঁড়ে উদ্ধারকারী দল নীচে নামার কাজ শুরু করেছে। তবে শিশুটিকে কখন উদ্ধার সম্ভব হবে তা নিয়ে প্রশাসন কিছু বলতে পারেনি।


## ইংলিশ প্রিমিয়ার লিগ : টানা তিন ম্যাচ হারল ম্যানচেস্টার ইউনাইটেড

লন্ডন, ৩১ ডিসেম্বর (হি.স.): হারের বৃত্ত থেকে ম্যানচেস্টার ইউনাইটেড কিছুতেই বের হতে পারছে না। সোমবার রাতে ইংলিশ প্রিমিয়ার লিগে টানা তৃতীয় ম্যাচ তারা হারল আমোরিমের দল নিউ ক্যাসেল ইউনাইটেড এর কাছে।সোমবার নিউক্যাসলের কাছে প্রথম ২০ মিনিটের মধ্যেই ম্যানচেস্টার ইউনাইটেড দুই গোল হজম করল।ম্যাচের ৪ মিনিটে প্রথম গোলটি করেন ইসাক। এরপর ম্যাচের ১৯ মিনিটে অ্যান্টনি গর্ডনের ক্রস থেকে বল পেয়ে গোল করেন জোলিন্টন। এরপর আক্রমণ চালিয়েও নিউ ক্যাসেল ইউনাইটেড গোল পায়নি। ফলে লিগে টানা তৃতীয় ম্যাচে হারের স্বাদ পেতে হল ম্যানচেস্টার ইউনাইটেডকে। আগামী রবিবার লিভারপুলের মুখোমুখি হবে ম্যানইউ। ১৯ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে টেবিলের ১৪ নম্বর স্থানে রইল ম্যানচেস্টার ইউনাইটেড। আর সমান ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে টেবিলের পাঁচে নিউক্যাসল।

INDRA SENA REDDY NALLU
इंद्र सेना रेड्डी नल्लू
ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু

GOVERNOR TRIPURA

RAJ BHAVAN
Agartala-799 010
Tel.: 0381-2414091
Fax: 0381-2418758
E-mail: rajbhavanagt@gmail.com
rajbhavanagt-tr@gov.in
31st December, 2024



MESSAGE

*It gives me immense pleasure to convey my warm greetings and best wishes to the people of Tripura on the auspicious occasion of **New Year, 2025**.*

*New Year is celebrated on 1st January throughout the world. It brings happiness on the face of millions of people around the world. It is a global celebration of traditions, togetherness, hope for fresh beginning and inspiration of people to plan goals. This spirit of renewal motivates people work towards a better future.*

*May this New year bring joy, love, happiness, brightness, peace, prosperity, brotherhood & friendship among the people of Tripura.*

31-12-2024

(Indra Sena Reddy Nallu)

ICA/D-1597/24


## ২০২৪-এর ডিসেম্বরে 'উন্নত' দিল্লির বাতাস, সৌজন্যে বৃষ্টি ও ঝোড়ো হাওয়া

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর (হি.স.): চলতি বছরের ডিসেম্বর মাসে সবচেয়ে 'উন্নত' দিল্লির বাতাস। ২০১৫ সালে বাতাসের গুণমান নির্ধারণের জন্য চালু করা হয় বাতাসের গুণমান সূচক (একিউআই)। দেখা গিয়েছে, ২০১৫ সালের পর থেকে এই বছর ডিসেম্বর মাসেই সবথেকে 'উন্নত' বাতাসের রেকর্ড করল রাজধানী। বিশেষজ্ঞদের মতে, ঝোড়ো হাওয়া এবং টানা কয়েকদিন রেকর্ড বৃষ্টিপাতের কারণেই দিল্লির বাতাস পরিষ্কার হয়েছে।

কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তথ্য অনুযায়ী, এই বছর ডিসেম্বর মাসের প্রথমার্ধে একদিন বাদে বাকি দিনগুলিতে দিল্লির বাতাস মোটামুটি পরিষ্কার ছিল। গোটা ডিসেম্বর মাস জুড়ে গড়ে রাজধানীর বাতাসের গুণমান সূচক (একিউআই) ছিল ২৯৪। এর অর্থ 'খারাপ'। সোমবারই দিল্লির বাতাসের গুণমান সূচক ছিল ১৭৩। যার অর্থ 'মন্দ'। গত ২৮ ডিসেম্বর মরশুমের সবথেকে পরিষ্কার বাতাস ছিল রাজধানীর। ওই দিন বাতাসের গুণমান সূচক ছিল ১৩৯। প্রসঙ্গত, গত বছর ডিসেম্বর মাসে দিল্লিতে গড়ে বাতাসের গুণমান সূচক ছিল ৩৪৮। ২০২২ সালে ছিল ৩১৯। ২০২১ সালে ছিল ৩৩৬। তার আগে একমাত্র ২০১৫ সালের ডিসেম্বর মাসে দিল্লির বাতাস ছিল সবথেকে পরিষ্কার। ওই বছর বাতাসের গুণমান সূচক ছিল ৩০০।

## কেজরিওয়াল ও অতিশী নিষ্পাপ শিশুদের রাজনীতিতে ঠেলে দিয়েছে : গৌরব ভাটিয়া

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর (হি.স.): এএপি-র জাতীয় আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল ও দিল্লির মুখ্যমন্ত্রী অতিশী মারলেনার তীব্র সমালোচনা করলেন বিজেপি মুখপাত্র গৌরব ভাটিয়া। মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে গৌরব ভাটিয়া বলেছেন, কেজরিওয়াল ও অতিশী নিষ্পাপ শিশুদের রাজনীতিতে ঠেলে দিয়েছে।গৌরব ভাটিয়া বলেছেন, 'যদি কেউ নোংরা রাজনীতির জন্য দিল্লির শিশুদের ব্যবহারে পারদর্শী হয়, তাহলে তা হল অরবিন্দ কেজরিওয়াল এবং মুখ্যমন্ত্রী অতিশী মারলেনা। অরবিন্দ কেজরিওয়াল এবং অতিশী মারলেনা শিশুদের ভিডিও আপলোড করে আমাদের নিষ্পাপ শিশুদের রাজনীতিতে ঠেলে দিয়েছেন। এই "এক্স" পোস্টটি অবিলম্বে সরানো উচিত, কিন্তু অরবিন্দ কেজরিওয়াল এখনও এই পোস্টটি সরাননি।'



ত্রিপুরা সরকার
তপশিলী জাতি কল্যাণ দপ্তর
অদ্বৈত মল্লবর্মণের ১১১তম জন্মবার্ষিকী - ২০২৫

সুধী,
ব্রাত্য জীবনের মহাকাব্য 'তিতাস একটি নদীর নাম' এর স্রষ্টা কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ এর ১১১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আগামী ২-৪ জানুয়ারী, ২০২৫ইং সোনামুড়া মহকুমার নলছড় দশমীঘাট ময়দানে অদ্বৈত মল্লবর্মণ উৎসব - ২০২৫ অনুষ্ঠিত হবে।
এতদুপলক্ষ্যে আগামী ২রা জানুয়ারী, ২০২৫ইং বিকাল ২ ঘটিকায় তিনদিন ব্যাপী এই উৎসবের শুভ উদ্বোধন।

উদ্বোধন : ২রা জানুয়ারী, ২০২৫ইং বিকাল ২ ঘটিকায়।
স্থান : নলছড় দশমীঘাট ময়দান, নলছড় আর. ডি. ব্লক, সিপাহীজলা ত্রিপুরা।

উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন :-

উদ্বোধক ও প্রধান অতিথি : প্রফেসর (ডাঃ) মানিক সাহা, মাননীয় মুখ্যমন্ত্রী, ত্রিপুরা সরকার।
সম্মানিত অতিথি : শ্রীযুক্ত সুধাংশু দাস, মাননীয় মন্ত্রী, তপশিলী জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও মৎস্য দপ্তর, ত্রিপুরা সরকার।
বিশেষ অতিথি : শ্রীযুক্ত পিনাকি দাস চৌধুরী, মাননীয় বিধায়ক,ত্রিপুরা বিধানসভা।
: শ্রীমতী সুপ্রিয়া দাস দত্ত, মাননীয়া সভাধিপতি, সিপাহীজলা জেলা পরিষদ।
: শ্রীমতী দীপা. ডি. নায়ার, আই, এফ, এস, সচিব, তপশিলী জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও মৎস্য দপ্তর,ত্রিপুরা সরকার।
: ডঃ সিদ্ধার্থ শিব জয়সওয়াল, আই.এ.এস, জেলাশাসক ও সমাহর্তা, সিপাহীজলা জেলা।
সভাপতি : শ্রীযুক্ত কিশোর বর্মণ, মাননীয় বিধায়ক, ত্রিপুরা বিধানসভা।

উক্ত অনুষ্ঠানে আপনাদের সানুরাগ উপস্থিতিতে নন্দিত হউক।

নিবেদক
জয়ন্ত দে
অধিকর্তা,
তপশিলী জাতি কল্যাণ দপ্তর, ত্রিপুরা সরকার।

ICA/D-1588/24

**PRESS NOTICE INVITING e-TENDER NO. EE-IED/PWD/AGT/66/2024-25 dated: 30/12/2024**

The Executive Engineer, Internal Electrification Division, PWD, Agartala: Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking/ enterprise and eligible Contractors/ Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class for internal electrification works registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Railway/ Gov't Organization of other State & Central having valid electrical contractor license issued by the Government of Tripura for the following work:-

| Sl No | Name of work | Estimated Cost | Earnest Money | Time of completion |
|---|---|---|---|---|
| 1 | ACE/Project Unit/PWD Buildings/Elect/DNIT/15/2024-25 | ₹ 58,99,416.00 | ₹ 1,17,988.00 | 100 (one hundred) days |

Last date and time for document downloading and bidding is on 20/01/2025 upto 3.00 PM and opening of bid at 3.30 PM on 20/01/2025, if possible. For more details kindly visit: https://tripuratenders.gov.in
The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in
ICA/C/3089

**For and on behalf of the Governor of Tripura
(DEBABIS PAUL)
Executive Engineer,
Internal Electrification Division, PWD (Buildings), Agartala, West Tripura
Contact: 8837256802**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 18/EE/WR-III/UDP/2024-25**

| | Name of Work | ESTIMATED COST (IN RS) | EARNEST MONEY (IN RS) | BID FEE (IN RS) | TIME FOR COMPLETION (IN MONTHS) | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND UPLOADING BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | DNIeT No. 54/EE/WR-III/UDP/DNIeT/2024-25 | 20,03,761 | 40,075 | 1000 | 03 (Three) Months | Up to 15.00 Hrs on 15.01.2025 | At 15.30 Hrs on 15.01.2025 (if possible) | Appropriate Class |
| 2 | DNIeT No. 55/EE/WR-III/UDP/DNIeT/2024-25 | 4,58,274 | 9,165 | 1000 | 60 (Sixty) Days | Up to 15.00 Hrs on 15.01.2025 | At 15.30 Hrs on 15.01.2025 (if possible) | Appropriate Class |

The Bid Forms and other details including online activities should be done in the e-procurement portal: https://tripuratenders.gov.in
ICA/C-3085/24

**For & on behalf of the Governor of Tripura
(Er. Rati Rn. Debbarma) Executive Engineer
Water Resource Division No.III
Udaipur, Gomati, Tripura**

**OFFICE OF THE COMMANDANT, 14TH BN TSR(IR-X)**

PRESS NOTICE INVITING e-TENDER NO:04/TSR-14/QM/E-Tender/2024-25 DATED, 27/12/2024
The Commandant, 14th Bn TSR(IR-X), Hichacherra, Jolaibari, South Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Bidders /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to 3.00 P.M. on 10/01/2025 for the following work:-

| Sl NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | DOCUMENT DOWNLOADING AND BIDDING AT APPLICATION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Construction of 01(one) TTS dining hall size(40' x 20'), half wall, GCI sheet walling and roofing in/c partition wall with 4' front varandha at 14th Bn TSR,HQr, Hichacherra,South Tripura. DNIT No. 15/TSR-14/QM/E-TENDER/2024-25 | Rs. 8,46,413.00 | Rs. 8,464.00 | 90(ninety) days | Up to 15.00 Hrs on 10/01/2025 | At 16.00 Hrs on 10/01/2025 | https://tripuratenders.gov.in | Appropriate Class |

For more details kindly visit: https://tripuratenders.gov.in
ICA/C/ 8081/24

**For and on behalf of the Governor of Tripura.
(Shishir Kumar Das) Commandant,
14th Bn TSR(IR-X) Hichacherra, Jolaibari, South Tripura**

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## ব্যায়ামের রুটিন ভাগ করে নিন, চাপ বাড়বে না



লক ডাউন পরবর্তী সময়ে এসে আমরা সবাই বুঝে গেছি যে নিজেকে মানসিক ও শারীরিকভাবে ফিট রাখা কতটা দরকার। তার সঙ্গে ওয়ার্ক ফ্রম হোম কালচারে পড়ে এটাও বুঝেছি যে বাড়ি ও অফিস একসঙ্গে সামলানো চাট্টিখানি কথা একেবারেই নয়।

সারাদিন চেয়ারে বসে একটানা কাজ করলে ওজন বাড়া তো সাধারণ ঘটনা। এছাড়াও ফলস্বরূপ শরীরে বাসা বাঁধতে পারে নানা রোগ। তার চেয়েও বড়ো একটি তথ্য সামনে এসেছে। সেই কথা হচ্ছে যে সাম্প্রতিক কিছু সমীক্ষা থেকে যে ফল পাওয়া গিয়েছে তাতে জানা গিয়েছে যে দিনে একবার মাত্র ব্যায়াম করা এবং সারাদিন চেয়ারে কাজ করে বসে কাটালে তেমন কোনো শারীরিক বা মানসিক লাভ হয় না। শরীরকে সারাদিন ধরে সুস্থ রাখতে আমরা যেমন সারাদিন ধরে খাদ্য গ্রহণ করি তেমন সারাদিন বসে বসে থেকে শুধু একটা সময়ে ব্যায়াম করলে কোনো লাভ হবে না। তাই নতুন গবেষণা বলছে যে কাজের সময় ভাগ করার মতোই আপনাকে নিজের ওয়ার্কআউটের সময়ও ভাগ করে নিতে হবে। আরো পোস্ট-চাকরি থাকবে কিনা বুঝতে পারছেন নাকী করবেন অনেক মহিলা বা পুরুষ যাদেরকে সংসারটাও সামলাতে হচ্ছে তারা কাজের ফাঁকে ফাঁকে গিয়ে ঘর পরিষ্কার, কাপড় কাঁচা, রান্না করা এমন কাজও করছেন। এতেও শরীরের ব্যায়াম হচ্ছে। এর পরে যদি কাজ থেকে ৪৫ মিনিটের একটা ব্রেক নিয়ে ভালোমতো পুরোপুরি ঘাম ঝরানোর শরীরচর্চা করা যায় তাহলে তো কথাই নেই। কিন্তু এটা আপনি তখন করতে পারবেন যখন আপনি কাজ থেকে ব্রেক বা অবসর নিতে পারবেন। সবক্ষেত্রে সেটা সবসময় করা যায় না। সেক্ষেত্রে কী করবেন? চেষ্টা করুন প্রতি এক ঘণ্টা কাজ করার পর তিন মিনিটের ব্রেক নিতে। এই তিন মিনিটের মধ্যে এক মিনিট আপনি কোনও ইনটেন্স ব্যায়াম করে নিন। যেমন একবারও না থেমে পাঁচটি বারপিস, তার পরে আবার দশটি জাম্পিং জ্যাক, সেই সঙ্গে দশটি স্কোয়াট, আবার কখনও সিঁড়িতে উপর-নিচ করে এলেন ১০ বার। এভাবে নিজে সাজিয়ে নিন যে আপনি কতক্ষণ ব্রেক নিতে পারবেন। সারাদিনে যেন অন্তত ৩০ মিনিট ব্যায়াম করতে পারেন সেই রুটিন আপনাকে বানাতে হবে।

## পলিহাউসে বাহারি ক্যাপসিকাম চাষে প্রবল ঝোঁক বাড়ছে এখন



পলিহাউসে বাহারি ক্যাপসিকাম। বাজারে ভাল দাম মেলায় চাষে ঝোঁক বাড়ছে কৃষকদের। সেপ্টেম্বর থেকে চাষ শুরু করতে হয়। তিনমাসেই ফলন পাওয়া যায়। গাছ বাঁচিয়ে রাখতে পারলে মে মাস পর্যন্ত ফলন পাওয়া সম্ভব। ঠিকমতো পরিচর্যা করতে পারলে গোটা মরশুমে প্রতিটি গাছ থেকে গড়ে ১৫ কেজি করে ফলন পাওয়া যায় বলে জানিয়েছেন উদ্যানপালন বিশেষজ্ঞরা। লাল, হলুদ, সবুজ, কমলা, সাদা, বেগুনী নানা রঙের হয়ে থাকে ক্যাপসিকাম। ভিটামিন ও অ্যান্টি অক্সিডেন্ট সমৃদ্ধ। সারা বছরই বাজারে চাহিদা থাকে। অনুষ্ঠানের মরশুমে এর দাম বাড়ে। এ রাজ্যে মূলত শীতকালীন ফসল হিসেবে ক্যাপসিকাম চাষ করা হয়ে থাকে। খোলা জমিতে চাষ করলে জানুয়ারি পর্যন্ত করা যায়। কিন্তু পলিহাউসে তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রিত থাকে বলে আরও তিন মাস বেশি ফলন পাওয়া যায়। উদ্যানপালন বিশেষজ্ঞরা জানিয়েছেন, ৫০০ বর্গমিটার পলিহাউসে মাটির বেড তৈরি করে গড়ে এক হাজার চারা লাগানো যায়। প্লাস্টিকের ট্রে-তে মাটি ও জৈবসার মিশিয়ে তাতে বীজ বুনে চারা তৈরি করা যেতে পারে। প্রতি কেজি বীজে ৩ গ্রাম থাইরাম দিয়ে বীজ শোধন করতে হবে। গোবরসার ও ভার্মি কম্পোস্ট মিশিয়ে মাটি ভাল করে চেলে নিয়ে তার সঙ্গে ট্রাইকোডার্মা ভিরিডি যোগ করে মাটি শোধন করা যেতে পারে।

ক্যাপসিকামের বীজ মাটির ২ সেমি গভীরে পুঁতে উপরে ঝুরো মাটি দিয়ে ঢেকে দিতে হবে। তারপর হাল্কা জল স্প্রে করে খড় দিয়ে ঢেকে দিতে পারলে ভাল। এক সপ্তাহ পর চারা বেরোতে দেখা যাবে। চারা বেরোনোর পর খড় সরিয়ে মশারি দিয়ে ঢেকে দিতে পারলে ভাল। চারার গোড়া যাতে পচে না যায়, সেজন্য ব্যাভিস্টিন বা ডাইথেন ব্যাভিস্টিন মিশ্রণ ১ গ্রাম প্রতি লিটার জলে মিশিয়ে গাছে স্প্রে করতে হবে। চারা বয়স ১৬ দিন হলে ইমিডাক্লোপ্রিড ১ মিলি প্রতি লিটার জলে মিশিয়ে আঠা সহযোগে স্প্রে করতে হবে। এতে সাদা মাছির আক্রমণ ঠেকানো যায়। ফলে ভাইরাসঘটিত পাতা কোঁকড়ানো রোগের আশঙ্কা কমে। ক্যাপসিকামের এটিই অন্যতম রোগ। এই রোগে গাছের পাতা লঙ্কার মতো কুঁকড়ে যায়। সাদা মাছি ওই ভাইরাসের বাহক। একবার এই রোগের আক্রমণ হলে তখন আর কিছু করার থাকে না। ফলে আগে থেকে ব্যবস্থা নিতে হবে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জানিয়েছেন, তারা ক্যাপসিকামের বিভিন্ন জাতের মধ্যে সংকরায়ণ ঘটাচ্ছেন। এতে ক্যাপসিকামের রং ও আকার আরও ভাল হচ্ছে। বাগান বিলাসিরা টবেও ক্যাপসিকাম ফলাতে পারেন। তবে সাদা মাছির আক্রমণ রুখতে বিশেষ ব্যবস্থা নিতে হবে। ক্যাপসিকামের চারার বয়স ১৫ দিন হলে অ্যামোনিয়াম ফসফেট ৩ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে পারলে শিকড় ও গাছের স্বাস্থ্য ভাল হয়। একমাস বয়সের চারা ৩-৪টি পাতা হলে তখন ওই চারা মূল জমিতে বসানো উচিত। হলুদ রঙের ক্যাপসিকামের উন্নত জাতগুলি হল, অ্যাঞ্জেল, গোলেন্ড ইয়েলো, অর্কা গৌরব, ইয়েলো ওয়ান্ডার। লাল রঙের ক্যাপসিকামের উন্নত জাত, অদিতি, আশা, ক্যালিফোর্নিয়া ওয়ান্ডার। কমলা রঙের ক্যাপসিকামের উন্নত জাত, কালার-৮, আইএসপি-৭। বেগুনী রঙের ক্যাপসিকামের জাত নিকিতা। কালো রঙের ক্যাপসিকামের জাত স্পিনাজ। সাদা রঙের ক্যাপসিকামের জাত কালার-৬, কালার-৭।


পলিহাউসে প্রথমে বেড তৈরি করতে হবে। বেডে মাটি ফরমালিন দিয়ে শোধন করে নেওয়া উচিত। ১ লিটার জলে ৪০ মিলি ফরমালিন মেশাতে হবে। মাটি শোধনের পর পলিথিন দিয়ে ঢেকে দিতে হবে। মাটি থেকে ১৫ সেমি উঁচু হতে হবে বেড। চওড়া হবে ১০০ সেমি। প্রয়োজনমতো বেড লম্বা করা যেতে পারে। একটি বেড থেকে অন্য বেডের দূরত্ব হবে ৪৫ সেমি। একই বেডে দু'টি গাছের মধ্যে দূরত্ব হবে ৫০ সেমি। ড্রিপ ইরিগেশনের ব্যবস্থা থাকলে ভাল। চারা বসানোর সময় সামান্য ঠাণ্ডার প্রয়োজন। চারা লাগানোর সময় গাছ প্রতি ১০ গ্রাম ইউরিয়া, ২৫ গ্রাম সিঙ্গল সুপার ফসফেট ও ২০ গ্রাম মিউরিয়েট অফ পটাশ দিতে হবে।

এক মাস পর একই মাত্রায় প্রথম চাপান দিতে হবে। ৮০ দিন পর গাছ প্রতি ১০ গ্রাম ইউরিয়া দিতে হবে দ্বিতীয় চাপান হিসেবে। চারার গোড়ার দিকের কিছু পাতা ফেলে দিতে হবে। প্ল্যানোফিক্স প্রয়োজনে গাছে প্রচুর ফুল আসে এবং ফল ধরতে সাহায্য করে। ফুল ঝরা ঠেকাতে দু'সপ্তাহ অন্তর দু'বার ২৫ পিপিএম জিএ বা ৫০ পিপিএম এনএএ হরমোন প্রয়োগ করা যেতে পারে। ঠিকমতো পরিচর্যা করতে পারলে একটি ক্যাপসিকামের ওজন ৩৫০ গ্রাম হতে পারে। খোলা জমিতে বিঘা প্রতি ১০-২২ কুইন্টাল ফলন পাওয়া যায়। কিন্তু পলিহাউসে বিঘায় প্রায় ৩০ কুইন্টাল ফলন মিলতে পারে। চারা রোপণের পর ল্যাদাপোকার আক্রমণ হতে পারে। এই পোকা গাছের পাতা খেয়ে নেয়। কেরোসিন মেশানো ছাই গাছের গোড়ায় দিতে হবে। কার্বরিল ২ গ্রাম, প্রতি লিটার জলে গুলে স্প্রে করলে সুফল মিলবে। সাদা মাছির আক্রমণ রুখতে চারা রোপণের তিন দিন আগে ইমিডাক্লোপ্রিড ১ মিলি, ৩ লিটার জলে গুলে স্প্রে করতে হবে। রোপণের ১০ দিন পর ১ মিলি ইমিডাক্লোপ্রিড, ১ লিটার জলে গুলে বা ১ মিলি ফিপ্রোনিল ১ লিটার জলে গুলে স্প্রে করা যেতে পারে। আঠা লাগানো রঙিন বোর্ড পলিহাউসে ঝুলিয়ে রাখলে জাবপোকা বা সাদামাছির আক্রমণ অনেকটা রোধ করা যায়।

## নারী-পুরুষ মস্তিষ্কের ভিন্নতা

কর্মক্ষেত্রে বা শিক্ষা প্রতিষ্ঠানে একে অন্যকে সহযোগিতা করতে আমরা দলবদ্ধ হয়ে কাজ করে থাকি। অনেক সময় মতের বিল হয় না। বিশেষত লিঙ্গ প্রশ্ন এলে। এর কারণ উঠে এসেছে সম্প্রতি একটি জার্নালে প্রকাশিত গবেষণা প্রতিবেদনে। বিশেষজ্ঞরা বলছেন, সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে নারী এবং পুরুষের মস্তিষ্কের বিভিন্ন অংশ আলাদা আলাদাভাবে সক্রিয় থাকে। বিষয়টা এমন নয়- নারী বা পুরুষ একে অন্যকে সহযোগিতা করতে পারে না।


এই গবেষণার জ্যেষ্ঠ স্বত্তাধিকারী এবং স্ট্যান্পফোর্ড অন্যদিকে নারীরা সমস্যার একটি বৈশিষ্ট্য ধরে ধরে সমাধান করে এবং তুলনা করে। নারীরা সূত্রের ব্যবহারও বেশি করে থাকে। একজন পুরুষ কৌশল অবলম্বন করার ক্ষেত্রে গাণিতিক নমুনা নির্ধারণ কর ভেন চিত্র তৈরি করে। রেইস এবং তার সহকর্মীরা মোট ২২ জনকে গবেষণায় অন্তর্ভূক্ত করেন নারী এবং পুরুষের চিন্তর পার্থক্য খুঁজে বের করতে। তারা বলেন, 'নারী এবং পুরুষের চিন্তায় যে পার্থক্য এটা দেখে বিস্মিত হওয়ার কিছু নেই। নানা দিক থেকে বিষয়টি খুব স্বাভাবিক'। দলবদ্ধ হয় কাজ করার ক্ষেত্রে এই গবেষণা খুবই কার্যকর



ইউনিভার্সিটি স্কুল অব মেডিসিনের অধ্যাপকের মতে, বরং তাদের সহযোগিতা করার ক্ষেত্রে সামান্য পার্থক্য আছে। অতীতের গবেষণায় নারী পুরুষের সহযোগিতা করার ক্ষেত্রে পার্থক্য খুঁজে পাওয়া না গেলেও, নতুন গবেষণায় দেখা যাচ্ছে যখন নারী এবং পুরুষ একসঙ্গে সমস্যা সমাধান করতে যান তাদে রকৌশলগত কিছু পার্থক্য থাকে। একজন পুরুষ সমস্যা সমাধান করার ক্ষেত্রে সামগ্রিকভাবে চিন্তা করে, কোনো বিষয় সম্পর্কে দৃশ্যকল্পনা তৈরি করে। ভূমিকা পালন করবে। বিশেষত, বিশেষ শিশুরা যাদের সামাজিক আচরণগত সমস্যা রয়েছে তাদের জন্য আরও বড় আকারে এই গবেষণা চালানো হলে চিকিৎসা ক্ষেত্রেও নতুন দ্বার উন্মুক্ত হবে। বিভিন্ন প্রতিবন্ধকতা নিয়ে যেসব শিশুরা জন্ম নে, তারা হতাশ, উদ্বিগ্নতাসহ নানা অনুভূতির বহিঃপ্রকাশ করতে পারে না। সমস্যা সমাধানের ক্ষেত্রেও তারা সিদ্ধান্তহীনতায় ভোগে। আরও গভীরভাবে গবেষণা করা হলে, তাদের সঙ্গে সেতুবন্ধন সৃষ্টি করা যাবে, যোগ করেন রেইস।

## অন্ত্রের জন্য ব্রকলি প্রয়োজনীয়তা

যদিও এখনও গবেষণার পর্যায় আছে. তবে এটা নিশ্চিত হওয়া গেছে যে ব্রকলির নির্যাস থেকে বানানো প্রোবায়োটিক কোলেরেক্টাল কোষ ধ্বংস করতে পারে। আর এই গবেষণাটি চালিয়েছে ন্যাশ সিঙ্গাপুরের গবেষকরা। তারা ব্রকলির নির্যাস ও জল সমৃদ্ধ খাদ্য উপাদানের সমন্বয়ে একটি প্রোবায়োটিক তৈরি করেন। এই মিশ্রণটি এটি পাত্রের ৯৫ শতাংশের বে শি কোলেরেক্টারাল ক্যান্সারের ধ্বংস করে। মল নালি থেকে মলাশয় পর্যন্ত যদি ক্যান্সার হয়, তকে কোলোরেক্টাল ক্যান্সার বলা হয়। যদিও এই ধরনের ক্যান্সার হলে প্রথম পর্যায় পাচ বছর পর্যন্ত বেচে থাকার হার বেশি। তবে পরবর্তী পর্যায়ে বেচে থাকা ও পুনরায় এই ক্যান্সারে হওয়ার ঝুঁকি বেড়ে যায়। বিশ্বজুড়ে ক্যান্সারের ক্ষেত্রে কোলোরেক্টাল ক্যান্সারের অবস্থান তৃতীয়। ফুসফুস ও মূত্রথলির ক্যান্সারের পরেই এর অবস্থান। ব্রকলির নির্যাস থেকে তৈরি এই প্রোবয়েটিক ইদুরের উপর প্রয়োগ করে গবেষকরা দেখতে পান, শুধু ক্যান্সারের কোষই নয়, টিউমারের সংখ্যাও কমাতে পারে ৭৫ শতাংশ। তবে এই মিশ্রণ অন্যান্য কান্সার কোষ যেমন, স্তন ও পাকস্থলির উপর কোনো প্রবাব রাখে না। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও প্রধান গবেষক চু লুং হো বলেন, একদিন কোলোরেক্টাল ক্যান্সার রোগীর চিকিৎসা বা অপারেশনের পরে এর পুনরাবৃত্তি কমাতে এই প্রোবায়োটিক ব্রকলির সঙ্গে সম্পূরক হিসেবে গ্রহণ করবেন।



## বান্ধবীকে গিফট দেবেন, কম দামে পছন্দ করুন ভালো ব্যাগ



ব্যাগ যে কোন মানুষের কাছেই অত্যন্ত প্রয়োজনীয় একটি জিনিস। ছেলে হোক বা মেয়ে সকলের কাছেই অত্যন্ত প্রয়োজনীয় বিষয়ের মধ্যে একটি হল ব্যাগ। কিন্তু অনেক সময়েই এই ব্যাগ কেবলমাত্র প্রয়োজনীয় না হয়ে উপহারের ক্ষেত্রে অন্যতম সেরা উপহার হয়ে ওঠে। বিশেষ করে নিজের প্রিয় বান্ধবীকে উপহার দেওয়ার ক্ষেত্রে এই ব্যাগ যথেষ্ট ভালো উপহারের মধ্যে একটি। অ্যামাজন থেকে অত্যন্ত কম দামে কিনতে পারেন এই ব্যাগ। ব্যাগ নিয়ে অনেক সময়েই মেয়েদের মধ্যে আকর্ষণ কাজ করে। পাশপাশি অনেক সময়েই পুরুষদের নিজেদের সঙ্গিনীকে উপহার দেওয়ার ক্ষেত্রে পড়তে হয় যথেষ্ট অসুবিধার মধ্যে। আর সেই কারণেই এবারে অ্যামাজনের তরফে নিয়ে আসা হল এই চমক। আকর্ষণীয় লুকের ব্যাগ পছন্দ করবেন অধিকাংশ মহিলারাই। অত্যন্ত সাধারণ ডিজাইনের মধ্যেও ব্যাগটির রংও যথেষ্ট আকর্ষণীয়। পাশপাশি অতিরিক্ত ডিজাইন না হওয়ার ফলে যারা ছিমছাম জিনিস পছন্দ করেন তাদের কাছে এই ব্যাগটি যথেষ্ট পছন্দের হবে। এই ব্যাগটি ক্রেতারা পেতে পারবেন ৭০ শতাংশ ছাড়ে। ফলে ক্রেতাদের দিতে হবে মাত্র ৮০৭ টাকা। পাশপাশি ক্রেতারা বাঁচাতে পারবেন ১৮৮৩ টাকা। এছাড়াও গ্রাহকদের জন্য রয়েছে অতিরিক্ত বেশ কিছু সুবিধা। জানানো হয়েছে অ্যামাজন পে অথবা ব্যাংকের কার্ড ব্যবহার করলে পাভেন ৫ শতাংশ পর্যন্ত ছাড়ের সুবিধা পাওয়া যাবে। এছাড়াও জানানো হয়েছে অ্যামাজন পে ব্যবহার করলে কমপক্ষে ১০০ টাকা পর্যন্ত ক্যাশ ব্যাকের সুবিধা পাবেন ক্রেতারা। অত্যন্ত জনপ্রিয় এই ব্র্যান্ডের অন্যান্য ব্যাগ একাধিক মানুষজন ব্যবহার করে থাকেন। তবে তার মধ্যেও এই কোম্পানির তরফে ক্রেতাদের জন্য বারংবার নিয়ে আসা হয়ে থাকে একাধিক সুবিধা। বিশেষ করে যারা উপহার দেওয়ার কথা ভাবছেন তাদের কাছে এই ব্যাগ সেরা উপায় হতে পারে। পরিস্কার উজ্জ্বল রঙের সঙ্গে সহজ একটি ডিজাইন হওয়ার ফলে অনেকের কাছেই এটি গ্রহণযোগ্য হয়ে উঠবে।

## পায়ের ব্যায়ামে এই ভুলগুলি করছেন না তো




আজকাল আমরা দৌঁড়াদৌড়ির মধ্যে থেকে নিজেদের নানা দায়িত্ব সামলাতে ভুলে যাই। কিন্তু দিনের শেষে নিজেদের মানসিক ও শারীরিক বিশ্রাম ও শান্তির জন্যে নিজেদেরকেই ভাবতে হবে। তাই নিজেদের সুস্থতায় আপনারা রোজ একটু হলেও করুন শরীরচর্চা বা ব্যায়াম। শরীরচর্চা বলতেই অনেকে ভাবেন জিমের কথা। কিন্তু জিম না করেও নিয়মিত রাখা যায় নিজেদের পেশী শক্ত ও সুস্থ। এর প্রমাণ জিমপ্রেমীরা পেয়েছেন লক ডাউনে। তারা বাড়িতেই করেছেন এই সময়টায় জিম। কিন্তু আপনারা যারা বাড়িতে শরীরচর্চা করেন জিমের মতো, তারা অনেকেই ঠিক মতো জিমের নিয়ম মেনে ব্যায়াম করতে পারেন না। তারা জানেন না সেই নিয়মগুলি।

১. পায়ের মাসলগুলো যেহেতু আকারে বড়ো হয় তাই ব্যায়াম করতে গেলেই ব্যথা হবে মাসেলে। কিন্তু এতে ভয় পাওয়ার মতো কিছু নেই। ব্যায়াম করার আগে একটু ওয়ার্ম আপ বা স্ট্রেচ করে নিন। হাঁটু গুলিকে নজরে রেখে যাবতীয় ব্যায়াম করবেন। নি-গার্ড পরে নিতে পারেন। আরো পোস্ট- স্নানের জলে মেশান এই কয়েকটি জিনিস, ত্বকে ফিরবে জেল্লা

২. ব্যায়ামের উপযোগী জুতো পরা উচিত ব্যায়াম করার সময়। এতে আপনাদের পা সুরক্ষিত থাকবে। জুতোর সঙ্গে সুতির মোজা পরাটাও খুব জরুরি এটা অনেকেই জানেন না। তবে এতে নাকি পায়ের নিরাপত্তা বজায় থাকে। জিমের জন্যে উপযুক্ত জুতো আপনার নেই? আপনি খুঁজছেন? চিন্তা করবেন না। আপনাদের জন্যে রইলো একটি লিংক। এখানে ক্লিক করে আপনারা পছন্দের ব্যায়ামের জুতোটি বেছে নিতে পারেন। ৩. স্কোয়াট আর লাঞ্জেস জিমের এই দুটি ব্যায়াম পায়ের জন্যে খুব ভালো ব্যায়াম। ইনস্ট্রাক্টর ছাড়া প্রথম প্রথম একা একা ব্যায়াম করবেন না। অনলাইন ক্লাস করলেও ট্রেনার নিয়ে নেবেন। তিনি আপনাকে যাবতীয় খুঁটিনাটি বুঝিয়ে দেবেন। বিশেষ করে যারা বয়স্ক তাদেরকে বুঝেশুনে করা উচিত ব্যায়াম। পায়ের ব্যায়াম করার আগে ও পরে স্ট্রেচিং করা উচিত সবসময়। প্রতিদিন এমন ব্যায়াম করবেন না। বিশ্রাম দিন পায়ের পেশিগুলিকে। আবার ব্যায়াম করবেন না সেদিন ৩০ মিনিট মতো হাঁটাচলা করতে পারেন আপনি। এতেও সচল থাকবে পেশী।

## সুস্থ থাকতে সকালে ঘুম থেকে উঠেই প্রথমে জল পান করুন



জলের অপর নাম জীবন। কারণ, আমাদের শরীরের ৭০ শতাংশই জল দিয়ে তৈরি। তাই শরীরে জলের স্বাভাবিক পরিমাণ বজায় রাখা অত্যন্ত জরুরি। সকলেই উঠেই আগে এক গ্লাস জল খাওয়ার পরামর্শ দেন বিশেষজ্ঞরা। কিন্তু এর ফলে শরীরে আদৌ কোনও প্রভাব পড়ে কিনা? সেই বিষয়ে আপনার মনে সন্দেহ থাকতেই পারে। তাহলে জেনে নিন সকালে ঘুম থেকে উঠে প্রথমেই জল খাওয়ার প্রয়োজনীয়তা আছে কেন।

এক ঃ জল বেশি করে খেলে ক্যালোরি ইনটেক কম হয়। কারণ শরীরে জলের ঘাটতি না থাকলে চট করে ক্ষিদে পায় না। তাই যারা ওজন ঝরানোর চেষ্টা করছেন, তাদের সকালে উঠেই জল খাওয়ার পরামর্শ দেওয়া হয়।

দুইঃ সারা রাত ঘুমানোর কারণে সকালে আমাদের শরীরে জলের ঘাটতি দেখা দেয় বলে অনেকেই মনে করেন। সেই কারণে, সকালের প্রথম ইউরিন গাঢ় রঙের হয়। তবে এই ধারণা পুরোপুরি ঠিক নয়। ইউরিনের রং সব সময় শরীরে জলের পরিমাণ বোঝায় না।

তিন ঃ আমাদের শরীরের দুটি কিডনির কাজ হল শরীর থেকে টক্সিন বের করে দেওয়া। আর তার জন্য শরীরের যথেষ্ট জলের প্রয়োজন। তবে এর সঙ্গে সময়ের কোনও সম্পর্ক নেই। সকালে হোক বা পরে হোক জলের ঘাটতি যেন শরীরে না থাকে. চার ঃ সকালে উঠেই যে জল খাওয়া খুব জরুরি, এমন কোনও প্রমাণ পাওয়া যায়নি। তবে সকালে উঠে জলপানের মধ্যেও কোনও খারাপ দিক নেই। তাই এই অভ্যাস আপনার থাকলে, আপনি নতা চালিয়ে যেতেই পারেন এমনটাই জানাচ্ছেন গবেষকরা।




মঙ্গলবার গর্ভরনর পেনশনার্সর উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়।

# ফিরে দেখা ২০২৪, বিষয় : অপরাধজনিত জঙ্গি কার্যকলাপ, বাল্যবিবাহ

গুয়াহাটি, ৩১ ডিসেম্বর (হি.স.) : কালচক্র অতিক্রম করে পেরিয়ে গেল আরও একটি বছর, ২০২৪। বিদায়ী এক বছরে সহস্রাধিক খবরের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের বহু খবরও সংবাদ শিরোনাম দখল করেছে। ২০২৪-এর ফ্ল্যাশব্যাকে অপরাধজনিত, জঙ্গি কার্যকলাপ বাল্যবিবাহ সম্পর্কিত কয়েকটি খবর, যেগুলো স্মৃতিতে অমোঘ হয়ে আছে সেগুলো ক্রমান্বয়ে তুলে ধরার চেষ্টা করেছে হিন্দুস্থান সমাচার ...

করিমগঞ্জ (অসম), ৯ জানুয়ারি (হি.স.) : রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স (এসটিএফ)-এর ডিআইজি পার্থসারথি মহন্ত এবং করিমগঞ্জের পুলিশ সুপার পার্থপ্রতিম দাসের নেতৃত্বে পরিচালিত অভিযানে বাজেয়াপ্ত ১০০ কোটি টাকার হেরোইন, ইয়াবা ট্যাবলেট এবং বিদেশি সিগারেট বাজেয়াপ্ত করেছে পুলিশ। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার এক মহিলা সহ চারজন যথাক্রমে পাথারকান্দির বাসিন্দা নুর আহমেদ, মিজোরামের বাসিন্দা জোসাংলিয়ানি, লালচামলিয়ানি এবং রমঙ্গেকা।

আগরতলা, ৯ জানুয়ারি (হি.স.) : ধলাই জেলার অন্তর্গত আমবাসার বেতবাগান এলাকায় পুলিশের অভিযানে উদ্ধার ১.৪১ কোটি টাকার গাঁজা।

গোলাঘাট (অসম), ১০ জানুয়ারি (হি.স.) : গোলাঘাট জেলার অন্তর্গত জামুগুড়িতে পুলিশের অভিযানে উদ্ধার প্রায় তিন কোটি টাকার হেরোইন। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার সোনারির বাসিন্দা নাজিম শেখ।

ইমফল, ১০ জানুয়ারি (হি.স.) : বিষ্ণুপুর এবং চূড়াচাঁদপুর জেলার সীমান্তবর্তী গ্রামে দফায় দফায় গোলাগুলির ঘটনায় চার জনের মৃত্যু। নিহতরা যথাক্রমে ওইনাম রোমেন মেইতেই (৪৫), আহানথেম দারা মেইতেই (৫৬), থৌদাম ইবোমচা মেইতেই (৫৩) এবং থৌদাম আনন্দ মেইতেই (২৭)। তাঁদের মধ্যে দুজন একই পরিবারের, আহানথেম ও তার ছেলে আনন্দ। গ্রামের শতাধিক বাসিন্দাকে অন্যত্র স্থানান্তর নিরাপত্তা বাহিনীর।

আইজল, ১৩ জানুয়ারি (হি.স.) : মিজোরামের চামরাই জেলার অন্তর্গত মায়ানমার সীমান্তবর্তী জোখাওথা গ্রাম থেকে ৫.৬৩ কোটি টাকার ড্রাগস ও বিদেশি সিগারেট বাজেয়াপ্ত আসাম রাইফেলস এবং কাস্টমস বিভাগের।

ইমফল, ১৭ জানুয়ারি (হি.স.) : মণিপুরে আসাম রাইফেলস-এর অভিযানে ৮.৪০ কোটি টাকার আটটি বার্মিজ সুপারি বোঝাই ট্রাক বাজেয়াপ্ত।

ইমফল, ১৭ জানুয়ারি (হি.স.) : মণিপুরের তেংনোপাল জেলার অন্তর্গত ভারত-মায়ানমার সীমান্তবর্তী তেংনোপাল জেলাধীন মোরে শহর সংলগ্ন সিকিম গ্রাম এবং কানানভেঙে সংগঠিত নিরাপত্তা বাহিনীর ওপর সন্দেহজনক সশস্ত্র কুকি জঙ্গিদের অতর্কিত মর্টার-হামলায় শহিদ দুই জওয়ান এবং ঘায়েল দুই জওয়ান।

ইমফল, ১৯ জানুয়ারি (হি.স.) : মণিপুরে সশস্ত্র জঙ্গি হামলায় পাঁচ জন সাধারণ নাগরিকের মৃত্যু এবং জখম তিন।

ইমফল, ২২ জানুয়ারি (হি.স.) : মণিপুরে পুলিশি অভিযানে উদ্ধার ২.৬ কোটি টাকার হেরোইন। মাদক পাচারে জড়িত অভিযোগে গ্রেফতার সহিদুর এবং সমীর খান।

গুয়াহাটি, ২৪ জানুয়ারি (হি.স.) : গুয়াহাটিতে স্পেশাল টাস্ক ফোর্সের অভিযানে ১২ কোটি টাকার গাঁজা উদ্ধার। গাঁজা পাচারের অভিযোগে লখিমপুর জেলার অন্তর্গত বিহপুরিয়ার বাসিন্দা রাজু শর্মা (৪৬) এবং কাছাড় জেলার অন্তর্গত লক্ষ্মীপুরের বাসিন্দা বিশ্বজিৎ দাস (২৯) নামের দুজন গ্রেফতার।

ইমফল, ২৭ জানুয়ারি (হি.স.) : ইমফল পূর্ব ও কাংপোকপির দুটি স্থানে বিবদমান দুই গোষ্ঠীর মধ্যে সংঘটিত সহিংসতায় হত এক এবং আহত চার।

আইজল, ৩১ জানুয়ারি (হি.স.) : মিজোরামে আসাম রাইফেলস-এর পৃথক দুটি অভিযানে ৩০.১৭ কোটি টাকার মাদকদ্রব্য। এর সঙ্গে গ্রেফতার দুই ব্যক্তি।

আইজল, ৬ ফেব্রুয়ারি (হি.স.) : মিজোরামে ৩১.১১৫ কোটি টাকা মূল্যের ১০.৩৮৫ কিলোগ্রাম মাদক 'ক্রিস্টাল মেথ' সমেত গ্রেফতার এক মহিলা সহ দুজন। ধৃতরা লেংপুই এলাকার বাসিন্দা জনৈক জেডডি লালভুঙ্গার মেয়ে মালসাওমজুয়ালি (৩৮) এবং একই এলাকার বাসিন্দা লালথলামুয়ানার ছেলে লালচান্দামা (১৯)।

আগরতলা, ৬ ফেব্রুয়ারি (হি.স.) : ত্রিপুরায় নিয়োজিত ১০৯ ব্যাটালিয়ন বিএসএফ-এর জওয়ানরা রাজ্যের দক্ষিণ জেলার অন্তর্গত সমরগঞ্জ থেকে ২৩ জন বাংলাদেশি পাচারকারীর হেফাজত থেকে ৬,২৫০ কেজি চিনি উদ্ধার করেছে।

করিমগঞ্জ (অসম), ৬ ফেব্রুয়ারি (হি.স.) : করিমগঞ্জে পুলিশি অভিযানে উদ্ধার পাঁচ কোটি টাকার হেরোইন। এর সঙ্গে গ্রেফতার করিমগঞ্জ জেলার অন্তর্গত কালিগঞ্জের খাগাইল গ্রামের কয়েজ আহমেদ এবং মেহবুব হুসেইন।

আইজল, ১০ ফেব্রুয়ারি (হি.স.) : মিজোরামের চামফাই জেলায় আসাম রাইফেলস-এর অভিযানে উদ্ধার ১.৭৫ কোটি টাকার মাদকদ্রব্য।

বাজারিছড়া (অসম), ১৪ ফেব্রুয়ারি (হি.স.) : পাথরের চিপস বোঝাই ১৬ চাকার লরি থেকে প্রায় দেড় কোটি টাকার নিষিদ্ধ কফ সিরাপ ফেন্সিডাইল উদ্ধার করিমগঞ্জ জেলার অন্তর্গত বাজারিছড়া থানাধীন অসম-ত্রিপুরা আন্তঃরাজ্য সীমান্ত চুড়াইবাড়িতে।

ইমফল, ১৭ ফেব্রুয়ারি (হি.স.) : মণিপুরের কাকচিং জেলায় সশস্ত্র কুকি দুর্বৃত্তদের বন্দুক হামলায় জখম বিএসএফ-এর ১৩৬ ব্যাটালিয়নের হেড কনস্টেবল হিমাচল প্রদেশের বাসিন্দা সোম দত্ত (৪৫)।

লামডিং (অসম), ২২ ফেব্রুয়ারি (হি.স.) : লামডিঙে পুলিশের গুলিতে জখম ড্রাগস-মাফিয়া আব্দুল আলি ওরফে আবুল হুসেন।

শিলচর (অসম), ২৩ ফেব্রুয়ারি (হি.স.) : দক্ষিণ অসমের কাছাড় জেলায় পৃথক পৃথক স্থানে আসাম রাইফেলস ও পুলিশ পরিচালিত অভিযানে বাজেয়াপ্ত ২.৯৪ কোটি, ২৭.৩০ লক্ষ সহ মোট ২৪ কোটি টাকার মাদক দ্রব্য উদ্ধার। এর সঙ্গে গ্রেফতার করা হয় তিন মাদক পাচারকারীকে।

লামডিং (অসম), ২২ ফেব্রুয়ারি (হি.স.) : লামডিঙে পুলিশের গুলিতে জখম ড্রাগস-মাফিয়া আব্দুল আলি ওরফে আবুল হুসেন। পুলিশ ও ড্রাগস-মাফিয়া এবং তার পরিবারের সদস্যদের মধ্যে সংগঠিত সংঘর্ষে জখম পুলিশের এক জওয়ান। এ ঘটনায় পুলিশের হাতে গ্রেফতার দুই মহিলা সহ চার দুষ্কৃতী।

আগরতলা, ২৪ ফেব্রুয়ারি (হি.স.) : পশ্চিম ত্রিপুরা জেলার সিধাই মোহনপুর থানার অধীন বিজয়নগর এলাকায় আসাম রাইফেলস—এর জওয়ানদের হাতে উদ্ধার ১,০২৪ কেজি ওজনের প্রায় চার কোটি টাকার গাঁজা।

ইমফল, ২৭ ফেব্রুয়ারি (হি.স.) : মণিপুরের ইমফল পূর্ব জেলায় এদিন সন্ধ্যারাত প্রায় ৬:৫০টায় অতিরিক্ত পুলিশ সুপার (অপারেশন)-এর গাড়িকে লক্ষ্য করে গুলি বর্ষণ সশস্ত্র জঙ্গিদের। দুর্বৃত্তদের গুলিতে জখম অতিরিক্ত পুলিশ সুপার এম অমিত সিং, তাঁর দুই এসকর্ট খুলেমবাম বিক্রম সিং এবং মেইত্রেম প্রশান্ত সিং।

ইমফল, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : আধাসেনার অভিযানে উদ্ধার মণিপুরে সশস্ত্র হামলাবাজদের হাতে অপহৃত ইমফল পশ্চিমের অতিরিক্ত পুলিশ সুপার (এএসপি) সহ তিনজন।

শিলং, ১ মার্চ (হি.স.) : মেঘালয়ের পূর্ব খাসিপাহাড় জেলায় বিএসএফ এবং চোরাকারবারির মধ্যে সংঘর্ষে মৃত্যু এক চোরাকারবারির। আহত তিন বিএসএফ জওয়ান সহ চারজন।

শিলং, ৪ মার্চ (হি.স.) : রি-ভোই জেলায় পুলিশের অভিযানে বাজোপ্ত ২০ কোটি টাকার ৪,৭৫০ কেজি গাঁজা।

আইজল, ৪ মার্চ (হি.স.) : মিজোরামের চামফাই জেলায় আসাম রাইফলস, কাস্টমস আধিকারিকদের অভিযানে উদ্ধার প্রায় ৭.১০ কোটি টাকার হেরোইন এবং প্রায় ২২.৯৫ লক্ষ টাকার ২০০ কার্টুন বিলাতি মদ। এদিন আসাম রাইফেলস এবং মিজোরাম পুলিশের সিআইডি-র পৃথক অভিযানে প্রায় ৪৯.৫৭ লক্ষ টাকার ৭ বস্তা নিষিদ্ধ গাঁজা উদ্ধার। গ্রেফতার এক।

আইজল, ৪ মার্চ (হি.স.) : মিজোরামের চামফাই জেলায় আসাম রাইফেলস-এর অভিযানে উদ্ধার ৬.৫৫ কোটি টাকার হেরোইন।

ইমফল, ৮ মার্চ (হি.স.) : নিরাপত্তা বাহিনীর অভিযানে অক্ষত উদ্ধার অপহৃত ভারতীয় সেনা বাহিনীর জুনিয়র কমিশনড অফিসার (জেসিও) কনসাম খেদা সিং।

চুড়াইবাড়ি (ত্রিপুরা), ১০ মার্চ (হি.স.) : বাগবাসায় ৫ কোটি টাকার মাদক ইয়াবা ট্যাবলেট সহ অসমের বাসিন্দা তিনজনকে গ্রেফতার। ধৃতরা দক্ষিণ অসমের করিমগঞ্জ জেলার রানিবাড়ি গ্রামের বাসিন্দা আব্দুল মাতাব ও জনাব আলি এবং রাতাবাড়ির বুরহান উদ্দিন।

বাজারিছড়া (অসম), ১৬ মার্চ (হি.স.) : প্রায় ৬.৫ কোটি টাকার নেশাজাতীয় কফ সিরাপ উদ্ধার করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি) জেলার অন্তর্গত ত্রিপুরা সীমান্তবর্তী চুরাইবাড়িতে। গ্রেফতার মধ্যপ্রদেশের অশোকনগরের বাসিন্দা তথা লরি চালক রবি শর্মা এবং পাথারকান্দির (অসম) কলকলিবস্তির সুশীল শুক্লবৈদ্য।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ৩১ মার্চ (হি.স.) : জেলার অন্তর্গত গিরীশগঞ্জ ওয়াচ পোস্ট পুলিশের অভিযানে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী উলুকান্দির হামিদপুর এলাকায় এক কোটি টাকার বেশি মূল্যের নেশাজাতীয় কফ সিরাপ ফেন্সিডাইল সহ গ্রেফতার জনৈক মইন উদ্দিন নামের মাদক কারবারি।

শিলচর (অসম), ৪ এপ্রিল (হি.স.) : ২১০ কোটি টাকার হেরোইন বাজেয়াপ্ত কাছাড়ের জেলা সদর শিলচরে। হেরোইন পাচারের অভিযোগে গ্রেফতার এক।

ইমফল, ১৬ এপ্রিল (হি.স.) : ইউকেএনএ নামের এক সংগঠনের গুলিবর্ষণ ও অগ্নিসংযোগে ক্ষতিগ্রস্ত কয়েকটি তেলবাহী ট্যাংক।

ইমফল, ২০ এপ্রিল (হি.স.) : ৪০০ কেভি পিজিসিআইএল-এর টাওয়ার ধ্বংস কেআরএ (কুকি) জঙ্গিদের।

ইমফল, ২৩ এপ্রিল (হি.স.) : মণিপুরের কাংপোকপিতে কেআরএ (কুকি) জঙ্গিদের তিনটি শক্তিশালী আইইডি বিস্ফোরণে ক্ষতিগ্রস্ত ২ নম্বর জাতীয় সড়ক ও সেতু।

শিলচর (অসম), ২ মে (হি.স.) : দক্ষিণ অসমের বরাক উপত্যকার কাছাড় জেলার অন্তর্গত সোনাইয়ে আসাম রাইফেলস-এর অভিযানে উদ্ধার ৪.০৪ কোটি টাকার হেরোইন।

শিলচর (অসম), ১০ মে (হি.স.) : কাছাড়ের ধলাই থানাধীন চান্নিঘাট এলাকায় পৃথক পৃথক অভিযানে প্রায় সাত কোটি টাকার হেরোইন সহ তিন মাদক কারবারি গ্রেফতার।

বদরপুর (অসম), ১৫ মে (হি.স.) : করিমগঞ্জ (শ্রীভূমি) জেলার অন্তর্গত বদরপুরে পুলিশের অভিযানে বাজেয়াপ্ত একটি লরি সহ প্রায় দশ কোটি টাকা মূল্যের হেরোইন। গ্রেফতার এংলাবাজার এলাকার বাসিন্দা সিহাব উদ্দিন।

করিমগঞ্জ ((অধুনা শ্রীভূমি / অসম), ১৬ মে (হি.স.) : জেলা পুলিশের অভিযানে উদ্ধার প্রায় ৪০ কোটি টাকার মাদক ইয়াবা ট্যাবলেট। গ্রেফতার পাথারকান্দি থানা এলাকার জনৈক সেলিম উদ্দিন ওরফে আবদুল্লা নামের মাদক পাচারকারী।

জোয়াই (মেঘালয়), ২১ মে (হি.স.) : মেঘালয়ের পূর্ব জয়ন্তিয়া পাহাড় জেলা পুলিশের অভিযানে বাজেয়াপ্ত ৫.৫ কোটি টাকার হেরোইন। গ্রেফতার শিলঙের মাদানরটিং-এর বাসিন্দা ৩৯ বছর বয়সি লালাবিয়াকডিক ভাইফেই নামের এক মাদক পাচারকারী।

গুয়াহাটি, ১৩ মে (হি.স.) : গুয়াহাটি রেলস্টেশনে 'আল কায়দা'র ভ্রাতৃ সংগঠন 'আনসার-উল্লাহ বাংলা টিম' (এবিটি)-এর দুই জিহাদি বাহার মিয়াঁ এবং রাসেল মিয়াঁ গ্রেফতার। তারা গুজরাট থেকে শিলচর যাচ্ছিল।

ইমফল, ১৮ মে (হি.স.) : অজ্ঞাত দুর্বৃত্তদের হাতে গুলিবিদ্ধ রাজ্যের উদীয়মান ডিজাইনার লাইশ্রাম কুমারজিৎ।

শিলচর (অসম), ২৩ মে (হি.স.) : কাছাড় জেলা সদর শিলচরে ঘুংগুর বাইপাসে অভিযান চালিয়ে ছয় কোটি টাকার ইয়াবা ট্যাবলেট উদ্ধার পুলিশের। এর সঙ্গে তিন মাদক পাচারকারী যথাক্রমে কাছাড় জেলার জিরিঘাট লালপানির নিজাম উদ্দিন (৫৬), জিরিঘাট রামগোজামগের ডিমডুয়ানলুং রংমাই (৫০) এবং শিলডুবির কামাল উদ্দিন (৫০) গ্রেফতার।

আইজল, ২৭ মে (হি.স.) : মিজোরামের আইজলে পুলিশের অভিযানে উদ্ধার ০১ কোটি ০৬ লক্ষ ৪১ হাজার টাকা মূল্যের ৩.৫৪৭ কেজি হেরোইন। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার মায়ানমারের এক নাগরিক সিটি লিয়ানা।

করিমগঞ্জ ((অধুনা শ্রীভূমি / অসম), ১ জুন (হি.স.) : দক্ষিণ অসমের করিমগঞ্জ (শ্রীভূমি) এবং কাছাড়ের ধলাইয়ে পুলিশের পৃথক অভিযানে ১০.১৪ কোটি টাকার মাদকদ্রব্য উদ্ধার। গ্রেফতার সাত।

জিরিবাম (মণিপুর), ৮ জুন (হি.স.) : মণিপুরের জিরিবামে একটি পুলিশ ফাঁড়ি এবং নাগরিকদের বাড়িঘরে জঙ্গিদের অগ্নিসংযোগ। হতাহত নেই।

জিরিবাম (মণিপুর), ৮ জুন (হি.স.) : সশস্ত্র জঙ্গিদের হাতে নৃশংসভাবে খুন জিরিবামের মংবুংখুল গ্রামের ৫৯ বছর বয়সি জনৈক সইবাম শরৎকুমার সিং। জিরিবাম জেলা সদরে জিরি স্পোর্টস কমপ্লেক্সের ত্রাণ শিবিরে লামতাই খুনউ, দিবং খুনউ, নুনখাল, বেগরা এবং মংবুংখুল গ্রামের ২০০ জনের বেশি মেইতেই জনগোষ্ঠীয় পুরুষ-মহিলা সহ শিশুদের স্থানান্তর করা হয়েছে।

আগরতলা, ৯ জুন (হি.স.) : সিপাহিজলার কলমচৌড়ায় বিএসএফ-জওয়ানদের গুলিতে মৃত্যু এক বাংলাদেশি পাচারকারীর। মৃত চোরাকারবারি বাংলাদেশের কুমিল্লা জেলার অন্তর্গত মিরপুরের ওয়ার্ড নম্বর ৫-এর বাসিন্দা জনৈক চিরু মিয়াঁর বছর ৩৫-এর ছেলে আনোয়ার হোসেন।

ইমফল, ১০ জুন (হি.স.) : জিরিবাম যাওয়ার পথে মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংহের অ্যাডভান্স সিকিউরিটি কনভয়ে গুলি হামলা কুকি জঙ্গিদের। এতে আহত এক নিরাপত্তা কর্মী।

ধর্মনগর (ত্রিপুরা), ১০ জুন (হি.স.) : উত্তর ত্রিপুরা জেলার দামছড়া পুলিশের অভিযানে উদ্ধার প্রায় ২৫ কোটি টাকার ২.২১২ কেজি হেরোইন। এর সঙ্গে গ্রেফতার সোনামুড়া থানাধীন কুলোবাড়ি গ্রামের বাসিন্দা প্রয়াত আলকাস মিয়াঁর বছর ৩৫-এর ছেলে শহিদুল রহমান।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ১২ জুন (হি.স.) : বদরপুর থানাধীন লামাজুয়ারে পুলিশ সুপার পার্থপ্রতিম দাস এবং এসটিএফ-এর আইজিপি পার্থসারথি মহন্তের অভিযানে ৬৬ কোটি টাকার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত। মাদক পাচারের অভিযোগে ত্রিপুরার বাসিন্দা খাইরুল হুসেন, মামুন মিঞা এবং নবীর হুসেন গ্রেফতার।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ১৪ জুন (হি.স.) : করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি) জেলার অন্তর্গত রাতাবাড়িতে দুই কোটি টাকার অচল দু-হাজারি নোট বদল করতে গিয়ে পুলিশের হাতে ব্যাংক ম্যানেজার সহ ধৃত সাত ব্যক্তি।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ১৬ জুন (হি.স.) : করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি)-এর পৃথক দুই স্থানে পুলিশ ও বিএসএফ-এর যৌথ অভিযানে প্রায় নয় কোটি টাকার মাদক ইয়াবা ট্যাবলেট এবং হেরোইন উদ্ধার। এর সঙ্গে মোট চারজন গ্রেফতার।

ইমফল, ২০ জুন (হি.স.) : মণিপুরের জিরিবামে পুলিশ চেকপোস্টে অগ্নিসংযোগ এবং পুলিশের ওপর সশস্ত্র জঙ্গি দলের গুলি হামলা। হতাহত নেই।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ১০ জুলাই (হি.স.) : জেলার পৃথক দুই স্থানে ভাঙ্গা এবং রাতাবাড়ি থানা এলাকায় যথাক্রমে তিন কোটি টাকা এবং প্রায় ৩০ কোটি সহ মোট ৩৩ কোটি টাকার ইয়াবা ট্যাবলেট উদ্ধার। গ্রেফতার মোট তিনজন।

আইজল, ১২ জুলাই (হি.স.) : মিজোরামের খাজাওল শহরে রাজ্য পুলিশের অভিযানে প্রায় ৩২ কোটি টাকা মূল্যের ১০.০৭ লক্ষ মেথামফেটামিন ট্যাবলেট উদ্ধার। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার চাম্পাই ভেংসাং-এর বাসিন্দা লালরিন্টলুয়াঙ্গা।

ইমফল, ১৪ জুলাই (হি.স.) : মণিপুরের জিরাবাম জেলায় আধাসামরিক বাহিনীর গাড়িকে লক্ষ্য করে অতর্কিত হামলা সন্দেহভাজন কুকি জঙ্গিদের। অতর্কিত হামলায় মৃত্যুবরণ সিআরপিএফ-এর কনস্টেবল অজয়কুমার ঝা। একই ঘটনায় জখম জনৈক পুলিশকর্মী।

গুয়াহাটি, ১৪ জুলাই (হি.স.) : গুয়হাটির কটাবাড়ি এবং গোলঘাটে এসটিএফ-এর অভিযানে উদ্ধার ১৭.৪ কোটি টাকার ড্রাগস। গ্রেফতার দুই।

মরিগাঁও (অসম), ২৪ জুলাই (হি.স.) : মরিগাঁও-এর পূর্ব বরসলা পুলিশ ফাঁড়ির অন্তর্গত লাহরিপাম গ্রামে পরিচালিত অভিযানে প্রায় ১.৭০ কোটি টাকার মাদক হেরোইন বাজেয়াপ্ত। এর সঙ্গে আজমত আলি (৩৭) এবং আবদুল হাসেন (৫৫)-কে গ্রেফতার করে পুলিশ।

আইজল, ২৮ জুলাই (হি.স.) : মিজোরামের ভারত-মায়ানমার সীমান্তবর্তী চামফাইয়ে আসাম রাইফেলস-এর অভিযানে ৬১ কোটি টাকার মেথামফেটামিন ট্যাবলেট বাজেয়াপ্ত।

কাটিগড়া (অসম), ৪ আগস্ট (হি.স.) : কাছাড় জেলার কাটিগড়া থেকে প্রায় এক কোটি টাকার ২০ হাজার ইয়াবা সমেত এক পাচারকারী গ্রেফতার। ধৃত পাচারকারী কাটিগড়া তৃতীয় খণ্ডের মুস্তাক আহমেদ বড়ভুইয়াঁ।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ৯ আগস্ট (হি.স.) : করিমগঞ্জ (শ্রীভূমি) বাইপাসে রাজ্য পুলিশের এসটিএফ-এর আইজি পার্থসারথি মহন্ত এবং করিমগঞ্জ জেলার পুলিশ সুপার পার্থপ্রতিম দাসের নেতৃত্বে পরিচালিত অভিযানে উদ্ধার প্রায় ১১৫ কোটি টাকার ড্রাগস। ড্রাগস পাচারের অভিযোগে ফুজাইল আহমেদ, নইমুল হক, আতিকুর রহমান এবং জগজিৎ দেববর্মণ গ্রেফতার।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ১ সেপ্টেম্বর (হি.স.) : জেলার অন্তর্গত বদরপুর থানাধীন জালালপুরে পুলিশের অভিযানে উদ্ধার ৩০ কোটি টাকার মাদক ট্যাবলেট ইয়াবা। ইয়াবা পাচারের সঙ্গে জড়িত অভিযোগে পুলিশের হাতে গ্রেফতার আশরাফ আলি, আব্দুল হান্নান এবং প্রদীপ দাস।

ইমফল, ১ সেপ্টেম্বর (হি.স.) : মণিপুরের ইমফল পশ্চিম জেলার অন্তর্গত কাংচুপ অঞ্চলের কাউতরুক গ্রামে সন্দেহভাজন কুকি জঙ্গিদের গুলি হামলায় গুলিবিদ্ধ একজন অসামরিক মহিলা নাগরিক সুরবালা এনগাংবাম (৩১), তাঁর ১২ বছরের শিশু, একজন সাধারণ নাগরিক এবং দুই পুলিশ কর্মী।

ইমফল, ৭ সেপ্টেম্বর (হি.স.) : মণিপুরের বিষ্ণুপুর জেলার জনবসতি এলাকার দুটি স্থানে কুকি জঙ্গিদের দূরপাল্লার রকেট হামলায় ফিওয়াংবাম লেইকাইয়ের জনৈক আরকে রাবেই (৭৮)-এর মৃত্যু এবং অন্য ছয়জন সাধারণ নাগরিক আহত।

আইজল, ১৭ সেপ্টেম্বর (হি.স.) : আইজলে মিজোরাম পুলিশের স্পেশাল সিআইডি টিমের অভিযানে উদ্ধার ৬ কোটি ১৩ লক্ষ ৩৮ হাজার ২০০ টাকার মাদক মেথামফেটামিন ও হেরোইন। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার মায়ানমারের দুই নাগরিক লালথানসিয়ামা এবং জোরেমাওইয়া।

গুয়াহাটি, ৫ অক্টোবর (হি.স.) : ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি (এনআইএ বা নিয়া)-র অভিযানে জইশ-ই-মহম্মদ-এর সঙ্গে জড়িত অভিযোগে গোয়ালপাড়া জেলার বিভিন্ন এলাকা থেকে ১০ জন মৌলবাদী গ্রেফতার।

করিমগঞ্জ (অধুনা শ্রীভূমি / অসম), ৭ অক্টোবর (হি.স.) : করিমগঞ্জ (শ্রীভূমি) জেলার অন্তর্গত বদরপুর পুলিশের অভিযানে কমপক্ষে ২ কোটি টাকার নিষিদ্ধ মাদক ইয়াবা ট্যাবলেট উদ্ধার। এর সঙ্গে গ্রেফতার করা হয় কাছাড় জেলাধীন কাটিগড়ার বাসিন্দা দিলোয়ার হোসেন চৌধুরীকে।

চুড়াইবাড়ি (অসম), ৮ অক্টোবর (হি.স.) : চুড়াইবাড়ি ওয়াচ পোস্টের পুলিশের হাতে প্রায় আট কোটি টাকার ড্রাগস সহ ধৃত দুই। ধৃতরা টিঙ্কু মালাকার ও সুজিত দেব। বাড়ি ত্রিপুরার কুমারঘাট থানাধীন বেতছড়ায়।

ধলাই (অসম), ৩ নভেম্বর (হি.স.) : কাছাড় জেলার ধলাই থানাধীন মিজোরাম সীমান্তবর্তী লায়লাপুরে পুলিশের অভিযানে উদ্ধার প্রায় সাত কোটি টাকার হেরোইন ও ইয়াবা ট্যাবলেট। এর সঙ্গে একজন গ্রেফতার।

ডিফু (অসম), ৫ নভেম্বর (হি.স.) : কারবি আংলঙে আট কোটি টাকার হেরোইন উদ্ধার পুলিশের।

ইমফল, ৯ নভেম্বর (হি.স.) : বিষ্ণুপুর জেলার অন্তর্গত সাইটন গ্রামে জঙ্গিদের গুলিতে জখম ৩৪ বছর বয়সি সাপাম সোফিয়া লেইমা নামের মহিলা-কৃষক।

ইমফল, ১০ নভেম্বর (হি.স.) : মহা রেজিমেন্ট, বিএসএফ এবং স্থানীয় পুলিশের যৌথ নিরাপত্তা বাহিনীর সঙ্গে জঙ্গিদের মধ্যে সংগঠিত গোলাগুলিতে মহা রেজিমেন্টের জনৈক জওয়ান আহত।

ইমফল, ১১ নভেম্বর (হি.স.) : জিরিবাম জেলার অন্তর্গত বড়বেকরা মহকুমাধীন জাকুরাধর করোং-এ নিরাপত্তা বাহিনীর গুলিতে ধরাশায়ী ১০ জন সশস্ত্র কুকি জঙ্গি। পাশাপাশি জঙ্গিদের গুলিতে ঘায়েল সিআরপিএফ-এর জওয়ান কনস্টেবল সঞ্জীব কুমার।

ইমফল, ১২ নভেম্বর (হি.স.) : জিরিবাম জেলায় উদ্ধার দুই বৃদ্ধ যথাক্রমে লাইশ্রাম বলেন এবং মাইবাম কেশোরের মৃতদেহ উদ্ধার।

ইমফল, ১৫ নভেম্বর (হি.স.) : ১২ নভেম্বর মণিপুরের জিরিবাম জেলার অন্তর্গত বড়বেকরা থানা এলাকায় কুকি জঙ্গিদের হাতে অপহৃত ইউরেম্বাম রানি দেবী (৬৮), তেলিম খোইবি দেবী (৩১), তাঁর মেয়ে তেলেম থাজামানবি দেবী (৮), লাইশ্রাম হেইতোম্বি দেবী (৩৫), তাঁর দুই ছেলে লাইশ্রাম চিংখেইঙ্গানবা সিং (২.৫ বছর) ও লাইশ্রাম লামনগাংমা সিং (৮ মাস)-এর গুলিবিদ্ধ মৃতদেহ উদ্ধার।

ইমফল, ১৭ নভেম্বর (হি.স.) : জিরিবাম থানার কাছে বিক্ষোভকারী এবং নিরাপত্তা বাহিনীর মধ্যে হিংসাত্মক সংঘর্ষে একজনের মৃত্যু এবং একজন আহত।

ইমফল, ১৭ নভেম্বর (হি.স.) : নয় (৯) বিজেপি বিধায়কের বাড়িতে ভাঙচুর এবং এক কংগ্রেস বিধায়কের বাসভবনে অগ্নিসংযোগ উত্তেজিত জনতার।

শ্রীভূমি (অসম), ২৭ নভেম্বর (হি.স.) : শ্রীভূমি জেলা সদরের উপকণ্ঠ প্যাটেলনগরে পুলিশি অভিযানে উদ্ধার প্রায় ১৯ কোটি টাকার মাদক ইয়াবা ট্যাবলেট। মাদক পাচারের অভিযোগে তিন যুবক যথাক্রমে কাছাড় জেলার বাসিন্দা হোসেন আহমেদ, নাজিম উদ্দিন এবং আবদুলা খয়েরকে গ্রেফতার করে পুলিশ।

শিলচর (অসম), ২ ডিসেম্বর (হি.স.) : কাছাড় জেলার অন্তর্গত শালচাপড়ায় পুলিশের অভিযানে ১২টি প্যাকেট থেকে ৩৬ কোটি টাকা মূল্যের ১ লক্ষ ২০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার বছর ২০-এর মহম্মদ আজাদ লস্কর।

শ্রীভূমি (অসম), ১২ ডিসেম্বর (হি.স.) : শ্রীভূমি জেলার অন্তর্গত বদরপুরে পুলিশের অভিযানে উদ্ধার ১২ কোটি টাকার মাদক ইয়াবা ট্যাবলেট। এর সঙ্গে গ্রেফতার আব্দুল সাদিক, আমির উদ্দিন, আনাম উদ্দিন, জিয়াউল হক এবং কামরূপ হক সহ মোট পাঁচজন।

শিলচর (অসম), ২২ ডিসেম্বর (হি.স.) : কাছাড় জেলার অন্তর্গত শিলচর-শিলকুড়ি রোডে এসটিএফ-এর অভিযানে উদ্ধার ২০ কোটি টাকা মূল্যের ৬০ হাজারটি মাদক ইয়াবা ট্যাবলেট এবং ১২৫ গ্রাম হেরোইন। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার কাছাড়ের সোনাই বিধানসভা এলাকার বাসিন্দা সাহিল আহমেদ।

গুয়াহাটি, ২২ ডিসেম্বর (হি.স.) : বাল্যবিবাহের বিরুদ্ধে ২১ এবং ২২ ডিসেম্বর রাতে পরিচালিত তৃতীয় দফায় পুলিশি অভিযানে গ্রেফতার ৪১৬ এবং মামলা রুজু ৩৩৫টি (বাল্যবিবাহ নিষেধাজ্ঞা আইন, ২০০৬-এর অধীনে গত বছরের প্রথম দুই মাসে ৩,০৯৮ জনকে গ্রেপ্তার করা হয়েছিল। এ বছরের ৩ ফেব্রুয়ারি থেকে বাল্যবিবাহের মামলা নথিভুক্ত হয়েছে ৪,৩৬৩টি)।

বাজারিছড়া (অসম), ২৪ ডিসেম্বর (হি.স.) : শ্রীভূমি জেলার অন্তর্গত পাথারকান্দি বিধানসভা এলাকার বাজারিছড়া থানাধীন হাতিখিরায় পুলিশের অভিযানে উদ্ধার প্রায় ৭.৫০ কোটি টাকার ইয়াবা ট্যাবলেট। গ্রেফতার ত্রিপুরার খোয়াই জেলার বাসিন্দা সুশান্ত রুদ্রপাল।

ইমফল, ২৮ ডিসেম্বর (হি.স.) : সন্দেহভাজন জঙ্গিদের গোলাগুলিতে হয়েছেন জখম স্থানীয় ইলেকট্রনিক মিডিয়ার ভিডিও জার্নালিস্ট লেইমাপোকপাম কবিচন্দ্র।

শিলচর (অসম), ২৮ ডিসেম্বর (হি.স.) : কাছাড় জেলা সদর শিলচরের ঘুংঘুর বাইপাসে পুলিশি অভিযানে উদ্ধার প্রায় ১৫ কোটি টাকার মাদক ইয়াবা ট্যাবলেট। গ্রেফতার মণিপুরের চূড়াচাঁদপুর জেলার বাসিন্দা ভেনালেইন রেংকাই এবং সনপাও ফানাই।

শ্রীভূমি (অসম), ২৯ ডিসেম্বর ২০২৪ (হি.স.) : শ্রীভূমি শহরে সদর পুলিশের হাতে বাজেয়াপ্ত বহু কোটি টাকার মাদকদ্রব্য।

# মনমোহনকে শ্রদ্ধা ইউনূসের, পুষ্পস্তবক অর্পণ বাংলাদেশের প্রধান উপদেষ্টার

নয়াদিল্লি ও ঢাকা, ৩১ ডিসেম্বর (হি.স.): ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত মনমোহন সিংয়ের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। মঙ্গলবার ঢাকায় ভারতীয় হাইকমিশনে গিয়ে প্রয়াত প্রাক্তন ভারতীয় প্রধানমন্ত্রীর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি।

সকাল সাড়ে ১১টায় বারিধারায় হাইকমিশনে প্রধান উপদেষ্টাকে স্বাগত জানান ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা। অধ্যাপক ইউনূস হাইকমিশনারের সঙ্গে তাঁর দীর্ঘদিনের বন্ধু মনমোহন সিংয়ের স্মৃতিচারণ করেন। প্রয়াত ভারতীয় প্রধানমন্ত্রীর সঙ্গে বন্ধুত্বের কথা স্মরণ করে ইউনূস বলেন, তিনি (মনমোহন সিং) অনেক সরল এবং জ্ঞানী ছিলেন। প্রধান উপদেষ্টা আরও বলেন, ভারতকে বৈশ্বিক অর্থনৈতিক শক্তিতে পরিণত করতে বড় ভূমিকা পালন করেছিলেন মনমোহন সিং।

# ভেন্টিলেশনে রয়েছেন সুজয়কৃষ্ণ ভদ্র, চিকিৎসকদের পর্যবেক্ষণে কালীঘাটের কাকু

কলকাতা, ৩১ ডিসেম্বর (হি.স.): সোমবার রাত থেকেই ভেন্টিলেশনে রেখে চিকিৎসা করা হচ্ছে সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে 'কালীঘাটের কাকু'কে। তাঁর চিকিৎসার জন্য তৈরি করা হয়েছে একটি মেডিক্যাল টিম। তাদের পর্যবেক্ষণে রয়েছেন সুজয়কৃষ্ণ ভদ্র। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, তাঁর শারীরিক অবস্থার উপর নজর রাখা হচ্ছে। পরিস্থিতি অনুযায়ী পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

নিয়োগ দুর্নীতি মামলায় ইডি-র হাতে গ্রেফতার হয়েছিলেন সুজয়কৃষ্ণ ভদ্র। সেই মামলায় কিছু দিন আগে তাঁর জামিন মঞ্জুর করা হয়েছে। কিন্তু সিবিআই তাঁকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেয়।

সিবিআই হেফাজতের মেয়াদ শেষ হওয়ার পর কালীঘাটের কাকু আবার প্রেসিডেন্সি জেলে ফিরে গিয়েছিলেন।

সোমবার নিয়োগ দুর্নীতিকাণ্ডে ইডির মামলায় চার্জ গঠনের কথা ছিল বিচার ভবনে।

চার্জ গঠনের সময় 'কাকু'র আদালতে হাজির দেওয়ার কথা ছিল। কিন্তু তার আগেই অসুস্থ হয়ে পড়েন তিনি।

## এএফসি কাপ ২০২৪: ডিফেন্ডিং চ্যাম্পিয়ন থাইল্যান্ড ফিলিপাইনকে হারিয়ে আসিয়ান চ্যাম্পিয়নশিপের ফাইনালে পৌঁছেছে

ব্যাংকক, ৩১ ডিসেম্বর (হি.স.): থাইল্যান্ড আসিয়ান চ্যাম্পিয়নশিপের ফাইনালে ভিয়েতনামের মুখোমুখি হবে। সোমবার সুফানাত মুয়ান্তার অতিরিক্ত সময়ের গোলে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন থাইল্যান্ড ফিলিপাইনের বিপক্ষে ৩-১ গোলে জিতে দুই লেগ মিলিয়ে ৪-৩ ব্যবধানে জয়লাভ করেছে।

উল্লেখ্য, রবিবার ভিয়েতনাম সিঙ্গাপুরের বিরুদ্ধে প্রথম লেগে ২-০ ও দ্বিতীয় লেগে ৩-১ গোলে জিতে সামগ্রিকভাবে ৫-১ গোলে জিতে ফাইনালে গেছে।

## বিহারের বিদায়ী ও নবনিযুক্ত রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ মুখ্যমন্ত্রী নীতীশের

পাটনা, ৩১ ডিসেম্বর (হি.স.): মঙ্গলবার রাজভবনে গিয়ে বিহারের বিদায়ী ও নবনিযুক্ত রাজ্যপাল উভয়ের সঙ্গেই সাক্ষাৎ করলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। এদিন তিনি বিদায়ী রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকার এবং নবনিযুক্ত রাজ্যপাল আরিফ মহম্মদ খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

বিহারের মুখ্যমন্ত্রী এদিন বিদায়ী রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকার এবং নবনিযুক্ত রাজ্যপাল আরিফ মহম্মদ খানকে উত্তরীয় এবং ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

## স্বাগত ২০২৫

● প্রথম পাতার পর

খুবই আপ্লুত। রাজন্য স্মৃতি বিজড়িত নীরমহল তার খুবই ভালো লেগেছে। এদিকে, বছরের শেষ দিনে পর্যটন কেন্দ্র গুলিতে ভিড় সামাল দিতে ও আইন- শৃঙ্খলা রক্ষায় প্রশাসন ছিল তৎপর। সিপাহীজলা অভয়ারণ্যে পুলিশ টি.এস.আর কর্মীদের এই কাজে সহযোগিতা করেছেন বনকর্মীরাও। ক্যালেন্ডারের পাতায় যুক্ত হল আরও একটি বছর। ২০২৫ ইংরেজি। ঘড়িতে রাত বারোটা বাজতেই নতুন বছরকে স্বাগত জানালেন আট থেকে আশি। ঘন কুয়াশার মধ্যেও আকাশে আতশবাজির মহড়া ছিল চোখে পড়ার মতো। গভীর রাত পর্যন্ত মানুষ নতুন বছরের অপেক্ষায় জেগে ছিল। বনভোজন ও আমোদ প্রমোদে। ২০২৪ বিদায় বছরের শেষ দিনটিকে স্মরণীয় করে রাখতে দিনভর উৎসবের মেজাজে মেতে উঠেছিল আমজনতা। ২৫ এর নতুন সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গে মানুষ রাস্তায় নেমে পড়েছিল বছরটিকে স্বাগত জানাতে। মন্দিরেও ভিড় জমিয়েছিলেন বহু ধর্মপ্রাণ মানুষ। বছরটি সকলের জন্য ভালো কাটুক এই প্রার্থনা ও জানানোই জানিয়েছিলেন অনেকেই। তবে মোবাইলে প্রতিনিয়ত বেজে উঠেছিল হোয়াটসঅ্যাপে মেসেজ। শুভেচ্ছা বিনিময়ের আধুনিকতায় এখন আর সাক্ষাতের প্রয়োজন হয় না। কোলাকুলি ও মিষ্টি মুখের পুরনো দিনের ইতিহাস অনেকের কাছেই অতীত। গেল বছরের অনেক স্মৃতি নিয়ে টিভির পর্দায় চোখ রেখেছিলেন অনেকে। তবে উৎসবের আনন্দে মঙ্গলবার গা ভাসিয়েছিলেন বহু মানুষ।

অন্যদিকে, ২০২৪ কে বিদায় জানিয়ে ২০২৫ কে স্বাগত জানালেন শ্রীকৃষ্ণ মিশন স্কুলের ছাত্রছাত্রীরা। ক্যালেন্ডারের পাতায় আজ ২০২৪ সালের বিদায়। ২০২৫ সালকে স্বাগত জানাতে প্রস্তুত সকলে। এক্ষেত্রে পিছিয়ে নেই শ্রীকৃষ্ণ মিশন স্কুলের খুদে ছাত্রছাত্রীরাও।

মঙ্গলবার শ্রীকৃষ্ণ মিশন স্কুলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ২০২৪ সালকে আনুষ্ঠানিকভাবে বিদায় জানিয়েছে শ্রীকৃষ্ণ মিশন স্কুলের ছাত্র-ছাত্রীরা। তারা ২০২৫ সালকে আগাম আনুষ্ঠানিকভাবে স্বাগত জানিয়েছে। বিদ্যালয়ের এক শিক্ষিকা জানিয়েছেন, ২০২৫ সালকে স্বাগত জানাতেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নতুন বছর সবার জীবনে সুখ-স্বাচ্ছন্দ নিয়ে আসুক সেই প্রত্যাশাই রেখেছে শ্রীকৃষ্ণ মিশন স্কুলের ছাত্র-ছাত্রীরা।

## মৃত্যু

● প্রথম পাতার পর

আধিকারিক। প্রসঙ্গত, গত শনিবার রাতে আগরতলা থেকে ধর্মনগরগামী একটি লোকাল ট্রেন তেলিয়ামুড়া বন বিভাগের অন্তর্গত শালবাগান এলাকায় হাতিটিকে ধাক্কা দেয়। ওই দূর্ঘটনায় হাতির পেছনের পা দুটোই ভেঙ্গে গিয়েছিল। তাতে অচল হয়ে পড়েছিল হাতিটি। এই খবর পেয়ে তেলিয়ামুড়া বন দফতর এবং প্রাণী সম্পদ বিকাশ দফতরের চিকিৎসকরা হাতিটিকে চিকিৎসা পরিষেবা প্রদান শুরু করছিল। তারপর থেকে তাকে বাঁচানোর জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন কর্মকতারা। গতকাল রাতে চিকিৎসকদের সর্বাত্মক প্রচেষ্টার পরও ওই হাতিটিকে বাঁচানো সম্ভব হয়নি।আজ তিনজন ভেটেরিনারি চিকিৎসক, প্রানী সম্পদ বিকাশ দফতরের কর্মকর্তাদের উপস্থিতিতে ময়নাতদন্ত হয়েছে। তারপর মাটিতে গর্ত করে কবর দেওয়া হয়েছে।

এদিকে, ত্রিপুরা বন দফতর তেলিয়ামুড়ায় জিআরপি থানায় একটি এফআইআর দায়ের করে এবং লামডিং-এ উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের ডিভিশনাল ম্যানেজারের কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করেছে। বন দফতরের তরফ থেকে রেলওয়ে কর্তৃপক্ষকে অবহেলার জন্য ওই হাতিটির মৃত্যু হয়েছে বলে দাবি করে।

## ইঞ্জিনিয়ার

● প্রথম পাতার পর


করে তাদের উপর আক্রমণ চালায়। এতে গুরুতর আহত হন ইঞ্জিনিয়ার অভি পাল। বর্তমানে ধর্মনগর জেলা হাসপাতালে তাঁর চিকিৎসা চলছে। আরও জানা গিয়েছে, আক্রমণকারী দের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে থানায় মামলা করা হবে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স :** একতা সংস্থা : ৯৭৭৪৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক :** জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান :** নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস :** প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ **পুলিশ :** পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ :** বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। **বিমানবন্দর** এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস :** রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস :** টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

## স্পেডেক্স মিশনের জন্য ইসরোকে অভিনন্দন মুখ্যমন্ত্রী মোহন যাদবের

ভোপাল, ৩১ ডিসেম্বর (হি.স.): স্পেডেক্স মিশনের জন্য ইসরোকে শুভেচ্ছা জানালেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব। তিনি বলেন, মহাকাশে "আত্মনির্ভর ভারতের" আরেকটি পদক্ষেপ এটি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত ইতিহাস সৃষ্টি করেছে। ইসরোর সবাইকে অভিনন্দন।

উল্লেখ্য, মহাকাশে পাড়ি দিয়েছে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা-র তৈরি আরও একটি পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিক্যাল (পিএসএলভি)। কয়েক ঘণ্টার মধ্যেই যার পেলোডগুলি সফলভাবে স্থাপন করা হয় পৃথিবীর কক্ষপথে। সোমবার রাতে অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধওয়ান স্পেস সেন্টারের লঞ্চিং প্যাড থেকে পিএসএলভি-সি৬০ রকেটটির সফল উৎক্ষেপণ হয়েছে। ইসরো জানিয়েছে, পিএসএলভি-সি৬০-র প্রধান পেলোড হিসাবে রয়েছে দু'টি মহাকাশযান, স্পেডেক্স ১ এবং ২। এ ছাড়া রয়েছে ২৪টি সেকেন্ডারি পেলোড।

## মালদার জেলা প্রশাসনিক ভবন চত্বরে বেপরোয়া গাড়ির ধাক্কায় আহত কমপক্ষে ৫

মালদা, ৩১ ডিসেম্বর (হি. স.) : মালদার জেলা প্রশাসনিক ভবন ও জেলা আদালত চত্বরে বেপরোয়া গতিতে থাকা সরকারি গাড়ি এসে ওই চত্বরে থাকা কয়েকজনকে ধাক্কা মারে। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার। ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে পাঁচজন। এমনকি সংঘর্ষের তীব্রতায় গাড়িতে শর্ট সার্কিট হয়ে ধোঁয়া বেরোতে শুরু করে। ফলে আতঙ্ক ছড়িয়ে পড়ে এলাকায়।

স্থানীয় লোকজনই ঘাতক গাড়িটিকে সরিয়ে আহত ব্যক্তিদের উদ্ধার করে মালদা মেডিকেলে পাঠায়। এরপর ঘটনাস্থলে থাকা জনতা ক্ষিপ্ত হয়ে ওঠে। সেই রোষ আছড়ে পড়ে সরকারি গাড়িটির উপরও। ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে ওই এলাকায়।

## তেলেঙ্গাবাগানে বাসের ধাক্কা মহিলাকে উত্তেজনা এলাকায়

কলকাতা, ৩১ ডিসেম্বর (হি. স.) : তেলেঙ্গাবাগান এলাকায় রাস্তা পেরনোর সময় মহিলাকে ধাক্কা বারাসত-হাওড়া রুটের বাসের। মঙ্গলবার সকালে এই ঘটনায় তুমুল উত্তেজনা এলাকায়। ঘটনায় ব্যাপক যানজট বিধাননগর এলাকায়।

মঙ্গলবার সকাল ১১ টা নাগাদ তেলেঙ্গাবাগান এলাকায় বাসস্ট্যান্ডের সামনের এল ২৩৮ এর বাস রেষারেষি করছিল। সেই সময় এক মহিলা বাজার করতে যাওয়ার সময় রাস্তা পেরোচ্ছিলেন। তখনই এল ২৩৮ - এর বাসটি বেপরোয়া গতিতে সামনে চলে আসে। ধাক্কা মারে ওই মহিলাকে। এরপর তাঁকে উদ্ধার করে আরজি কর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই আশঙ্কাজনক অবস্থায় ভর্তি রয়েছেন তিনি।এরপরই উত্তেজনা ছড়ায় এলাকায়। উত্তেজিত জনতা বাস ভাঙচুর করেন। তাঁদের বক্তব্য, এই এলাকা এমনিতেই যানজটপূর্ণ। মাঝে মধেই বিধাননগরের এই এলাকায় দুর্ঘটনা ঘটে। কখনও বাস থেকে যাত্রী নামানোকে কেন্দ্র করে বচসা হয়। কখনও বা দুই বাসের রেষারেষি চলে। পুলিশ-প্রশাসনের দিকে আঙুল তুলেছেন তাঁরা। এলাকার বিধায়ক সুপ্তি পাণ্ডে পৌঁছন ঘটনাস্থলে। তিনি বলেন, "ট্রাফিক নিয়ম না মেনে রাস্তা পার হলে জরিমানা করা উচিত। মানুষের মধ্যে সচেতনতা কম। শিক্ষিত লোকজনও এমন করেন।"

## গিরিডিতে গ্রেফতার সাইবার অপরাধে যুক্ত ৪ জন

গিরিডি, ৩১ ডিসেম্বর (হি.স.): গিরিডির মোহনপুর গ্রাম সংলগ্ন এলাকা থেকে সাইবার অপরাধের সঙ্গে যুক্ত ৪ জন অভিযুক্তকে গ্রেফতার করেছে সাইবার ক্রাইম থানার পুলিশ। তাদের কাছ থেকে একাধিক ফোন ও সিমকার্ড বাজেয়াপ্ত করা হয়েছে। মঙ্গলবার পুলিশের তরফে এই বিষয়ে জানানো হয়।

জানা গেছে, গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে ৪ জনকে গ্রেফতার করা হয়। অপরাধীরা সবাই গান্ডে থানা এলাকার বাসিন্দা। গ্রেফতার হওয়া ওই ৪ জন কেওয়াইসি আপডেট করা সহ বিভিন্নভাবে প্রতারণা করত বলে অভিযোগ। পুলিশ এই বিষয়ে বিস্তারিত তদন্ত করছে।

## অপেক্ষা মাত্র কিছুদিনের জানুয়ারিতে দিল্লি ও কাশ্মীরের মধ্যে ট্রেনের সূচনা করবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানুয়ারি মাসে কাশ্মীর উপত্যকার সঙ্গে দিল্লির সংযোগকারী পাঁচটি নতুন ট্রেন পরিষেবার উদ্বোধন করবেন। এর ফলে পর্যটকদের বিশেষ সহায়তা হবে বলে আশা করা হচ্ছে।

গরমের ব্যবস্থাপনা-সহ আধুনিক সুযোগ-সুবিধা দিয়ে সজ্জিত নতুন ট্রেনগুলির লক্ষ্য হল কড়া শীতের মাসগুলিতে যাত্রীদের আরাম নিশ্চিত করা। ৬ জানুয়ারি নতুন দিল্লি থেকে ভার্চুয়ালি ট্রেনগুলির শুভ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## কেজরির বিরুদ্ধে তোষণের অভিযোগ বাঁসুরির, এএপি-কে বিঁধলেন বিজেপি নেত্রী

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর (হি.স.): দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির জাতীয় আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়ালের বিরুদ্ধে তোষণের অভিযোগ আনলেন বিজেপি নেত্রী বাঁসুরি স্বরাজ। মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে বাঁসুরি স্বরাজ বলেছেন, 'আমরা নির্বাচনী স্লোগান সম্পর্কে অনেক শুনেছি, কিন্তু অরবিন্দ কেজরিওয়াল নির্বাচনী কৌশলের একটি নতুন হাওয়া নিয়ে এসেছেন। কেজরিওয়ালের সরকার ১৭ মাস ধরে ইমাম ও মৌলভিদের বেতন দেয়নি। তিনি ইমাম ও মৌলবিদের সমস্যার সমাধান করেননি এবং এখন নতুন ধরনের তোষণের রাজনীতি শুরু করেছেন, যেখানে তিনি বলেছেন তিনি পুরোহিত এবং গ্রন্থিদের বেতন দেবেন।'

## গলফার লিডিয়া কো নিউজিল্যান্ডে নববর্ষের সম্মানে একজন ডেম হলেন

ওয়েলিংটন, ৩১ ডিসেম্বর (হি.স.): হল অফ ফেমার লিডিয়া কো-কে তাঁর গল্ফের অবদানের জন্য নিউজিল্যান্ডে নববর্ষের সম্মানের তালিকায় ডেম করা হয়েছে।

ডেমহুড হল নাইটহুডের সমতুল্য। কো হলেন ২৭ বছর বয়সে এই সম্মান প্রাপ্ত সর্বকনিষ্ঠ নিউজিল্যান্ডার।

কোরিয়ান বংশোদ্ভূত কো ২০২৪ প্যারিস অলিম্পিকে মহিলাদের টুর্নামেন্ট জিতেছেন এবং এছাড়াও ২০২৪ সালে এলপিজিএ হল অফ ফেমের ৩৫তম এবং সর্বকনিষ্ঠ অন্তর্ভুক্ত হয়েছেন। কো ২০২১ সালে টোকিও অলিম্পিকে একটি ব্রোঞ্জ পদক এবং ২০১৬ সালে রিও ডি জেনিরোতে একটি রৌপ্য পদক জিতেছিলেন।তিনটি মেজর সহ ৩০টি পেশাদার জয়ের সাথে নিউজিল্যান্ডের সবচেয়ে সফল গলফার হিসাবে সম্মানের তালিকায় কো-কে রাখা হয়েছে। ২০১৫ সালের ফেব্রুয়ারিতে, ১৭ বছর, ৯ মাস এবং ৯ দিন বয়সে, তিনি সর্বকনিষ্ঠ খেলোয়াড় পুরুষ বা মহিলা হিসাবে ১ নম্বর বিশ্ব র‍্যাঙ্কিং অর্জন করেছিলেন।

## গৌতম দেবের পদত্যাগের দাবি, শিলিগুড়িতে প্রতীকী প্রতিবাদ কর্মসূচি বিজেপির

শিলিগুড়ি, ৩১ ডিসেম্বর (হি.স.): নাগরিক পরিষেবা দিতে ব্যর্থ হওয়ার অভিযোগ তুলে শিলিগুড়ির মেয়র গৌতম দেবের পদত্যাগের দাবি নিয়ে শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষের নেতৃত্বে বিজেপির জনপ্রতিনিধিরা মঙ্গলবার শিলিগুড়ি পুর নিগমের গেটের সামনে প্রতীকী প্রতিবাদ কর্মসূচি করেন। আগামী জানুয়ারি থেকে শিলিগুড়ির ওয়ার্ড ভিত্তিক, বরো ভিত্তিক, মন্ডল ভিত্তিক ভাবে এই আন্দোলন কর্মসূচি গড়ে তোলা হবে বলে বিধায়ক শঙ্কর ঘোষ জানিয়েছেন। আজকের এই প্রতীকী প্রতিবাদ কর্মসূচির আগে বিজেপির নির্বাচিত জনপ্রতিনিধিরা শিলিগুড়ির বাঘাযতীন পার্কে ভাষা শহীদ স্মারকের সামনে জড়ো হয়ে পায়ে হেঁটে শিলিগুড়ি পুর নিগমের গেটে পৌঁছয়। তারপর প্রতীকী প্রতিবাদ কর্মসূচি পালন করেন।

## বালুরঘাটে আত্মগোপন করে থাকা বাংলাদেশি যুবক গ্রেফতার

বালুরঘাট, ৩১ ডিসেম্বর (হি. স.) : অবৈধভাবে ভারতে এসে আত্মগোপন করে থাকা এক বাংলাদেশি যুবককে গ্রেফতার করল বালুরঘাট থানার পুলিশ। শুক্রবার বিকেলে বালুরঘাট থানার রাজুয়া এলাকা থেকে ওই বাংলাদেশি যুবককে গ্রেফতার করে বালুরঘাট থানার পুলিশ। ধৃত বাংলাদেশির নাম মহসিন মন্ডল। বাড়ি বাংলাদেশের নওগাঁ জেলার পলিপাড়া গ্রামে।জানা গিয়েছে, বেশ অনেকদিন আগেই চোরাপথে সীমান্ত পেরিয়ে সে ভারতে প্রবেশ করেছিলেন। বিভিন্ন এলাকায় কাটিয়ে আসার পর বিগত প্রায় এক সপ্তাহ ধরে বালুরঘাট থানার অন্তর্গত রাজুয়া এলাকার এক বাড়িতে আত্মগোপন করেছিলেন তিনি।গোপন সূত্রে খবর পেয়ে, বালুরঘাট থানার পুলিশ শুক্রবার ওই বাড়িতে অভিযান চালায়। অভিযানে মহসিনকে গ্রেফতার করেছে পুলিশ। সেই সঙ্গে তাঁকে আশ্রয় দেওয়ার অভিযোগে বাড়ির মালিক মোক্তার মন্ডলকেও গ্রেফতার করেছে পুলিশ। ধৃত বাংলাদেশি কী উদ্দেশ্যে ভারতে এসেছিলেন এবং কোথায় কোথায় তিনি কাটিয়েছেন, তা তদন্ত করে দেখছে পুলিশ। এনিয়ে এদিন বিকেলে সাংবাদিক বৈঠক করেন ডিএসপি হেড কোয়ার্টার বিক্রম প্রসাদ। সঙ্গে ছিলেন বালুরঘাট থানার আইসি সুমন্ত বিশ্বাস।

## যান চলাচল বন্ধ ইসলামপুরের ভৈরব সেতুতে

মুর্শিদাবাদ, ৩১ ডিসেম্বর (হি.স.): বছরের শেষে যান চলাচল বন্ধ থাকবে ইসলামপুরের ভৈরব সেতুতে। আপাতত তিনদিন বন্ধ রাখা হবে এই সেতু। মুর্শিদাবাদের যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম ইসলামপুরের ভৈরব নদীর উপরের এই সেতু।পূর্ত দফতর সূত্রে জানা গিয়েছে, ব্রিজের স্বাস্থ্য পরীক্ষার জন্যই বন্ধ রাখা হবে সেতু। দীর্ঘ দিনের পুরনো এই সেতু দিয়ে প্রতিদিন কয়েক শো যান চলাচল করে। বেশ কিছুদিন আগে এই সেতুর একাংশে ফাটল দেখা দিয়েছিল। তা যদিও রক্ষণাবেক্ষনও করা হয়। তবে এবার এই ব্রিজের লোড টেস্ট হতে চলেছে। এই সেতু প্রধানত ইসলামপুর, ডোমকল, জলঙ্গি ও নদিয়ার সংযোগকারী।শনিবার থেকে সোমবার পর্যন্ত এই সেতুতে পুরোপুরো বন্ধ রাখা হবে যান চলাচল। পূর্ত দফতর সূত্রে জানানো হয়েছে, ব্রিজ বন্ধ থাকলেও যাত্রীদের সুবিধার কথা ভেবে ব্যবস্থা নেওয়া হবে। ব্রিজের দুধারে যানবাহন থাকবে। ব্রিজের একপারে নেমে পায়ে হেঁটে ব্রিজ পার হয়ে অন্যপারে গিয়ে আবার যানবাহনে চেপে গন্তব্যে পৌঁছতে পারবেন যাত্রীরা। মালবাহী হোক বা যাত্রীবাহী- কোন গাড়িই ব্রিজের উপর দিয়ে চলবে না এই তিনদিন।ব্রিজের উপর বাস চলাচল বন্ধ হওয়ায় ব্যাপক ভোগান্তির শিকার হতে হবে নিত্যযাত্রীদের। ছোট গাড়ির ক্ষেত্রে বিকল্প রুট এবং বড় গাড়ির ক্ষেত্রেও অন্য রুটের ব্যবস্থা করা হয়েছে। ছোট গাড়ির ক্ষেত্রে বিকল্প যে রুটের ব্যবস্থা করা হয়েছে জলঙ্গী— ডোমকল-ডোমকল পুরনো বিডিও মোড়-গাবতলা- ভগীরথপুর- ফতেপুর হাট- সুন্দরপুর ঘাট- স্বরুপপুর-হরিহরপাড়া- ভাকুড়ি- বহরমপুর দিয়ে যাতায়াত করবে যানবাহন।

## শুভেচ্ছা

● প্রথম পাতার পর

জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'প্রতিটি নতুন বছর আমাদের কাছে নতুন নতুন প্রত্যাশা নিয়ে আসে। ঘটনাবহুল ২০২৪ এর কর্মধারাকে পাথেয় করে আগামী দিনেও জনগণের প্রত্যাশা পূরণে রাজ্য সরকার দায়বদ্ধ। প্রধানমী নরেন্দ্র মোদির দিক নির্দেশনায় রাজ্যের সার্বিক উন্নয়নের পথে আমরা আরও এগিয়ে যেতে চাই। বিগত বছরের অসমাপ্ত কর্মধারাকে নতুন বছর পূর্ণতায় ভরিয়ে তুলুক। নতুন বছর সকলের জন্য আনন্দের বার্তা নিয়ে আসুক। আমি রাজ্যবাসীর সুখ, সমৃদ্ধি ও সুস্থতা কামনা করছি।'

## জিআরপি থানা

● প্রথম পাতার পর

থানায় ওসি সহ মোট চারজন পুলিশ কর্মী দায়িত্বে রয়েছেন। তার মধ্যে দুইজন মহিলা পুলিশ রয়েছেন। কর্মী স্বল্পতার কারণে থানা চলছে না। তিনি আরও বলেন, তিনি নিজেই অসুস্থ হয়ে পড়েছেন। জিআরপি থানা যখন শুরু হয়েছিল তখন মোট ১৩ জন পুলিশ কর্মী ছিলেন। এখন মাত্র চারজন। এমনকি পুলিশ কর্মীর স্বল্পতার কারণে মঙ্গলবার সকালে রেল আসলেও নিরাপত্তা দেওয়ার দায়িত্ব পালনে কেউ ছিলেন না। নিজ মুখেই একথা স্বীকার করেন ওসি। তাঁর কথায়, এবিষয়ে একাধিকার দপ্তরকে জানানো হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত সমস্যা সমাধান করে নি।

## এলাকাবাসীর

● প্রথম পাতার পর

যদি ডাক্তার না থাকে তাহলে চরম অসুবিধায় পড়তে হবে প্রত্যেকেই। তাই কোনোভাবেই ওই চিকিৎসককে বদলি করা যাবে না বলে এদিন বিক্ষোভ দেখিয়েছেন এলাকাবাসীরা।

এদিকে ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গেছেন পুলিশ বাহীনি। পুলিশ অবরোধকারীদের সাথে কথা বলেন এবং পুলিশ আশ্বাস দিয়েছে এই বিষয়ে ব্যবস্থা গ্রহন করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে অবরোধ প্রত্যাহার করেন তাঁরা।

## ২০২৪ সালে বৈশ্বিক নানা ক্ষেত্রীয় সূচকের অবস্থানে ভারতের চমৎকার অগ্রগতি

ভারত আজ বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি এবং আমরা আত্মবিশ্বাসের সঙ্গে তৃতীয় বৃহত্তম অর্থনীতি হয়ে ওঠার লক্ষ্যের দিকে এগিয়ে চলেছে। প্রতিযোগিতামূলক হওয়ার এবং বিশ্ব ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য ভারতের দৃঢ় সংকল্প গত দশকে বিভিন্ন বৈশ্বিক রেঙ্কিং -এ অসাধারণ উন্নতির মাধ্যমে স্পষ্ট হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ লজিস্টিক থেকে শুরু করে উদ্ভাবন, সুরক্ষা এবং সাইবার সুরক্ষার মতো ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি করেছে। গত দশ বছরে এই সাফল্যগুলি শুধুমাত্র রেঙ্কিং -এ উন্নতিই নয়, বরং বিশ্ব ব্যবস্থায় ভারতের ভূমিকাকে নতুন করে ভাবার করার সুযোগ করে দিয়েছে।

২০১৫ থেকে ২০১৮ সালের মধ্যে সহজে ব্যবসা করার সূচকে ৪২ ধাপ এগিয়ে ভারত বিনিয়োগ-বান্ধব গন্তব্য হিসাবে উঠে এসেছে। একইভাবে, গ্লোবাল কম্পিটিটিভনেস ইনডেক্সে ভারত ২০১৪ সালে ৭১তম স্থান থেকে ২০১৮ সালে ৩৯তম স্থানে উঠে এসেছে, যা পরিকাঠামো, বাজারের আকার এবং উদ্ভাবনের ক্ষেত্রে অগ্রগতিকে তুলে ধরেছে। ২০২২ সালে, ভারতের বিমান সুরক্ষা তদারকি ব্যবস্থা চিন, ইসরায়েল এবং ডেনমার্কের মতো দেশগুলিকে ছাড়িয়ে ১০২ তম স্থান থেকে ৪৮ তম স্থানে উত্তরণ ঘটেছে। এই মাইলফলকগুলি তার বিশ্বব্যাপী অবস্থান এবং প্রতিযোগিতাকে শক্তিশালী করার জন্য ভারতের ধারাবাহিক প্রচেষ্টার একটি প্রমাণ।২০২৪ সালে, বিশ্ব মঞ্চে উল্কাপিণ্ডের মত ভারতের উত্থান উল্লেখযোগ্য কিছু নয়, মূল র‍্যাঙ্কিং এবং কৃতিত্বগুলি তার ক্রমবর্ধমান প্রভাবকে তুলে ধরেছে। বৃহত্তম বৈদেশিক মুদ্রার রিজার্ভের প্রথম চারটি দেশের মধ্যে স্থান সুরক্ষিত করা থেকে গ্লোবাল ইনোভেশন ইনডেক্সে আরোহণ করা, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে ভারতের অগ্রগতি বলা যায় রূপান্তরমুখী।

অর্থনৈতিক প্রবৃদ্ধি ও বৈদেশিক রিজার্ভপ্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধির গতিপথ দেখার মত। লজিস্টিক পারফরম্যান্স ইনডেক্স ২০২৩-এ ভারতের বৃদ্ধির সাথে ভারতের বাণিজ্য দক্ষতা বেড়েছে, ১৬ টি স্থান উন্নতি করেছে, এখন ১৩৯ টি দেশের মধ্যে ৩৮ তম স্থানে রয়েছে। এই বৃদ্ধি বাণিজ্য ও পরিকাঠামো ক্ষেত্রে ভারতের ক্রমবর্ধমান শক্তিকেই তুলে ধরেছে। এছাড়াও, জাহাজ খালাসের সময়ের দিক থেকে ভারত অনেক উন্নত দেশকে ছাড়িয়ে বিশ্ব বাণিজ্যের একটি প্রধান কেন্দ্র হয়ে উঠেছে। সাগরমালা প্রকল্পের আওতায় বন্দরের ক্ষমতা বৃদ্ধি, বন্দর পরিকাঠামোয় বিনিয়োগ এবং বন্দরগুলির যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। ভারতের প্রধান বন্দরগুলিতে জাহাজের টার্নঅ্যারাউন্ড টাইম ২০১৩-১৪ সালে ৯৩.৫৯ ঘণ্টা থেকে ৪৮.৬৫ শতাংশ কমে ২০২৩-২৪ সালে ৪৮.০৬ ঘণ্টায় নেমে এসেছে।

সেই সাথে ভারত একটি অসাধারণ মাইলফলক অতিক্রম করেছে। তা হল ভারতে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৭০০ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে গেছে, যা চিন, জাপান এবং সুইজারল্যান্ডের ঠিক পরে বিশ্বে চতুর্থ স্থানে। আরেকটি চিত্তাকর্ষক সাফল্য হিসেবে গ্লোবাল কম্পিটিটিভনেস ইনডেক্স ২০২৪-এ ভারতের ৩৯তম অবস্থানে উন্নীত হওয়া অর্থনৈতিক সংস্কারের প্রতি সরকারের নিরলস চেষ্টাকে তুলে ধরেছে, যা ভারতকে বিশ্ব বাজারে একটি শক্তিশালী খেলোয়াড় হিসাবে গড়ে তুলেছে।

গত দশকে (এপ্রিল ২০১৪ থেকে সেপ্টেম্বর ২০২৪) মোট এফডিআই প্রবাহের পরিমাণ ছিল ৭০৯.৮৪ বিলিয়ন ডলার, যা গত ২৪ বছরে সামগ্রিক এফডিআই প্রবাহের ছিল ৬৮.৬৯ শতাংশ। ২০২৪ সালে চিনের পর ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অপরিশোধিত ইস্পাত উৎপাদক হয়ে ওঠে। মোবাইল ফোন উৎপাদনে বিশ্বব্যাপী দ্বিতীয় স্থান অর্জন করেছে ভারত।

ইনোভেশন লিডার হিসেবে অগ্রগতি:

গ্লোবাল ইনোভেশন ইনডেক্স ২০২৪ এই অগ্রগতির একটি স্পষ্ট প্রতিফলন, কারণ ভারত ২০১৫ সালে ৮১ তম থেকে ৩৯ তম স্থানে উঠে এসেছে, যা দেশকে উদ্ভাবনের জন্য বিশ্বব্যাপী কেন্দ্রে রূপান্তরকে তুলে ধরেছে। প্রযুক্তিগত মর্যাদা আরও বাড়িয়ে, ভারত নেটওয়ার্ক প্রস্তুতি সূচক ২০২৪-এ ১১তম স্থান অর্জন করেছে, যা এখন শীর্ষ ৫০ টি দেশের মধ্যে স্থান পেয়েছে। এআই প্রতিভা এবং আইসিটি পরিষেবা রফতানিতে ভারত প্রথম স্থানে, এআই বৈজ্ঞানিক প্রকাশনায় প্রথম, এফটিটিএইচ সাবস্ক্রিপশন এবং মোবাইল ইন্টারনেট ট্র্যাফিকের ক্ষেত্রে দ্বিতীয় এবং দেশীয় বাজারের স্কেলে তৃতীয় স্থানে রয়েছে। এই বৃদ্ধি ডিজিটাল পরিকাঠামো শক্তিশালী করার জন্য সরকারের প্রচেষ্টাকে তুলে ধরেছে। ভারত পেটেন্ট, ট্রেডমার্ক এবং শিল্প ডিজাইনে শীর্ষ ১০ টি দেশের মধ্যে স্থান সুরক্ষিত করেছে: ডাব্লুআইপিও ২০২৪ রিপোর্ট, বৌদ্ধিক সম্পত্তিতে দেশের ক্রমবর্ধমান নেতৃত্ব এবং প্রযুক্তিগত অগ্রগতি চালানোর ক্ষেত্রে এর গুরুত্বপূর্ণ ভূমিকাকে পুনরায় নিশ্চিত করেছে। শুধু তাই নয়, "অদম্য সম্পদের তীব্রতায়" ভারত বিশ্বের সপ্তম স্থানে রয়েছে।

ভারতের শিক্ষা খাত অসাধারণ প্রবৃদ্ধি অর্জন করছে। দেশ গ্লোবাল একাডেমিক র‍্যাঙ্কিংয়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। কিউএস ওয়ার্ল ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং: এশিয়া ২০২৫ ভারতের ক্রমবর্ধমান প্রাধান্যকে তুলে ধরেছে, এর সাতটি ইনস্টিটিউট এখন এশিয়ার শীর্ষ ১০০ এর মধ্যে স্থান পেয়েছে। শুধু তাই নয়, ৯৮৪টি প্রতিষ্ঠানের মধ্যে ১৬২টি বিশ্ববিদ্যালয় জাপান (১১৫) এবং চীনকে (১৩৫) পেছনে ফেলে কিউএস র‍্যাঙ্কিংয়ে পরপর দু"বার সর্বাধিক প্রতিনিধিত্বকারী দেশ হয়ে উঠেছে ভারত। এই অর্জন বিশ্বমানের শিক্ষা প্রদান এবং গবেষণার উৎকর্ষতা বৃদ্ধিতে দেশের প্রতিশ্রুতির প্রতিফলন। আইআইটি এবং আইআইএম-এর মতো প্রতিষ্ঠানগুলি ভারতে এবং আন্তর্জাতিক স্তরে উচ্চ মান স্থাপন করছে। শিক্ষাগত পরিকাঠামোর উন্নতি এবং উদ্ভাবনকে উৎসাহিত করার উপর চলমান ফোকাসের সাথে, ভারত উচ্চশিক্ষার জন্য একটি নেতৃস্থানীয় কেন্দ্র হয়ে উঠতে প্রস্তুত।

সাইবার নিরাপত্তাকে অগ্রাধিকার দিচ্ছে ভারত :

ভারতের ডিজিটাল পরিকাঠামো বছরের পর বছর ধরে দ্রুত বৃদ্ধি পেয়েছে এবং গ্লোবাল সাইবারসিকিউরিটি ইনডেক্স ২০২৪-এ এর সাফল্য, টায়ার ১ স্ট্যাটাস অর্জন এই রূপান্তরকে তুলে ধরে। ভারত ১০০ এর মধ্যে ৯৮.৪৯ স্কোর করেছে যা ভারতকে সাইবার সুরক্ষা প্রস্তুতির জন্য বিশ্বের শীর্ষস্থানীয় দেশগুলির মধ্যে রেখেছে। এই মাইলফলকটি ব্যবসা ও নাগরিকদের জন্য একটি সুরক্ষিত ডিজিটাল পরিবেশ তৈরিতে সরকারের চলমান মনোযোগকে প্রতিফলিত করে। মোদী সরকার শক্তিশালী সাইবার সিকিউরিটি ফ্রেমওয়ার্ক তৈরির উপর জোর দিয়েছে ডিজিটাল ইন্ডিয়ার মতো উদ্যোগের মাধ্যমে, যা কেবল ইন্টারনেট অ্যাক্সেস প্রসারিত করেনি বরং অনলাইন সুরক্ষা বাড়ানোর পদক্ষেপও চালু করেছে। এনসিআইআইপিসি এবং আই ফোর সি প্রতিষ্ঠার মতো অতীতের প্রচেষ্টাগুলি দেশের সাইবার প্রতিরক্ষা শক্তিশালীকরণে মূল ভূমিকা পালন করেছে, বিশ্বব্যাপী সাইবার সুরক্ষা ল্যান্ডস্কেপে ভারতকে নেতৃত্ব দিয়েছে।

লিঙ্গ সমতা

লিঙ্গ সমতায় ভারতের উল্লেখযোগ্য অগ্রগতি "২০২২ সালের "লিঙ্গ অসমতা সূচকে" স্পষ্ট, যেখানে দেশ ১৪ ধাপ এগিয়ে ২০২১ সালে ১২২ তম থেকে ১০৮ তম স্থানে উন্নীত হয়েছে। এই অগ্রগতি বেটি বাঁচাও বেটি পড়াও-য়ের মতো উদ্যোগের মাধ্যমে নারীর ক্ষমতায়নের প্রতি মোদী সরকারের দৃঢ় প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে, যা শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং মহিলাদের সুরক্ষার প্রতি মনোনিবেশ করে। ২০২৩-২০২৪ সালের হিসাবে, ভারত অগ্রগতি অব্যাহত রেখেছে, আরও বেশি সংখ্যক মহিলা কর্মশক্তি এবং রাজনৈতিক নেতৃত্বের ভূমিকায় অংশ নিচ্ছেন। আরও অন্তর্ভুক্তিমূলক সমাজের জন্য প্রধানমন্ত্রী মোদীর দৃষ্টিভঙ্গি এই পরিবর্তনগুলিকে পরিচালনা করে, এটি নিশ্চিত করছে যে মহিলাদের অবদান সমস্ত সেক্টরে ক্রমবর্ধমান স্বীকৃত এবং সমর্থিত হচ্ছে।

সমৃদ্ধ পর্যটন খাত

ভারতের পর্যটন খাত সমৃদ্ধ হয়েছে, ভ্রমণ ও পর্যটন উন্নয়ন সূচক (টিটিডিআই) ২০২৪ এ ৩৯ তম স্থানে রয়েছে। ইনক্রেডিবল ইন্ডিয়া এবং দেখো আপনা দেশের মতো উদ্যোগগুলি ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যকে তুলে ধরে দেশীয় এবং আন্তর্জাতিক উভয় পর্যটনকে বাড়িয়ে তুলেছে। ২০২৪ সালে, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী স্বদেশ দর্শন এবং প্রসাদ প্রকল্পের অধীনে ১৪০০ কোটি টাকারও বেশি (১৬৮.৫ মিলিয়ন মার্কিন ডলার) মূল্যের ৫২ টি পর্যটন খাতের প্রকল্পের উদ্বোধন করেছেন। এটি ভারতের ক্রমবর্ধমান আঞ্চলিক প্রভাবকে প্রতিফলিত করে, যা অ্যাক্ট ইস্ট নীতি এবং আন্তর্জাতিক মঞ্চে সক্রিয় নেতৃত্বের মতো কৌশল দ্বারা চালিত। মোদির নেতৃত্বে বিশ্বমঞ্চে ভারতের উপস্থিতি ও শক্তি ক্রমাগত জোরদার হচ্ছে।

# অঙ্গন

## দাস ডেন্টাল কেয়ার ও জেআরসি-র প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দাস ডেন্টাল এন্ড এসথেটিক কেয়ার এবং জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের মধ্যে এক বন্ধুত্বপূর্ণ-প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। দায়িত্বপূর্ণ হাজারো ব্যস্ততা সত্ত্বেও বিনোদনের উদ্দেশ্যে একদিনের জন্য মাঠে ক্রিকেট ম্যাচ আয়োজন অনুষ্ঠানে আনন্দ উপভোগ করতে পেরে দু-দলের খেলোয়াড় এবং আয়োজকরা অত্যন্ত আনন্দ অনুভব করছেন। আগামী দিনেও এ ধরনের প্রীতি ক্রিকেট ম্যাচের মধ্য দিয়ে দুই পক্ষের সম্পর্ক জারি থাকবে বলে খেলোয়াড় এবং অতিথিদের প্রত্যেকেই অভিমত ব্যক্ত করেন। এমবিবি স্টেডিয়ামে বেলা ১১টায় ম্যাচ শুরুতে টস জিতে ডেন্টাল কেয়ার ক্রিকেট টিম প্রথমে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয়। জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাব নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ১২০ রান সংগ্রহ করে। জবাবে দাস ডেন্টাল কেয়ার ক্রিকেট টিম ১১.৪ ওভার খেলে তিন উইকেট হারিয়ে জয় এর প্রয়োজনীয় রাণ সংগ্রহ করে নেয়। খেলায় দুর্দান্ত ব্যাটিং পারফরম্যান্সের সুবাদে সেরা ব্যাটসম্যান হিসেবে বাপন দাস, সেরা বোলার হিসেবে জাকির হোসেন এবং ম্যান অফ দ্য ম্যাচ হিসেবে সায়ন দাসকে সুদৃশ্য ট্রফি দেওয়া হয়। দাস ডেন্টাল এন্ড এসথেটিক কেয়ার টিমের হয়ে আশীস, আবির, আব্দুল, অনুশ, আয়ুষ, প্রীতম, রূপম, কুমার, দীপ্তনু, সায়ন আদ্রিত যেমন দুর্দান্ত খেলেছেন, তেমনি জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের হয়ে অভিষেক, সুব্রত, জাকির, মনোজিৎ, মিলটন, বিশ্বজিৎ, প্রসেনজিৎ, বাপন, বিজয় দিলিপ, আকাশ, দিব্যেন্দু, অনির্বাণ, রাজেশ দারুণ খেলা উপহার দিয়েছেন। খেলা শেষে এক বিশেষ অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিবর্গ তথা জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের সভাপতি সুপ্রভাত দেবনাথ, সহ-সভাপতি অনির্বাণ দেব, সম্পাদক অভিষেক দে, দাস ডেন্টাল এন্ড এসথেটিক কেয়ার এর প্রোপ্রাইটর ডঃ তমোঘ্ন দাস প্রমূখ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। জে.আর.সি-র পক্ষ থেকে ডঃ তমোঘ্ন দাসকে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয়। জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের পক্ষে সম্পাদক অভিষেক দে এবং ডেন্টাল কেয়ার এর পক্ষে ডঃ তমোঘ্ন দাস সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন এবং গ্রাউন্ড স্টাফদের পাশাপাশি আম্পায়ার ও স্কোরার বিশ্বজিৎ দেবনাথ, সুদীপ দত্ত গুপ্ত ও জয়ন্ত সাহাকেও আয়োজকদের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

## বিজয় হাজারে ট্রফি : দিল্লির কাছেও পরাজিত ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। পঞ্চম ম্যাচেও পরাজিত ত্রিপুরা। এবার দিল্লির কাছে। ৬৪ রানের ব্যবধানে। খেলা বিসিসিআই আয়োজিত বিজয় হাজারে ট্রফি সিনিয়র পুরুষদের এক দিবসীয় ক্রিকেট টুর্নামেন্ট। হায়দ্রাবাদের জিমখানা গ্রাউন্ডে মঙ্গলবার রাজ্য দল ৬৪ রানের ব্যবধানে দিল্লির কাছে পরাজিত হয়েছে। সকালে ম্যাচ শুরুতে টস জিতে ত্রিপুরা দলের অধিনায়ক প্রথমে ফিল্ডিং এর সিদ্ধান্ত নেয়। ব্যাটিংয়ের আমন্ত্রণ পেয়ে দিল্লি নির্ধারিত ৫০ ওভারে ছয় উইকেট হারিয়ে ৩০৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে উইকেট রক্ষক তেজস্বীর ১১৪ রান বেশ উল্লেখযোগ্য। তেজস্বী ৭৮ বল খেলে নয়টি বাউন্ডারি ও ছয়টি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ১১৪ রান পায়।

এছাড়া, সনদ ছাঙ্গুয়ানের ৫৪ রান এবং সুমিত মাথুরের অপরাজিত ৪৭ রান উল্লেখযোগ্য। রাজ্য দলের মনি শংকর মুরাসিং, রানা দত্ত, মানদীপ সিং ও চিরঞ্জীব পাল প্রত্যেকে একটি করে উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে ত্রিপুরার ব্যাটার্সরা যথেষ্ট চেষ্টা সত্ত্বেও নির্ধারিত ৫০ ওভার শেষ হওয়ার ৪ বল বাকি থাকতে ২৪২ রানে ইনিংস গুটিয়ে নেয়। দলের পক্ষে শ্রীদাম পালের ৬৪ রান, মানদীপ সিং-এর ৪৬ রান, বিক্রম দেবনাথ এর ৪৫ রান উল্লেখযোগ্য হলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা সম্ভব হয়নি। দিল্লির প্রিন্স যাদব একাই ৪টি উইকেট তুলে নেয় ৫৩ রানের বিনিময়ে।

## টেস্ট বিশ্বকাপের ফাইনালে ওঠা কঠিন রোহিতদের, রয়েছে ক্ষীণ সম্ভাবনা, কী করতে হবে ভারতকে?

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে যাওয়া কঠিন হয়ে গেল ভারতের জন্য। তৃতীয় স্থানে থাকা ভারতকে এখন সিডনিতে জিততেই হবে। না হলে রোহিতদের পক্ষে ফাইনালে যাওয়া সম্ভব নয়। অস্ট্রেলিয়ার যদিও এখনও শ্রীলঙ্কা সফর বাকি। তাই মেলবোর্নে জিতেও প্যাট কামিন্সদের টেস্ট বিশ্বকাপ খেলা নিশ্চিত নয়।বর্ডার-গাওস্কর সিরিজে ১-২ ব্যবধানে পিছিয়ে পড়েছে ভারত। বাকি আর একটি টেস্ট। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের আগে ভারতের এটাই শেষ টেস্ট। ৩ জানুয়ারি থেকে শুরু হবে সেই ম্যাচ। দক্ষিণ আফ্রিকা ইতিমধ্যেই ফাইনালে জায়গা পাকা করে ফেলেছে। দ্বিতীয় ফাইনালিস্ট কে হবে তা নিয়েই চলছে লড়াই।পয়েন্ট তালিকায় দ্বিতীয় স্থান ধরে রেখেছে অস্ট্রেলিয়া। প্যাট কামিন্সেরা ১৬টি টেস্ট খেলে ১০টিতে জয় পেয়েছেন, দু'টি ড্র করেছেন। সম্ভাব্য সর্বোচ্চ ১৯২ পয়েন্টের মধ্যে কামিন্সদের সংগ্রহ ১১৮। শতাংশের হিসাবে ৬১.৪৫। তৃতীয় স্থানেই রয়েছে ভারত। তবে পয়েন্ট শতাংশ কমে গিয়েছে রোহিতদের। ১৮টি টেস্ট খেলার পর রোহিতদের জয় ন'টিতে এবং ড্র দু'টি। সম্ভাব্য সর্বোচ্চ ২১৬ পয়েন্টের মধ্যে ভারতের সংগ্রহ ১১৪। শতাংশের হিসাবে ৫২.৭৭। যা মেলবোর্ন টেস্টের আগে ছিল ৫৫.৮৮ এবং ব্রিসবেন টেস্টের আগে ছিল ৫৭.২৯। তালিকায় তৃতীয় স্থানে থাকলেও রোহিতদের পয়েন্ট শতাংশ ক্রমশ কমছে এবং প্রথম দু'দলের সঙ্গে ব্যবধান বৃদ্ধি পাচ্ছে।ভারত যদি সিডনিতে অস্ট্রেলিয়াকে হারিয়ে দেয় তা হলেও তৃতীয় স্থানেই থাকবে। ১৯ ম্যাচে তাদের ১২৬ পয়েন্ট হবে। শতাংশের হিসাবে ৫৫.২৬। সিডনিতে হারলে অস্ট্রেলিয়ার ১৭ ম্যাচে ১১৮ পয়েন্ট হবে। শতাংশের হিসাবে যা ৫৭.৮৪। অর্থাৎ, সিডনিতে জিতলেও ভারতের ফাইনালে ওঠা নিশ্চিত নয়। তখন অপেক্ষা করতে হবে শ্রীলঙ্কা সফরে অস্ট্রেলিয়ার হারের। ফলে মেলবোর্নে হেরে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ওঠার রাস্তা অনেকটাই কঠিন করে ফেললেন রোহিতেরা।শ্রীলঙ্কা এই বছর ঘরের মাঠে নিউ জিল্যান্ডকে টেস্টে হারিয়েছে। ফলে রোহিতেরা আশা করবেন অস্ট্রেলিয়ার বিরুদ্ধেও সাফল্য পাবে দ্বীপরাষ্ট্র। কিন্তু তার আগে সিডনিতে জিততে হবে রোহিতদের। যদি তাঁরা সিডনিতে হেরে যান তা হলে অস্ট্রেলিয়া সরাসরি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে যোগ্যতা অর্জন করবে। না হলে শ্রীলঙ্কা সফরের জন্য অপেক্ষা করতে হবে প্যাট কামিন্সদের।

## যশস্বীকে আউট দিয়ে বাংলাদেশি আম্পায়ার কি ঠিক করেছেন, কী বলছেন প্রাক্তন আম্পায়ার টফেল?

মেলবোর্নে যশস্বী জয়সওয়ালের আউট নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল। বাংলাদেশি আম্পায়ার শরফুদ্দৌলা সৈকত ছিলেন তৃতীয় আম্পায়ারের দায়িত্বে। তিনি যশস্বীকে আউট দেন। সেই সিদ্ধান্ত নিয়েই বিতর্ক। প্রাক্তন আম্পায়ার সাইমন টফেল পাশে দাঁড়িয়েছেন শরফুদ্দৌলার। তবে ভারতীয় ক্রিকেট বোর্ডের সহ-সভাপতি রাজীব শুক্ল আউটের সিদ্ধান্তের বিরোধিতা করেছেন। টফেল বুঝিয়ে দিয়েছেন কেন শরফুদ্দৌলার নেওয়া সিদ্ধান্ত সঠিক। খালি চোখে দেখা গিয়েছে বলের দিক পরিবর্তন হয়েছে, তাই অন্য কোনও প্রযুক্তির সাহায্য নেওয়ার দরকার নেই বলে মনে করেন তিনি। আইসিসির এলিট প্যানেলে থাকা প্রাক্তন আম্পায়ার টফেল বলেন, "আমার মতে ওটা আউটই ছিল। তৃতীয় আম্পায়ার একদম সঠিক সিদ্ধান্ত নিয়েছেন। আম্পায়ার যদি দেখতে পায় বলের দিক পরিবর্তন হচ্ছে, তা হলে প্রযুক্তির সাহায্য নেওয়ার দরকার নেই। ব্যাটে লেগে বলের দিক পরিবর্তন হয়েছে। তাই অন্য কিছু দেখার প্রয়োজন নেই। বলের দিক পরিবর্তনই আসল প্রমাণ। তৃতীয় আম্পায়ার সেটাকেই প্রাধান্য দিয়েছেন।" ভারতীয় বোর্ডের সহ-সভাপতি যদিও মনে করেন যশস্বী আউট ছিলেন না। রাজীব সোমবারই সমাজমাধ্যমে পোস্ট করেছিলেন এই বিষয়ে। তিনি লিখেছিলেন, "যশস্বী পরিষ্কার নট আউট। তৃতীয় আম্পায়ারের উচিত ছিল প্রযুক্তি যা বলছে সেটা মেনে নেওয়া। মাঠের আম্পায়ারের সিদ্ধান্ত বাতিল করার জন্য তৃতীয় আম্পায়ারের কাছে যথেষ্ট কারণ থাকা প্রয়োজন।" ভারত অধিনায়ক রোহিত শর্মাও মনে করছেন যশস্বী আউট ছিল। তিনি জানিয়েছিলেন যে, বল গ্লাভসে লেগেছে। সাংবাদিক বৈঠকে রোহিত বলেছিলেন, "স্নিকোতে বোঝা যায়নি বল লেগেছে কি না। তবে আমার মনে হয় বল লেগেছে। তবে বেশির ভাগ সময় সিদ্ধান্তগুলো আমাদের বিরুদ্ধে যায়। সেটা নিয়ে আমি আর কিছু বলতে চাই না।"কী ঘটেছিল? মেলবোর্ন টেস্টের শেষ দিনে ব্যাট করছিলেন যশস্বী। তিনিই ভারতীয় দলকে টানছিলেন। তরুণ ব্যাটার হঠাৎ আউট হয়ে যাওয়ায় বিপদে পড়ে ভারত। ৭১তম ওভারে বল করছিলেন প্যাট কামিন্স। তাঁর বল যশস্বীর লেগ স্টাম্পের বাইরে যাচ্ছিল। সেই বলে ব্যাট চালান ব্যাটার। বল উইকেটরক্ষক অ্যালেক্স ক্যারের হাতে যেতেই অস্ট্রেলিয়া আউটের আবেদন করে। কিন্তু মাঠের আম্পায়ার ওয়েস্ট ইন্ডিজের জোয়েল উইলসন আউট দেননি। রিভিউ নেয় অস্ট্রেলিয়া। আউট দেন তৃতীয় আম্পায়ার।তৃতীয় আম্পায়ার যখন রিপ্লে দেখছেন, তখন স্নিকোতে কোনও বড় স্পাইক দেখা যায়নি। তার পরেও তৃতীয় আম্পায়ার আউট দেওয়ায় বিতর্ক তৈরি হয়। তৃতীয় আম্পায়ার সৈকত বলেন, "ভিডিয়োয় দেখা যাচ্ছে বল গ্লাভসে লেগেছে। বলের দিক পরিবর্তন হয়েছে।" সেই যুক্তিতে স্নিকোতে ব্যাটে বা গ্লাভসে বল লাগার কোনও প্রমাণ না পাওয়া গেলেও তৃতীয় আম্পায়ার আউটের সিদ্ধান্ত জানান।

## অস্ট্রেলিয়ার লায়নকে প্রকাশ্যে 'টাকলু' বলে সম্বোধন ধারাভাষ্যকারের, ভাষা হারালেন গিলক্রিস্ট

ধারাভাষ্য দেওয়ার সময় প্রায়শই মাঠে থাকা ক্রিকেটারদের নিয়ে মজা করে থাকেন ধারাভাষ্যকারেরা। প্রশংসা যেমন করেন, তেমনই ভুল হলে সমালোচনা করতেও ছাড়েন না। সে ভাবেই নেথান লায়নের পিছনে লাগলেন কেরি ও'কিফ। প্রাক্তন ক্রিকেটার লায়নকে 'টাকলু' বলে সম্বোধন করেছেন। তা শুনে ভাষা হারান অ্যাডাম গিলক্রিস্ট।

মেলবোর্নে ভারতের প্রথম ইনিংস চলাকালীন ব্যাট করছিলেন নীতীশ রেড্ডি এবং ওয়াশিংটন সুন্দর। ৭৯তম ওভারটি করেন লায়ন। তার পর ফিল্ডিংয়ে ফিরে যাচ্ছিলেন। সে সময়েই ও'কিফ মন্তব্যটি করেন। সঙ্গে সঙ্গেই ওই শব্দ ব্যবহারের কারণও জানান তিনি।ও'কিফ বলেন, ''হিন্দিতে লায়নকে লোকে টাকলু বলে। এক বার একটা ক্রিকেট অনুষ্ঠানের ভিডিয়ো পোস্ট করেছিলাম সমাজমাধ্যমে। সেখানে লোকে প্রশ্ন তুলেছিল, 'টাকলু কে'? আমি ভেবেছিলাম কেউ হয়তো আমার সম্পর্কে খারাপ কোনও কথা বলেছে। পরে ইন্টারনেটে শব্দের অর্থ খুঁজতে গিয়ে জানতে পারি, হিন্দিতে নেড়া মাথার লোককে টাকলু বলা হয়। তাই জন্যই লায়ন একজন টাকলু।'' ও'কিফের কথা শুনে হাসি চাপতে পারেননি গিলক্রিস্ট। তিনিও ধারাভাষ্য দেওয়ার মাঝেই হাসতে থাকেন।নীতীশের সেই ইনিংস ভারতকে প্রথম ইনিংসে ফলো-অন এড়াতে সাহায্য করেছিল। তবে ম্যাচ জিততে পারেনি তারা। দ্বিতীয় ইনিংসে ব্যাটিং ব্যর্থতার কারণে ১৮৪ রানে হারতে হয়েছে।

## বোধজং আয়োজিত আন্ত: স্কুল এলামনি স্পোর্টস ফেস্ট শুরু ৪ জানুয়ারি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা বোধজং স্কুল এলামনি আয়োজিত ইন্টার স্কুল এলামনি স্পোর্টস ফেস্ট 'খেলো এলামনি ২.০' ৪ জানুয়ারি থেকে শুরু হচ্ছে। বোধজং স্কুলের অডিটোরিয়ামে সপ্তাহ ব্যাপী আয়োজিত এই স্পোর্টস ফেস্টের আনুষ্ঠানিক সূচনা হবে। প্রথম দিনে দাবা, ক্যারাম ও লুডো প্রতিযোগিতা দিয়ে ফেস্টের সূচনা হলেও পরদিন এনএসআরসিসি-র ব্যাডমিন্টন কোর্টে হবে রাজ্য আন্তঃ স্কুল এলামনি ব্যাডমিন্টন প্রতিযোগিতা। ১১ ও ১২ জানুয়ারি হবে আন্তঃ স্কুল এলামনি ক্রিকেট প্রতিযোগিতা। দ্বিতীয়বারের মতো আয়োজিত এবারকার স্পোর্টস ফেস্ট ঘিরে উদ্যোক্তা বোধজং স্কুল এলামনিতে প্রস্তুতি চলছে জোর কদমে। ব্যাডমিন্টন ও ক্রিকেট প্রতিযোগিতার ক্রীড়াসূচিও ইতোমধ্যে ঘোষণা করা হয়েছে। অংশগ্রহণকারী ১৮ টি স্কুল এলামনি দলগুলোর মধ্যেও প্রস্তুতি এবং অনুশীলন এখন তুঙ্গে।

## ভূপেন দত্ত ভৌমিক স্মৃতি স্টেট টেনিস চ্যাম্পিয়নশিপ শুরু ১০ই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ২৮ তম ভূপেন দত্ত ভৌমিক মেমোরিয়াল স্টেট টেনিস চ্যাম্পিয়ানশীপ ২০২৪ শুরু হবে মালঞ্চ নিবাসস্থিত স্টেট টেনিস কমপ্লেক্সে, আগামী ১০ জানুয়ারী থেকে। এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন হবে ১১ জানুয়ারী সকাল ৯ টায়।

এই প্রতিযোগিতাকে সামনে রেখে ইতোমধ্যেই মালঞ্চ নিবাসস্থিত স্টেট টেনিস কমপ্লেক্সকে সাজিয়ে তোলা হয়েছে এবং দিবারাত্রি খেলার জন্য ফ্লাড লাইটের কাজও অন্তিম পর‍্যায়ে।

এই প্রতিযোগিতায় পুরুষ ও মহিলা দুই গ্রুপের সিঙ্গেলস, ডাবলস দুই বিভাগের খেলা হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক খেলোয়াড়দের এন্টি জমা দিতে হবে ৬ জানুয়ারির মধ্যে। আগামী ১০ জানুয়ারি সকাল ৮টা থেকে সিঙ্গেলস ডাবলস এর রাউন্ড আপ এর ম্যাচ দিয়ে শুরু হবে প্রতিযোগিতা এবং ১১ জানুয়ারী আনুষ্ঠানিক উদ্বোধন এর পর শুরু হবে মূল পর্বের খেলাগুলো। ত্রিপুরা টেনিস অ্যাসোসিয়েশনের সম্পাদক সুজিত রায় এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

## অনূর্ধ ১৯ মহিলা একদিবসীয় জাতীয় ক্রিকেটে দেবশ্রীতার নেতৃত্বে রাজ্যদল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজ্য দল প্রস্তুত। আজ, মঙ্গলবার বেলা বারোটায় নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে রাজ্য দলের নির্বাচিত খেলোয়াড়রা যথারীতি রিপোর্ট করেছেন। ইতোমধ্যে তারা নাগপুরের উদ্দেশ্যে রওনা হচ্ছেন। আগামী ৪ থেকে ১২ জানুয়ারি নাগপুরে জাতীয় অনূর্ধ ১৯ মহিলা এক দিবসীয় ট্রফি ২০২৪-২৫ ক্রিকেট টুর্নামেন্ট এর লীগ পর‍্যায়ের খেলা অনুষ্ঠিত হচ্ছে। এতে অংশগ্রহণকারী ত্রিপুরা দলের নেতৃত্বে রয়েছেন দেবশ্রীতা চৌধুরী। ডেপুটির ভূমিকায় রিফু দেববর্মা। দলের অন্যান্য খেলোয়াররা হলেন অস্মিতা দেবনাথ, অভিধা বর্ধন, গিয়া মন্ডল, সায়ন্তিকা নম দাস, পূজা দাস, পারমিতা চক্রবর্তী, তানিয়া দেব, অস্মিতা দাস, অন্তরানী নোয়াতিয়া, সুস্মিতা তেলী, মধুমিতা সরকার, এঞ্জেল পাল, পূর্ণিমা দেবনাথ ও ভূমিকা নায়েক। কোচ অনুপ কুমার দাস ও মাম্পি দেবনাথ।




কে আই ও ত্রিপুরা রাজ্য ভিত্তিক ক্যারাটে চ্যাম্পিয়নশিপে সিলভার পদক জয়ী রাজ্যের খুদে ক্রীড়াবিদ স্বরূপ পোদ্দার।

## গন্ডাছড়ায় নৈশকালীন ভলিবলে চ্যাম্পিয়নের শিরোপা মানি সেবার

ক্রীড়া প্রতিনিধি গন্ডাছড়া। প্রগ্রেসিভ ইয়ুথ এসোসিয়েশনের উদ্যোগে দায়ব শক্তি চাকমা স্মৃতি প্রাইজমানি নকআউট নৈশকালীন ভলিবল টুর্নামেন্টের সোমবার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। এদিন সন্ধ্যা সাতটায় গন্ডাছড়া কবিগুরু রবীন্দ্রনাথ স্মৃতি বিদ্যা ভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ফাইনাল ম্যাচে মুখোমুখি হয় মানি সেবা ক্লাব বনাম নিউ স্পোর্টিং ক্লাবের মধ্যে। ফাইনাল ম্যাচে মানি সেবা ক্লাব ৩ -১ সেটে জয়লাভ করে। এই দিনের ফাইনাল ম্যাচটি পরিচালনার রেফারির দায়িত্বে ছিলেন পুলক চাকমা।ফাইনাল ম্যাচে উপস্থিত ছিলেন ডিসিএম দিলীপ দেববর্মা, গন্ডাছড়া মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা, আর.ডি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার অমিয় ত্রিপুরা, প্রগ্রেসিভ ইয়ুথ ক্লাব সভাপতি সাধন চাকমা প্রমুখ। বিজয়ী দলের হাতে চ্যাম্পিয়ন ট্রফি সহ নগদ ১৫ হাজার টাকা এবং রানার্স দলের হাতে রানার্স ট্রফি সহ নগদ ৮ হাজার টাকা প্রাইজ মানি তুলে দেন উপস্থিত অতিথিরা। ক্লাব সভাপতি সাধন চাকমা জানান গত ২১ ডিসেম্বর থেকে ১২টি দলকে নিয়ে টুর্নামেন্টের শুভ সূচনা হয়। টুর্নামেন্ট সফলভাবে শেষ করার ক্ষেত্রে আরক্ষা প্রশাসন থেকে শুরু করে সাধারণ প্রশাসন সহ এলাকার মানুষ যেভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন তার জন্য ক্লাব সভাপতি সবাইকে ধন্যবাদ জানান। ভলিবল টুর্নামেন্টকে ঘিরে এলাকার ক্রীড়া মোদি লোকজনদের মধ্যে দারুনভাবে সাড়া পড়ে।

## জিন্স পরে খেলা যাবে দাবা, কার্লসেনের ঘটনার পর পিছু হটল বিশ্ব সংস্থা, তবে রাখল একটি শর্তও

বিশ্বের এক নম্বর দাবাড়ু ম্যাগনাস কার্লসেনের জিন্স-কাণ্ডের পর সুর নরম ফিডে সংস্থার। এখন থেকে প্রতিযোগিতায় জিন্স পরতে বাধা নেই প্রতিযোগীদের। তবে রং মিলিয়ে পরতে হবে জিন্স। তবেই খেলার অনুমতি দেবে ফিডে।নরওয়ের দাবাড়ু র‍্যাপিডের নবম রাউন্ডে খেলতে গিয়েছিলেন জিন্স পরে। কিন্তু ফিডের নিয়ম অনুযায়ী জিন্স পরে কোনও প্রতিযোগী খেলতে পারবেন না। কার্লসেনকে ২০০ ডলার (ভারতীয় মুদ্রায় প্রায় ১৭,১০০ টাকা) জরিমানা করা হয়েছিল। প্রতিযোগিতার আরবিটার (দাবায় যিনি আম্পায়ারের ভূমিকা পালন করেন।) অ্যালেক্স হোলোকজ্যাক জানিয়েছিলেন, কার্লসেন বার বার এই ভুল করেছেন। শাস্তি পাওয়ার পর কার্লসেন ব্লিৎজ বিভাগে অংশ নেবেন না বলে জানিয়েছিলেন। পরে যদিও তিনি অংশ নেন।বিশ্ব দাবা সংস্থার প্রধান আর্কাডি ভরকোভিচ বলেন, ''ফিডে আধিকারিকেরা প্রতিযোগীদের পোশাকের ব্যাপারে যে ধরনের সিদ্ধান্ত নিচ্ছেন, তা নিয়ে আর একটু নমনীয় হতে বলব। পোশাকের নিয়ম মানতেই হবে। তা নিয়ে কোনও প্রশ্ন নেই। তবে যদি জ্যাকেট এবং জিন্সের রং একই রকমের হয় তা হলে খেলার অনুমতি দেওয়া যেতে পারে।"যদিও তার মাঝেই বিতর্ক আরও বাড়িয়েছেন কার্লসেন। তিনি নিশানা করেছেন বিশ্বনাথন আনন্দকে। তিনি ফিডের সহ-সভাপতি। কার্লসেন বলেন, ''আমি জানতাম না যে কোনও নিয়ম ভেঙেছি। আনন্দও জানত না, অতীতে এই ধরনের কোনও ঘটনা ঘটেছে কি না। ওর সঙ্গে আমার অনেক আলোচনা হয়েছে। কিন্তু আরবিটারের সিদ্ধান্ত নিয়ে ও কোনও কথা বলতে পারেনি। তার মানে, আনন্দ এই কাজের যোগ্য নয়। সেটাই আমার মনে হয়েছে।" কার্লসেনের মনে হয়েছে, সভাপতির সঙ্গে কথা না বলেই একতরফা জরিমানার সিদ্ধান্ত নিয়েছিলেন আনন্দ। কার্লসেন বলেন, ''আমি তো বিমানের টিকিটও কেটে ফেলেছিলাম। তার পরে বাবা বলল, ভরকোভিচের সঙ্গে কথা বলতে। ওর সঙ্গে কথা বলার পরেই সমস্যা মিটে গেল। আমার মনে হয়েছে, ভরকোভিচ এই বিষয়ে কিছু জানত না। নইলে এতটা সমস্যা হত না।"

## মঙ্গলবার সন্তোষ ট্রফির ফাইনাল, অতীত নিয়ে ভাবছেন না কোচ সঞ্জয়, ট্রফিই পাখির চোখ

আরও একটি সন্তোষ ট্রফির ফাইনাল। আরও এক বার মুখোমুখি দুই পুরনো শত্রু। মঙ্গলবার হায়দরাবাদের বালাযোগী স্টেডিয়ামে মুখোমুখি বাংলা এবং কেরল। দীর্ঘ দিন ট্রফি না পাওয়া বাংলা দল মুখিয়ে রয়েছে প্রতিশোধ নিতে। অন্য দিকে, রাজ্য স্তরের সম্মানের লড়াইয়ে আরও এক বার শেষ হাসি হাসতে মরিয়া কেরল।এই নিয়ে সন্তোষের ফাইনালে ৪৭ বার উঠল বাংলা। তারা ট্রফি জিতেছে ৩২ বার। অন্য দিকে, কেরল ১৬তম ফাইনালে উঠে অষ্টম ট্রফি জেতার লক্ষ্যে নামবে। বাংলা শেষ বার ২০১৬-১৭ মরসুমে ট্রফি জিতেছে। শেষ দু'বার, ২০১৭-১৮ এবং ২০২১-২২ মরসুমে তারা ফাইনালে হেরেছে এই কেরলেরই কাছে। গত দু'বার মূলপর্বেই উঠতে পারেনি বাংলা।বাংলার কোচ সঞ্জয় সেন জানিয়েছেন, অতীতের সাফল্যের কথা ভাবছেনই না তিনি। বলেছেন, "সন্তোষের ফাইনালে ওঠা হয়তো অন্য দলগুলির কাছে কৃতিত্বের হতে পারে। তবে আমাদের কাছে নয়। বাংলার কাছে ফাইনালে ওঠার অর্থ শূন্য। আমরা ৩২ বার ট্রফি জিতেছি ঠিকই। তবে এখন সন্তোষ ট্রফি অনেক বড় প্রতিযোগিতা। অনেক বেশি রাজ্য খেলছে। অতীতের পারফরম্যান্সকে ছোট করে দেখছি না। তবে এখন ট্রফি জেতা অনেক কঠিন।"চলতি মরসুমে কেরল ৩৫ গোল করলে, বাংলা করেছে ২৭টি গোল।

কেরলের মহম্মদ আজসল (৯) সবচেয়ে বেশি গোল করেছেন। বাংলার রবি হাঁসদার রয়েছে ১১টি গোল। ফলে মঙ্গলবার দু'দলেরই আগ্রাসী ফুটবল দেখতে পাওয়ার কথা।

দু'দলই অপরাজিত থেকে ফাইনালে উঠেছে।স্ট্রাইকারদের প্রতি গোটা দলের অতিরিক্ত নির্ভর হয়ে পড়াই সঞ্জয়ের চিন্তা। বলেছেন, "স্ট্রাইকারদের ব্যাপারটা ভাল লাগতে পারে। তবে আমি শুধু জিততে চাই। কে গোল করল মাথায় রাখি না। ফাইনালে আমরা শুধু নরহরি বা রবির উপর নির্ভর করতে পারি না।"এ বারের সন্তোষের সর্বোচ্চ গোলদাতা রবি বলেছেন, "দারুণ প্রতিযোগিতা গিয়েছে আমার। এতগুলো গোল করব ভাবতে পারিনি। প্রথম বার ফাইনালে খেলতে নামছি। নিজের সেরাটা দিতে চাই।"

